সমাচরামো হ্যনতীতকালং যুধিষ্ঠিরো যদ্যপি নাহ কিঞ্চিৎ ॥২৩॥
যে নাথবন্তো হি ভবন্তি লোকাস্তে নাত্মনা কর্ম্ম সমারভন্তে।
তেষান্তু কার্য্যেষু ভবন্তি নাথাঃ শিব্যাদয়ো রাম! যথা যযাতেঃ ॥২৪॥
যেষাং তথা রাম! সমারভন্তে কার্য্যাণি নাথাঃ স্বমতেন লোকে।
তে নাথবন্তঃ পুরুষপ্রবীরা নানাথবৎ কৃচ্ছ্রমবাপ্নুবন্তি ॥২৫॥
কস্মাদিমৌ রামজনার্দ্দনৌ চ প্রদ্যুম্নশাম্বৌ চ ময়া সমেতৌ।
বসন্ত্যবণ্যে সহ সোদরীয়ৈস্ত্রৈলোক্যনাথানধিগম্য পার্থাঃ ॥২৬॥

ভারতকৌমুদী

আক্ষেপাদ্‌ব্রবীতি—জিত ইতি। নিবস্তে নির্ব্বাসিতে। সীদতি বিদীর্য্যতে ॥২২॥
নেতি। পবিদেবনায় বিলাপায, যৎ উত্তবং পবকর্ত্তব্যম্। নাহ ন ব্রবীতি ॥২৩॥
য ইতি। নাথঃ সহাযঃ। আত্মনা স্বযম্। ভবন্তি প্রবৃত্তা ইতি শেষঃ ॥২৪॥
যেষামিতি। নাথাঃ সহাযাঃ। অনাথবৎ নিঃসহাযা ইব, কৃচ্ছ্রং কষ্টম্ ॥২৫॥
কস্মাদিতি। ত্রৈলোক্যনাথান্ বলপ্রভাবেণ ত্রিভুবনপ্রভুত্বযোগ্যান্ রামাদীন্ ॥২৬॥

ভার্য্যা, ভ্রাতা ও অনুচরবর্গেব সহিত ধর্ম্মপুত্র যুধিষ্ঠিব বিজিত ও নির্ব্বাসিত হইয়াছেন; আর (পাপাত্মা) দুর্য্যোধন বৃদ্ধি পাইতেছে, ইহাতে পর্ব্বতসমন্বিতা পৃথিবী বিদীর্ণ হইতেছেন না কেন?” ॥২২॥

সাত্যকি বলিলেন—“বলদেব! এটা বিলাপ করিবাব সময় নহে। যদিও যুধিষ্ঠিব কিছু বলিতেছেন না, তথাপি আমরা সকলেই অবিলম্বে সেখানে যাইয়া—যাহা পরকর্ত্তব্য, তাহাই করি ॥২৩॥

কারণ, যে সকল লোক সহায়সম্পন্ন হন, তাঁহাবা নিজেবা কোন কর্ম্ম কবেন না। যেহেতু শিবিপ্রভৃতি যেমন যযাতিব কার্য্যে প্রবৃত্ত হইয়াছিলেন, তেমন সহায় লোকেরাই তাঁহাদের কার্য্যে প্রবৃত্ত হইয়া থাকে ॥২৪॥

বলদেব! জগতে সহায় লোকেরা আপন আপন মত অনুসাবে যাঁহাদের কার্য্য কবে, সেই সহায়সম্পন্ন প্রধান পুরুষেবা নিঃসহায়ের ন্যায় কষ্ট অনুভব কবেন না ॥২৫॥

আমার সহিত এই বাম ও কৃষ্ণ এবং প্রদ্যুম্ন ও শাম্ব, আমবা এই কয়

---

(২২) ইতঃ পবম্ ‘...একোনবিংশত্যধিকশততমোঽধ্যাযঃ’—বা ব কা, ‘...বিংশত্যধিকশততমোঽধ্যাযঃ’—পি নি। (২৪)...শৈব্যাদয়ো রাম!—নি।

নির্ষাতু সাধ্বস্য দশার্হসেনা প্রভূতনানায়ুধচিত্রবর্ম্মা।
যমক্ষয়ং গচ্ছতু ধার্ত্তরাষ্ট্রঃ সবান্ধবো বৃষ্ণিবলাভিভূতঃ ॥২৭॥
ত্বং হ্যেব কোপাৎ পৃথিবীমপীমাং বিনাশয়েস্তিষ্ঠতু শার্ঙ্গধন্বা।
স ধার্ত্তরাষ্ট্রং জহি সানুবন্ধং বৃত্রং যথা দেবপতির্ম্মহেন্দ্রঃ ॥২৮॥
ভ্রাতা চ মে যঃ স সখা গুরুশ্চ জনার্দ্দনস্যাত্মসমশ্চ পার্থঃ।
যদর্থমৈচ্ছন্মনুজঃ সুপুত্রং শিষ্যং গুরুশ্চাপ্রতিকূলবাদম্ ॥২৯॥
যদর্থমভ্যুদ্যতমুত্তমং তৎ করোতি কর্ম্মাগ্র্যমপারণীয়ম্।
তস্যাস্ত্রবর্ষাণ্যহমুত্তমাস্ত্রৈর্বিহত্য সর্ব্বাণি রণেঽভিভূয় ॥৩০॥

ভারতকৌমুদী

নির্যাত্বিতি। দশার্হাণাং বৃষ্ণীনাং সেনা। যমক্ষয়ং যমালয়ম্ ॥২৭॥

ত্বমিতি। ত্বমেক এবেতি ভাবঃ। শার্ঙ্গধন্বা কৃষ্ণঃ। বৃত্রং বৃত্রাসুরম্ ॥২৮॥

ভ্রাতেতি। যো মে ভ্রাতা পিতৃবস্বপুত্রসম্পর্কাৎ, সখা সৌহার্দ্দাৎ, গুরুশ্চ অস্ত্রশিক্ষাদানাৎ, জনার্দ্দনস্য কৃষ্ণস্য চ আত্মসমঃ সখা, স পার্থোঽর্জ্জুনশ্চ, তিষ্ঠত্বিতি পূর্ব্বানুবৃত্তিঃ। যেন হি মনুজঃ, যদর্থং স্বকার্য্যকরণার্থম্, সুপুত্রম্, ঐচ্ছৎ, গুরুশ্চ অপ্রতিকূলবাদং শিষ্যম্ ঐচ্ছৎ। অর্জ্জুনশিষ্যোঽহমর্জ্জুনস্য তৎ কার্য্যং করিষ্যামীতি শেষঃ ॥২৯॥

অথ বিপক্ষঃ কর্ণোঽস্তীতি চেত্তত্রাহ—যদর্থমিতি। যেন কর্ণেন যদর্থং দুর্য্যোধনবিপক্ষ-

ভারতভাবদীপঃ

অস্তমুখা ইতি ছেদঃ ॥২১—২৩॥ নাথবন্ত ঐশ্বর্য্যবন্তঃ। ভাবে ঘঙ্, নাথনা ন স্বয়ং নাথাঃ কার্য্যসাধকাঃ, শিব্যাদয় ইত্যেবপাঠঃ, শৈব্যাদয় ইতি পাঠে তু স্বার্থে ষ্যঙ্ ॥২৪—২৯॥ স

জনই ত্রিভুবনেরও প্রভুত্ব করিতে পারি; সুতরাং আমাদিগকে পাইয়া পাণ্ডবগণ কেন আত্মীয়গণের সহিত বনে বাস করিতেছেন? ॥২৬॥

সুতরাং অদ্যই বৃষ্ণিসেনা বিচিত্র বর্ম্ম পরিধান করিয়া এবং প্রচুর পরিমাণে নানাবিধ অস্ত্র লইয়া সুন্দরভাবে নির্গত হউক; পরে বান্ধবগণের সহিত দুর্য্যোধন বৃষ্ণিসৈন্যে আক্রান্ত হইয়া যমালয়ে গমন করুক ॥২৭॥

অথবা কৃষ্ণ (প্রভৃতি) থাকুন; আপনি একাই ত ক্রোধে এই পৃথিবীটাকেও বিনাশ করিতে পারেন, সুতরাং দেবরাজ ইন্দ্র যেমন বৃত্রাসুরকে বধ করিয়াছিলেন, তেমন আপনিই অনুচরবর্গের সহিত দুর্য্যোধনকে বধ করুন ॥২৮॥

যিনি আমার ভ্রাতা, সখা ও গুরু এবং কৃষ্ণের আত্মতুল্য সুহৃৎ, সেই অর্জ্জুনও থাকুন। কারণ, মানুষ যে জন্য সুপুত্র ইচ্ছা করে এবং গুরু যে জন্য অপ্রতিকূলবাদী শিষ্য ইচ্ছা করেন, তাহা আমিই করিব; কেন না, আমি অর্জ্জুনের শিষ্য ॥২৯॥

---

(২৮)…সংবেষ্টয়েস্তিষ্ঠতু শার্ঙ্গধন্বা—বা ব কা নি। (২৯)…যদর্থমৈচ্ছন্ মনুজাঃ—বা ব কা।

কোপাচ্ছিরঃ সর্পবিষাগ্নিকল্পৈঃ শরোত্তমৈরুন্মথিতাস্মি রাম ! ।
খড়্গেন চাহং নিশিতেন সংখ্যে কায়াচ্ছিরস্তস্য বলাৎ প্রমথ্য ॥৩১॥
ততোঽস্য সর্ব্বাননুগান্ হনিষ্যে দুর্য্যোধনঞ্চাপি কুরূংশ্চ সর্ব্বান্ ।
আত্তায়ুধং মামিহ রৌহিণেয় ! পশ্যন্তু ভৈমা যুধি জাতহর্ষাঃ ॥৩২॥
নিঘ্নন্তমেকং কুরুযোধমুখ্যানগ্নিং মহাকক্ষমিবান্তকালে ।
প্রদ্যুম্নমুক্তান্ নিশিতান্ ন শক্তাঃ সোঢ়ুং কৃপদ্রোণবিকর্ণকর্ণাঃ ॥৩৩॥
(কলাপকম্)

জানামি বীর্য্যঞ্চ জয়াত্মজস্য কাষ্ণির্ভবত্যেষ যথা রণস্থঃ ।
শাম্বঃ সসূতং সরথং ভুজাভ্যাং দুঃশাসনং শাস্তু বলাৎ প্রমথ্য ॥৩৪॥

ভারতকৌমুদী

জয়ার্থম্, উত্তমমস্ত্রম্ অভ্যুদ্যতম, যশ্চ কর্ণঃ অন্যৈরপাবণীয়ম্, অগ্র্যং শ্রেষ্ঠং তৎ দুর্য্যোধনবিপক্ষবিজয়-রূপং কর্ম্ম করোতি, অহমুত্তমাস্ত্রৈঃ রণে তস্য সর্ব্বাণি অস্ত্রবর্ষাণি বিহত্য, তঞ্চাভিভূয়, কোপাৎ, সর্পবিষাগ্নিকল্পৈঃ শরোত্তমৈঃ, তস্য শিরঃ উন্মথিতাস্মি বিদলিষ্যামি। অথবা হে রাম। অহং সংখ্যে যুদ্ধে বলাৎ নিশিতেন খড়্গেন তস্য কায়াৎ শিরঃ প্রমথ্য নিপাত্য, ততঃ অস্য কর্ণস্য সর্ব্বান্ অনুগান্, দুর্য্যোধনঞ্চ, অন্যান্ সর্ব্বান্ কুরূংশ্চাপি হনিষ্যে। হে রৌহিণেয়। রাম ! ভৈমা ভীমপক্ষীয়া যোধাঃ, জাতহর্ষাঃ সন্তঃ, অন্তকালে মহাকক্ষং মহাশুষ্কবনম্, নিঘ্নন্তং দহন্তমগ্নিমিব, ইহ যুধি, আত্তায়ুধং গৃহীতাস্ত্রম্, কুরুযোধমুখ্যান্ নিঘ্নন্তম্ একং মামেব পশ্যন্তু। কিঞ্চ, কৃপদ্রোণবিকর্ণকর্ণা অপি প্রদ্যুম্নমুক্তান্ নিশিতান্ বাণান্ সোঢ়ুং ন শক্তা ভবেয়ুঃ ॥৩০ – ৩৩॥

জানামীতি। এষ কাষ্ণিঃ কৃষ্ণপুত্রঃ প্রদ্যুম্নঃ, রণস্থো যথা ভবতি, তথা ভূতস্য জয়াত্মজস্য অর্জ্জুনপুত্রস্য অভিমন্যোশ্চ বীর্য্যং জানামি ॥৩৪॥

বলদেব ! যে কর্ণ যে জন্য উত্তম অস্ত্র সকল ধারণ করিয়াছে এবং যে কর্ণ অন্যের অসাধ্য সেই শ্রেষ্ঠ কার্য্য সম্পাদনও করিয়া থাকে, আমি উত্তম উত্তম অস্ত্রদ্বারা যুদ্ধে সেই কর্ণের সমস্ত অস্ত্রবর্ষণ প্রতিহত করিয়া এবং তাহাকে পরাভূত করিয়া, সর্পবিষ ও অগ্নির তুল্য তীক্ষ্ণ উত্তম বাণসমূহ দ্বারা ক্রোধে তাহার মস্তক বিদীর্ণ করিব; কিংবা আমি নিশিত তরবারিদ্বারা যুদ্ধে বলপূর্ব্বক তাহার দেহ হইতে মস্তক বিচ্ছিন্ন করিয়া, তৎপরে তাহার সমস্ত অনুচর, দুর্য্যোধন এবং সমস্ত কৌরবকে বিনাশ করিব। রোহিণীনন্দন ! তৎকালে ভীমপক্ষীয় লোকেরা আনন্দিত হইয়া দেখিবে যে, প্রলয়কালে অগ্নি যেমন শুষ্ক মহাবন দগ্ধ করে, আমি একাকী অস্ত্র ধারণ করিয়া সেইরূপই সেই যুদ্ধে কুরুপক্ষীয় যোদ্ধৃশ্রেষ্ঠদিগকে বিনাশ করিতেছি। তা'র পর, কৃপ, দ্রোণ, বিকর্ণ ও কর্ণ—ইহারা প্রদ্যুম্ননিক্ষিপ্ত বাণ সহ্য করিতে পারিবেন না ॥৩০—৩৩॥

ন বিদ্যতে জাম্ববতীসুতস্য রণেঽবিষহ্যং হি রণোৎকটস্য।
এতেন বালেন হি শম্বরস্য দৈত্যস্য সৌভং সহসা প্রণুন্নম্ ॥৩৫॥
বৃত্তোরুবত্যায়তপীনবাহুরেতেন সংখ্যে নিহতোঽশ্বচক্রঃ।
কো নাম শাম্বস্য মহারথস্য রণে সমক্ষং রথমভ্যুদীয়াৎ ॥৩৬॥
যথা প্রবিশ্যান্তরমন্তকস্য কালে মনুষ্যো ন বিনিষ্ক্রমেত।
তথা প্রবিশ্যান্তরমস্য সংখ্যে কো নাম জীবন্ পুনরাব্রজেচ্চ ॥৩৭॥
দ্রোণঞ্চ ভীষ্মঞ্চ মহারথৌ তৌ সুতৈর্বৃতঞ্চাপ্যথ সোমদত্তম্।
সর্ব্বাণি সৈন্যানি চ বাসুদেবঃ প্রধক্ষ্যতে সায়কবহ্নিজালৈঃ ॥৩৮॥

ভাবতকৌমুদী

নেতি। জাম্ববতীসুতস্য শাম্বস্য, অবিষহ্যমজয্যমিত্যর্থঃ। সৌভং বিমানম্ ॥৩৫॥
বৃত্তেতি। বৃত্তৌ গোলৌ উরূ যস্য সঃ, অত্যাযতপীনৌ অতিদীর্ঘস্থূলৌ বাহূ যস্য সঃ। সংখ্যে যুদ্ধে, অশ্বচক্রো নাম বীরঃ। রথম্ আদাযেতি শেষঃ ॥৩৬॥
যথেতি। অন্তকস্য অন্তরং বাহুমধ্যম্। সংখ্যে অন্তরং যুদ্ধস্য মধ্যম্ ॥৩৭॥
দ্রোণমিতি। বাসুদেবস্য সর্ব্বসংহারসামর্থ্যমনেন সূচিতম্ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

পার্থোঽপি তিষ্ঠত্বিতি পূর্ব্বেণান্বয়ঃ, যদর্থং শক্রবধার্থম্ ॥২৯॥ তৎ সুপুত্রাদিকম্ অস্মাকমস্তীতি শেষঃ ॥৩০—৩১॥ ভৈমা ভীমকর্ম্মকর্ত্তারো ভীমবংশজা বা ॥৩২—৩৩॥ জযাত্মজস্যাভিমন্যোঃ

অর্জ্জুনের পুত্র অভিমন্যুর বলও আমি জানি,—যুদ্ধে থাকিয়া এই প্রদ্যুম্ন যেমন হয়, অভিমন্যুও তেমনই হইতে পারিবে। তা'র পর, শাম্ব বাহুযুগলদ্বারা বলপূর্ব্বক অভিভূত করিয়া রথ ও সারথির সহিত দুঃশাসনকে নিগৃহীত করুক ॥৩৪॥

যুদ্ধে যুদ্ধমত্ত শাম্বের কিছুই অসহ্য নাই। কারণ, এই শাম্বই বাল্যকালে শম্বরাসুরের বিমানখানাকে হঠাৎ বিনষ্ট করিয়াছিল ॥৩৫॥

তা'র পর, যাহার উরুযুগল গোল এবং বাহুযুগল অতিশয় দীর্ঘ ও স্থূল ছিল, সেই অশ্বচক্রকেও এই শাম্বই যুদ্ধে বিনাশ করিয়াছিল; সুতরাং যুদ্ধে মহারথ শাম্বের সমক্ষে কোন্ ব্যক্তি রথ লইয়া আসিতে পারিবে? ॥৩৬॥

আয়ুঃশেষকালে যমের বাহুযুগলের মধ্যে প্রবেশ করিয়া মানুষ যেমন নির্গত হইতে পারে না, তেমন শাম্বের যুদ্ধমধ্যে প্রবেশ করিয়া কোন্ ব্যক্তি জীবিত অবস্থায় আবার ফিরিয়া আসিতে পারিবে? ॥৩৭॥

তা'র পর, কৃষ্ণ বাণবহ্নিসমূহদ্বারা মহারথ ভীষ্ম ও দ্রোণকে এবং পুত্রগণে পরিবেষ্টিত সোমদত্তকে, আর সমস্ত সৈন্যকে দগ্ধই করিয়া ফেলিবেন ॥৩৮॥

কিং নাম লোকেষ্ববিষহ্যমস্তি কৃষ্ণস্য সর্ব্বেষু সদেবকেষু।
আত্তায়ুধস্যোত্তমবাণপাণেশ্চক্রায়ুধস্যাপ্রতিমস্য যুদ্ধে ॥৩৯॥
ততোঽনিরুদ্ধোঽপ্যসিচর্ম্মপাণির্মহীমিমাং ধার্ত্তরাষ্ট্রৈর্বিসংজ্ঞৈঃ।
কৃত্তোত্তমাঙ্গৈর্নিহিতৈঃ করোতু কীর্ণাং কুশৈর্বেদিমিবাধ্বরেষু ॥৪০॥
গদোল্মুকৌ বাহুকভানুনীথাঃ শূরশ্চ সংখ্যে নিশঠঃ কুমারঃ।
রণোৎকটৌ সারণচারুদেষ্ণৌ কুলোচিতং বিপ্রথয়ন্তু কর্ম্ম ॥৪১॥
সবৃষ্ণিভোজান্ধকযোধমুখ্যা সমাগতা সাত্বতশূরসেনা।
হত্বা রণে তান্ ধৃতরাষ্ট্রপুত্রান্ লোকে যশঃ স্ফীতমুপাকরোতু ॥৪২॥
ততোঽভিমন্যুঃ পৃথিবীং প্রশাস্তু যাবদ্‌ব্রতং ধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ।
যুধিষ্ঠিরঃ পারয়তে মহাত্মা দ্যূতে যথোক্তং কুরুসত্তমেন ॥৪৩॥

ভারতকৌমুদী

কিমিতি। দেবৈঃ সহেতি সদেবকাস্তেষু, বহুব্রীহৌ কপ্রত্যয়ঃ ॥৩৯॥
তত ইতি। কৃত্তোত্তমাঙ্গৈশ্ছিন্নমস্তকৈঃ, নিহিতৈর্ভূতলপাতিতৈঃ। কীর্ণাং ব্যাপ্তাম্ ॥৪০॥
গদেতি। গদাদীনি বৃষ্ণিবীরাণাং নামানি। বিপ্রথয়ন্তু প্রকাশয়ন্তু ॥৪১॥
সেতি। সাত্বতস্য যদুবংশস্য শূরসেনা বীরসৈন্যম্। উপাকরোতু উৎপাদয়তু ॥৪২॥
অথ ধার্ত্তরাষ্ট্রান্ বিজিত্য স্বয়মেব কিং তদীয়রাজ্যং গৃহ্লীমঃ। যেন বনবাসব্রতসমাপ্তেঃ পূর্ব্বং যুধিষ্ঠিরো রাজ্যং ন গৃহ্লীয়াদিত্যাহ—তত ইতি। পারয়তে সমাপয়তি ॥৪৩॥

কৃষ্ণ যখন উত্তম বাণ, চক্র বা অন্যান্য অস্ত্র ধারণ করেন, তখন যুদ্ধে উনি অতুলনীয়ই হন; সুতরাং দেবগণের সহিত সমস্ত জগতে কৃষ্ণের অসহ্য কি আছে? ॥৩৯॥

তা'র পর, যাজ্ঞিকেরা যেমন কুশদ্বারা যজ্ঞবেদি আস্তীর্ণ করেন, সেইরূপ অনিরুদ্ধও অসি-চর্ম্ম ধারণ করিয়া, মস্তকচ্ছেদনপূর্ব্বক ভূশায়িত করিয়া অচৈতন্য ধার্ত্তরাষ্ট্রগণদ্বারা এই পৃথিবীকে আস্তীর্ণ করুক ॥৪০॥

বীর গদ, উল্মুক বাহুক, ভানু, নীথ, কুমার নিশঠ এবং যুদ্ধমত্ত সারণ ও চারুদেষ্ণ—ইহারা যুদ্ধে বংশোচিত কার্য্য প্রকাশ করুক ॥৪১॥

যদুবংশীয় বীরবাহিনী বৃষ্ণি, ভোজ ও অন্ধকবংশীয় প্রধান প্রধান যোদ্ধার সহিত মিলিত হইয়া যাইয়া যুদ্ধে সেই ধৃতরাষ্ট্রপুত্রগণকে বধ করিয়া জগতে বিপুল যশ উৎপাদন করুক ॥৪২॥

তাহার পর ধার্ম্মিকশ্রেষ্ঠ মহাত্মা যুধিষ্ঠির দ্যূতক্রীড়ার সময়ে যেরূপ বলিয়াছিলেন, সেই অনুসারে যে পর্য্যন্ত বনবাসব্রত সমাপ্ত না করেন, সে পর্য্যন্ত অভিমন্যু যাইয়া কুরুরাজ্য শাসন করুক ॥৪৩॥

অস্মৎপ্রযুক্তৈর্বিশিখৈর্জিতাবিস্ততো মহীং ভোক্ষ্যতি ধর্ম্মরাজঃ।
নির্ধার্ত্তরাষ্ট্রাং হতসূতপুত্রামেতদ্ধি নঃ কৃত্যতমং যশস্যম্ ॥৪৪॥

বাসুদেব উবাচ।

অসংশয়ং মাধব ! সত্যমেতদ্‌গৃহ্লীম তে বাক্যমদীনসত্ত্ব।।
স্বাভ্যাং ভুজাভ্যামজিতান্তু ভূমিং নেচ্ছেৎ কুরূণামৃষভঃ কথঞ্চিৎ ॥৪৫॥
ন হ্যেষ কামান্ন ভয়ান্ন লোভাদ্‌যুধিষ্ঠিরো জাতু জহ্যাৎ স্বধর্ম্মম্।
ভীমার্জ্জুনৌ চাতিরথৌ যমৌ চ তথৈব কৃষ্ণা দ্রুপদাত্মজেয়ম্ ॥৪৬॥
উভৌ হি যুদ্ধেঽপ্রতিমৌ পৃথিব্যাং বৃকোদরশ্চৈব ধনঞ্জয়শ্চ।
কস্মান্ন কৃৎস্নাং পৃথিবীং প্রশাসেন্মাদ্রীসুতাভ্যাঞ্চ পুরস্কৃতোঽয়ম্ ॥৪৭॥
যদা তু পাঞ্চালপতির্মহাত্মা সকেকয়শ্চেদিপতির্বয়ঞ্চ।
যুধ্যেম বিক্রম্য রণে সমেতাস্তদৈব সর্ব্বে রিপবো হি ন স্যুঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

অস্মদিতি। জিতা অবরঃ অপরেঽপি শত্রবো যস্য সঃ। যশস্যং যশস্করম্ ॥৪৪॥
অসংশয়মিতি। হে মাধব। মধুদেশজাত। সাত্যকে! হে অদীনসত্ত্ব। অনল্পবল।।
কুরূণামৃষভঃ শ্রেষ্ঠো যুধিষ্ঠিরঃ, নেচ্ছেৎ, কাপুরুষতাপাতাদিত্যাশয়ঃ ॥৪৫॥
তর্হি স্বযমেব নির্বাহ্যিত্যাহ—নেতি। জাতু কদাচিৎ, জহ্যাৎ ত্যজেৎ ॥৪৬॥
অন্যথা যুষ্মদুপদেশং বিনাপি স্বযমেবাসৌ রাজ্যং গৃহ্লীযাদিত্যাহ—উভাবিতি ॥৪৭॥
তর্হি কদাসৌ রাজ্যং গৃহ্লীযাদিত্যাহ—যদেতি। সমেতা মিলিতাঃ। ন স্যুর্ন তিষ্ঠেযুঃ ॥৪৮॥

তা'র পর (বনবাসব্রত সমাপ্ত হইয়া গেলে), যুধিষ্ঠির যাইয়া রাজ্য পালন করিবেন; তখন ধৃতরাষ্ট্রের পুত্রগণ ও কর্ণ থাকিবে না এবং আমরা বাণদ্বারা তৎকালীন শত্রুদিগকেও জয় করিয়া দিব। ইহাই আমাদের কার্য্যের মধ্যে প্রধান কার্য্য এবং কীর্ত্তিজনক কার্য্য" ॥৪৪॥

কৃষ্ণ বলিলেন—"মহাবল সাত্যকি! তোমার এই সত্য বাক্য আমরা নিঃসন্দেহেই গ্রহণ করিতাম বটে; কিন্তু কৌরবশ্রেষ্ঠ যুধিষ্ঠিরই যে আপন বাহু-বলে অবিজিত রাজ্য কোন প্রকারেই গ্রহণ করিতে ইচ্ছা করিবেন না ॥৪৫॥

এই যুধিষ্ঠির ইচ্ছা, ভয় বা লোভবশতঃ কখনও স্বধর্ম্ম ত্যাগ করিবেন না কিংবা অতিরথ ভীম ও অর্জ্জুন এবং নকুল ও সহদেব, আর দ্রুপদনন্দিনী এই কৃষ্ণা —ইহারা স্বধর্ম্ম ত্যাগ করিবেন না ॥৪৬॥

না হইলে, ভীম ও অর্জ্জুন—ইঁহারা দুই জনই পৃথিবীর মধ্যে যুদ্ধে অতুলনীয়; তা'র পর নকুল-সহদেবও উঁহার (যুধিষ্ঠিরের) পিছনে রহিয়াছেন, এ অবস্থায় উনি সমগ্র পৃথিবী শাসন করেন না কেন ॥৪৭॥

যুধিষ্ঠির উবাচ।

নেদং চিত্রং মাধব। যদ্ব্রবীষি সত্যস্তু মে রক্ষ্যতমং ন রাজ্যম্।
কৃষ্ণস্তু মাং বেদ যথাবদেকঃ কৃষ্ণঞ্চ বেদাহমথো যথাবৎ ॥৪৯॥
যদৈব কালং পুরুষপ্রবীরো বেৎস্যত্যয়ং মাধব! বিক্রমস্য।
তদা রণে ত্বঞ্চ শিনিপ্রবীর! সুযোধনং জেষ্যসি কেশবশ্চ ॥৫০॥
প্রতিপ্রযান্ত্বদ্য দশার্হবীরা দৃষ্টোঽস্মি নাথৈর্নরলোকনাথৈঃ।
ধর্ম্মেঽপ্রমাদং কুরুতাপ্রমেয়াঃ! দ্রষ্টাস্মি ভূয়ঃ সুখিনঃ সমেতান্ ॥৫১॥

বৈশম্পায়ন উবাচ। *

তেঽন্যোন্যমামন্ত্র্য তথাভিবাদ্য বৃদ্ধান্ পরিষ্বজ্য শিশূংশ্চ সর্ব্বান্।
যদুপ্রবীরাঃ স্বগৃহাণি জগ্মুস্তে চাপি তীর্থান্যনুসংবিচেরুঃ ॥৫২॥

ভারতকৌমুদী

নেতি। রক্ষ্যতমং রক্ষ্যেষু প্রধানম্। বেদ জানাতি। বেদ জানামি ॥৪৯॥
যদেতি। পুরুষপ্রবীরঃ কৃষ্ণঃ। বেৎস্যতি জ্ঞাস্যতি। হে শিনিপ্রবীর। সাত্যকে। ॥৫০॥
প্রতীতি। দশার্হবীরা যাদববীরা ভবন্তঃ। অপ্রমাদম্ অনবধানতারাহিত্যম্ ॥৫১॥
ত ইতি। বৃদ্ধানভিবাদ্য, সর্ব্বান্ শিশূংশ্চ পরিষ্বজ্য আলিঙ্গ্য ॥৫২॥

অতএব মহাত্মা দ্রুপদ, কেকয়রাজ, চেদিরাজ এবং আমরা—এই সকলে মিলিত হইযা যুদ্ধে বিক্রম প্রকাশ করিযা যখনই যুদ্ধ করিব, তখনই সমস্ত শত্রু তিরোহিত হইবে (এবং তখনই উনি রাজ্য গ্রহণ করিবেন)" ॥৪৮॥

যুধিষ্ঠির বলিলেন—"সাত্যকি! তুমি যাহা বলিলে, তাহা আশ্চর্য্য নহে; কিন্তু সত্যই আমার রক্ষণীয়ের মধ্যে শ্রেষ্ঠ, রাজ্য নহে। একমাত্র কৃষ্ণই আমাকে যথাযথভাবে জানেন, আমিও কৃষ্ণকে যথাযথভাবে জানি ॥৪৯॥

অতএব সাত্যকি! এই পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ যখনই বিক্রমপ্রকাশের সময় হইয়াছে বলিয়া মনে করিবেন, তখনই তুমি ও কৃষ্ণ যুদ্ধে দুর্য্যোধনকে জয় করিবে ॥৫০॥

অতএব আজ যদুবংশীয় বীরগণ প্রতিগমন করুন; কেন না, তোমরা মর্ত্ত্যলোকের মধ্যে প্রভু এবং আমার সহায়, তোমাদের সহিত আমার সাক্ষাৎ হইয়া গিয়াছে। হে অসাধারণ বীরগণ! আপনারা ধর্ম্মের প্রতি সাবধান থাকিবেন, আবার আমি আপনাদিগকে সুখী ও সমাগত দেখিব" ॥৫১॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যাদবগণ ও পাণ্ডবগণ পরস্পর সম্ভাষণ, বৃদ্ধদিগকে অভিবাদন এবং সকল কনিষ্ঠদিগকে আলিঙ্গন করিলেন, তৎপরে

---

* অয়ং পাঠো নাস্তি বা ব কা পি।

বিসৃজ্য কৃষ্ণং ত্বথ ধর্ম্মরাজো বিদর্ভরাজোপচিতাং স্বতীর্থাম্ ।
জগাম পুণ্যাং সরিতং পয়োষ্ণীং সভ্রাতৃভৃত্যঃ সহ লোমশেন ॥৫৩॥
সুতেন সোমেন বিমিশ্রতোয়াং ততঃ পয়োষ্ণীং প্রতি সোঽধ্যুবাস ।
দ্বিজাতিমুখ্যৈর্মুদিতৈর্মহাত্মা সংস্তূয়মানঃ স্তুতিভির্বরাভিঃ ॥৫৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং যাদবগমনে শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

বিসৃজ্যেতি। বিদর্ভরাজেন উপচিতাং বর্দ্ধিতাম্, শোভনানি তীর্থানি ঘট্টানি যস্যাং তাম্ ॥৫৩॥

সুতেনেতি। সুতেন যজ্ঞার্থে নির্ম্মিতেন, সোমেন সোমরসেন ॥৫৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং শততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

॥৩৪—৪৪॥ মাধব! মধুদেশো মথুরাপ্রদেশস্তত্র জাত! ॥৪৫—৫৩॥ সুতেন অভিষুতেন, যজ্ঞে সোমপানতুল্যং তজ্জলপানমিত্যর্থঃ। পয়োষ্ণীং প্রতি পযোষ্ণ্যাম্, পযোমাত্রমধ্যুবাস ভক্ষিতবান্ ॥৫৪॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে শততমোঽধ্যায়ঃ ॥১০০॥

—:*:—

যাদবগণ আপন আপন গৃহে চলিয়া গেলেন; আর পাণ্ডবগণ তীর্থের দিকেই প্রস্থান করিলেন ॥৫২॥

তাহার পর, যুধিষ্ঠির কৃষ্ণকে বিদায় দিয়া ভ্রাতৃগণ, ভৃত্যগণ ও লোমশমুনির সহিত মিলিত হইয়া বিদর্ভরাজকর্তৃক বর্দ্ধিত ও সুন্দর ঘট্টযুক্ত পবিত্র পয়োষ্ণীনদীতে গমন করিলেন ॥৫৩॥

যাহার জলে যজ্ঞীয় সোমরস মিশ্রিত ছিল, সেই পয়োষ্ণীনদীতে যাইয়া মহাত্মা যুধিষ্ঠির তাহার তীরে বাস করিতে লাগিলেন; তখন শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ আনন্দিত হইয়া মনোহর স্তুতিবাক্যে তাঁহার স্তব করিতে থাকিলেন ॥৫৪॥

—:*:—

* '...বিংশত্যধিকশততমঃ...'—বা ব কা, '...একবিংশত্যধিকশততমঃ...'—পি নি।

একাধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

লোমশ উবাচ।

নৃগেণ যজমানেন সোমেনেহ পুরন্দরঃ।
তর্পিতঃ শ্রূয়তে রাজন্। স তৃপ্তো মুদমভ্যগাৎ ॥১॥
ইহ দেবৈঃ সহেন্দ্রৈশ্চ প্রজাপতিভিরেব চ।
ইষ্টং বহুবিধৈর্যজ্ঞৈর্মহদ্ভির্ভূরিদক্ষিণৈঃ ॥২॥
আমূর্ত্তরয়সশ্চেহ রাজা বজ্রধরং প্রভুম্।
তর্পয়ামাস সোমেন হয়মেধেষু সপ্তসু ॥৩॥
তস্য সপ্তসু যজ্ঞেষু সর্ব্বমাসীদ্ধিরণ্ময়ম্।
বানস্পত্যঞ্চ ভৌমঞ্চ যদ্দ্রব্যং নিয়তং মখে ॥৪॥
চষালযূপচমসাঃ স্থাল্যঃ পাত্র্যঃ স্রুচঃ স্রুবাঃ।
তেষ্বেব চাস্য যজ্ঞেষু প্রয়োগাঃ সপ্ত বিশ্রুতাঃ ॥৫॥

ভারতকৌমুদী

নৃগেণেতি। নৃগেণ নৃগনাম্না রাজ্ঞা, যজমানেন যজ্ঞং কুর্ব্বতা, সোমেন সোমরসেন ॥১॥
ইহেতি। ইন্দ্রেণ সহেতি সহেন্দ্রাস্তৈঃ, প্রজাপতিভিঃ কশ্যপাদিভিঃ ॥২॥
আমূর্ত্তেতি। অমূর্ত্তরয়সোঽপত্যম্ আমূর্ত্তরয়সো গয়ঃ, বজ্রধরমিন্দ্রম্ ॥৩॥
তস্যেতি। হিরণ্ময়ং স্বর্ণময়ম্। বানস্পত্যং কাষ্ঠময়ম্, ভৌমং মৃন্ময়ম্ ॥৪॥

লোমশ বলিলেন—"রাজা! আমরা শুনিতে পাই যে, এইখানে নৃগরাজা যজ্ঞ করিবার সময়ে সোমরস দ্বারা ইন্দ্রকে পরিতৃপ্ত করিয়াছিলেন এবং ইন্দ্রও তৃপ্ত হইয়া সর্ব্বপ্রকারে আনন্দিত হইয়াছিলেন ॥১॥

আর, ইন্দ্রের সহিত দেবতারা এবং প্রজাপতিরাও এইখানেই প্রচুর দক্ষিণাযুক্ত নানাবিধ বৃহৎ বৃহৎ যজ্ঞ করিয়াছিলেন ॥২॥

এবং অমূর্ত্তরয়ার পুত্র গয়রাজাও এইখানেই সাতটী অশ্বমেধযজ্ঞে সোমরসদ্বারা দেবরাজকে পরিতৃপ্ত করিয়াছিলেন ॥৩॥

যজ্ঞে যে সকল দ্রব্য নিয়মিতভাবে কাষ্ঠময় ও মৃন্ময় হইয়া থাকে, তাহা সমস্তই গয়রাজার সেই সাতটী যজ্ঞে স্বর্ণময় হইয়াছিল ॥৪॥

(১) গয়েন যজমানেন—নি।

সপ্তৈকৈকস্য যূপস্য চষালাশ্চোপরিস্থিতাঃ।
তস্য স্ম যূপান্ যজ্ঞেষু ভ্রাজমানান্ হিরণ্ময়ান্ ॥৬॥
স্বয়মুত্থাপয়ামাসুর্দেবাঃ সেন্দ্রা যুধিষ্ঠির!।
তেষু তস্য মখাগ্র্যেষু গয়স্য পৃথিবীপতেঃ ॥৭॥
অমাদ্যদিন্দ্রঃ সোমেন দক্ষিণাভির্দ্বিজাতয়ঃ।
প্রসংখ্যানানসংখ্যেয়ান্ প্রত্যগৃহ্ণন্ দ্বিজাতয়ঃ ॥৮॥ (বিশেষকম্)
সিকতা বা যথা লোকে যথা বা দিবি তারকাঃ।
যথা বা বর্ষতো ধারা অসংখ্যেয়াঃ স্ম কেনচিৎ ॥৯॥
তথৈব তদসংখ্যেয়ং ধনং যৎ প্রদদৌ গয়ঃ।
সদস্যেভ্যো মহারাজ! তেষু যজ্ঞেষু সপ্তসু ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথ কিং কিং নাম তদ্দ্রব্যমিত্যাহ—চষালেতি। অস্য গয়স্য, তেষু সপ্তস্বেব যজ্ঞেষু, চষালো যূপকটকঃ যূপোপরিনির্ম্মিতো বলয়রূপো ডমরুরূপো বা কাষ্ঠবিশেষ ইত্যর্থঃ, যূপো যজ্ঞীয়পশু-বন্ধনস্তম্ভঃ, চমসঃ সোমরসপানপাত্রং তে, স্থাল্যঃ পাকপাত্রাণি, পাত্র্যঃ পক্বদ্রব্যরক্ষণপাত্রাণি, স্রুচো হবিঃপ্রক্ষেপপাত্রাণি, স্রুবা হবিঃস্থাপনপাত্রাণি চ, এতে সপ্তৈব, প্রযুজ্যন্ত ইতি প্রয়োগা উপকরণ-দ্রব্যাণি, বিশ্রুতা হিরণ্ময়ত্বেন আকর্ণিতাঃ ॥৫॥

সপ্তেতি। সপ্তসু যূপেষু একৈকস্যেতি সপ্তৈকৈকস্য। উপরিস্থিতা আসন্। মখাগ্র্যেষু যজ্ঞশ্রেষ্ঠেষু। প্রসংখ্যায়ন্তে অন্যৈর্গণ্যন্তে যে তে প্রসংখ্যানাঃ স্বর্ণাস্তান্, "পঞ্চকৃষ্ণলকো মাষস্তে স্বর্ণস্তু ষোড়শ" ইতি মনুপরিভাষিতাঃ স্বর্ণমুদ্রা ইত্যর্থঃ। অতএব পুংস্ত্বম্ ॥৬—৮॥

সিকতা ইতি। সিকতা বালুকাঃ। বর্ষতো মেঘস্য। গয়ো রাজা ॥৯—১০॥

ভারতভাবদীপঃ

নৃগেণেতি ॥১—২॥ আমূর্ত্তরয়সো গয়নামা ॥৩॥ বানস্পত্যং বৃক্ষজং চষালাদি, ভৌমং মৃন্ময়ং স্থাল্যাদি ॥৪॥ চষালো যূপকটকঃ। যূপো যজ্ঞস্তম্ভঃ। চমসাঃ সোমপানপাত্রাণি। পাত্র্যো হবিঃস্থাপনার্থানি মৃন্ময়ানি পাত্রাণি। স্রুচঃ হবিঃপ্রদানার্থাঃ। স্রুবাঃ হবিরবদানার্থাঃ

সুতরাং গয়রাজার সেই সাতটী যজ্ঞেই চষাল, যূপ, চমস, স্থালী, পাত্র, স্রুক্ ও স্রুব—এই সাতটী বস্তুই স্বর্ণময় হইয়াছিল বলিয়া শুনা যায় ॥৫॥

সাতটী যূপের মধ্যে প্রত্যেক যূপের উপরেই চষাল ছিল এবং যুধিষ্ঠির! গয়রাজার যজ্ঞের সেই স্বর্ণময় উজ্জ্বল যূপগুলিকে ইন্দ্রপ্রভৃতি দেবতারা নিজেরাই তুলিয়াছিলেন এবং গয়রাজার সেই শ্রেষ্ঠ যজ্ঞগুলিতে ইন্দ্র সোমরস পান করিয়া, আর ব্রাহ্মণেরা দক্ষিণা লাভ করিয়া আনন্দে মত্ত হইয়াছিলেন; আর ব্রাহ্মণেরা অসংখ্য স্বর্ণমুদ্রা প্রতিগ্রহ করিয়াছিলেন ॥৬—৮॥

মহারাজ! ভূতলের বালি, আকাশের নক্ষত্র এবং মেঘের বৃষ্টিধারা যেমন

ভবেৎ। সংখ্যেয়মেতদ্ধি যদেতৎ পরিকীর্ত্তিতম্।
ন তস্য শক্যাঃ সংখ্যাতুং দক্ষিণা দক্ষিণাবতঃ ॥১১॥
হিরণ্ময়ীভির্গোভিশ্চ কৃতাভির্বিশ্বকর্ম্মণা।
ব্রাহ্মণাংস্তর্পয়ামাস নানাদিগ্‌ভ্যঃ সমাগতান্ ॥১২॥
অল্পাবশেষা পৃথিবী চৈত্যৈবাসীন্মহাত্মনঃ।
গয়স্য যজমানস্য তত্র তত্র বিশাংপতে! ॥১৩॥
স লোকান্ প্রাপ্তবানৈন্দ্রান্ কর্ম্মণা তেন ভারত!।
সলোকতাং তস্য গচ্ছেৎ পয়োষ্ণ্যাং য উপস্পৃশেৎ ॥১৪॥
তস্মাত্ত্বমত্র রাজেন্দ্র! ভ্রাতৃভিঃ সহিতোঽচ্যুত!।
উপস্পৃশ্য মহীপাল! ধূতপাপ্মা ভবিষ্যসি ॥১৫॥

ভারতকৌমুদী

ভবেদিতি। এতৎ সিকতাদিকম্। দক্ষিণাবতঃ প্রশস্তদক্ষিণস্য যজ্ঞস্য ॥১১॥
হিরণ্ময়ীভিরিতি। হিরণ্ময়ীভিঃ স্বর্ণময়ীভিঃ। তর্পয়ামাস তোষয়ামাস ॥১২॥
অল্পেতি। চৈত্যৈর্যজ্ঞশালাভিঃ। যজমানস্য যজ্ঞং কুর্ব্বতঃ ॥১৩॥
স ইতি। স গয়ঃ। সলোকতাং সমানলোকবাসম্। উপস্পৃশেৎ স্নায়াৎ ॥১৪॥
তস্মাদিতি। হে অচ্যুত। ধর্ম্মপথাদভ্রষ্ট। উপস্পৃশ্য স্নাত্বা, ধূতপাপ্মা নিষ্পাপঃ ॥১৫॥

কেহই গণনা করিতে সমর্থ হয় না, তেমন সেই সাতটী যজ্ঞে গয়রাজা সদস্যদিগকে যে ধন দান করিয়াছিলেন, তাহাও কেহ গণনা করিতে সমর্থ হয় নাই ॥৯—১০॥

এই যেগুলি বলিলাম, যদিও এগুলির সংখ্যা করা যায়, তথাপি সেই প্রশস্ত দক্ষিণাযুক্ত যজ্ঞের দক্ষিণাগুলির সংখ্যা করা যায় নাই ॥১১॥

আর, গয়রাজা বিশ্বকর্ম্মনির্ম্মিত স্বর্ণময় গো দান করিয়া নানাদিক্ হইতে আগত ব্রাহ্মণদিগকে সন্তুষ্ট করিয়াছিলেন ॥১২॥

নরনাথ! মহাত্মা গয়রাজা সেই সেই স্থানে যে সকল যজ্ঞ করিয়াছিলেন, তাহার গৃহগুলিতে প্রায় ব্যাপ্ত হইয়া যাওয়ায় পৃথিবীর অল্পস্থানই অবশিষ্ট ছিল ॥১৩॥

ভরতনন্দন! তাহার পর গয়রাজা সেই সকল যজ্ঞের ফলে ইন্দ্রলোক লাভ করিয়াছিলেন। এই পয়োষ্ণীনদীতে যিনি স্নান করেন, তিনিও গয়রাজার সমান লোক লাভ করেন ॥১৪॥

অতএব ধার্ম্মিক রাজশ্রেষ্ঠ! তুমিও ভ্রাতাদের সহিত এই পয়োষ্ণীনদীতে স্নান করিয়া নিষ্পাপ হইবে” ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ।

স পয়োষ্ণ্যাং নরশ্রেষ্ঠঃ স্নাত্বা বৈ ভ্রাতৃভিঃ সহ।
বৈদূর্য্যপর্ব্বতঞ্চৈব নর্ম্মদাঞ্চ মহানদীম্।
সমাজগাম তেজস্বী ভ্রাতৃভিঃ সহিতোঽনঘ ! ॥১৬॥
তত্রাস্য সর্ব্বাণ্যাচখ্যৌ লোমশো ভগবানৃষিঃ।
তীর্থানি রমণীয়ানি পুণ্যান্যায়তনানি চ ॥১৭॥
যথাযোগং যথাপ্রীতি প্রযযৌ ভ্রাতৃভিঃ সহ।
তত্র তত্রাদদদ্বিত্তং ব্রাহ্মণেভ্যঃ সহস্রশঃ ॥১৮॥

লোমশ উবাচ।

দেবানামেতি কৌন্তেয় ! তথা রাজ্ঞাং সলোকতাম্।
বৈদূর্য্যপর্ব্বতং দৃষ্ট্বা নর্ম্মদামবতীর্য্য চ ॥১৯॥
সন্ধিরেষ নরশ্রেষ্ঠ ! ত্রেতায়া দ্বাপরস্য চ।
এতমাসাদ্য কৌন্তেয় ! সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥২০॥

ভারতকৌমুদী

স ইতি। পয়োষ্ণ্যাং নদ্যাম্। নরশ্রেষ্ঠো যুধিষ্ঠিরঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥
তত্রেতি। অস্য যুধিষ্ঠিরস্যান্তিকে, আচখ্যৌ বর্ণয়ামাস ॥১৭॥
যথেতি। যথাযোগং যথোপায়ম্। বিত্তং ধনম্ ॥১৮॥
দেবানামিতি। এতি প্রাপ্নোতি। সলোকতাং সমানলোকম্ ॥১৯॥
সন্ধিরিতি। এষ বৈদূর্য্যপর্ব্বতঃ, সন্ধিঃ সন্ধিসময়োৎপন্নঃ। অতএব মহাপুণ্যঃ ॥২০॥

বৈশম্পায়ন বলিলেন—নিষ্পাপ রাজা ! তাহার পর তেজস্বী যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত পয়োষ্ণীনদীতে স্নান করিয়া ভ্রাতাদের সহিতই বৈদূর্য্যপর্ব্বত ও মহানদী নর্ম্মদায় আগমন করিলেন ॥১৬॥

সেখানে উঁহার নিকটে ভগবান্ লোমশমুনি সকল মনোহর তীর্থ ও পুণ্য আয়তনগুলির বিষয় বলিলেন ॥১৭॥

তখন যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত মিলিত হইয়া যথাযোগ্য উপায়ে এবং প্রীতিসহকারে সেই সেই স্থানে গমন করিলেন এবং ব্রাহ্মণদিগকে সহস্র সহস্র ধন দান করিলেন ॥১৮॥

লোমশ বলিলেন—"কুন্তীনন্দন ! বৈদূর্য্যপর্ব্বত দর্শন করিয়া এবং নর্ম্মদানদীতে অবতীর্ণ হইয়া মানুষ দেবলোক ও রাজলোক লাভ করে ॥১৯॥

কারণ, নরশ্রেষ্ঠ কুন্তীনন্দন ! এই বৈদূর্য্যপর্ব্বত ত্রেতা ও দ্বাপরযুগের সন্ধিসময়ে জন্মিয়াছিল ; সুতরাং এই পর্ব্বতে যাইয়া মানুষ সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥২০॥

এষ শর্য্যাতিযজ্ঞস্য দেশস্তাত! প্রকাশতে।
সাক্ষাদ্‌যত্রাপিবৎ সোমমশ্বিভ্যাং সহ কৌশিকঃ ॥২১॥
চুকোপ ভার্গবশ্চাপি মহেন্দ্রস্য মহাতপাঃ।
সংস্তম্ভয়ামাস চ তং বাসবং চ্যবনঃ প্রভুঃ ॥২২॥
সুকন্যাঞ্চাপি ভার্য্যাং স রাজপুত্রীমবাপ্তবান্।
নাসত্যৌ চ মহাভাগ! কৃতবান্ সোমপীথিনৌ ॥২৩॥

যুধিষ্ঠির উবাচ।

কথং বিষ্টম্ভিতস্তেন ভগবান্ পাকশাসনঃ।
কিমর্থং ভার্গবশ্চাপি কোপং চক্রে মহাতপাঃ ॥২৪॥
নাসত্যৌ চ কথং ব্রহ্মন্! কৃতবান্ সোমপীথিনৌ।
এতৎ সর্ব্বং যথাবৃত্তমাখ্যাতু ভগবান্ মম ॥২৫॥

ভারতকৌমুদী

এষ ইতি। শর্য্যাতির্নাম রাজা তদ্‌যজ্ঞস্য। সোমং সোমরসম্, কৌশিক ইন্দ্রঃ ॥২১॥

চুকোপেতি। মহেন্দ্রস্য উপরি। বাসবমিন্দ্রম্। প্রভুস্তপঃপ্রভাবশালী ॥২২॥

সুকন্যামিতি। সুকন্যাং নাম। স চ্যবনঃ। নাসত্যৌ অশ্বিনীকুমারৌ। সোমস্য সোমরসস্য পীতং পানমনয়োরস্ত্যাস্তীতি তৌ, পৃষোদরাদিত্বাত্তকারস্য থকারঃ ॥২৩॥

কথমিতি। বিষ্টম্ভিতো বিশেষেণ স্তব্ধীকৃতঃ, তেন চ্যবনেন ॥২৪॥

নাসত্যাবিতি। বৃত্তং ঘটিতমনতিক্রম্যেতি যথাবৃত্তম্, আখ্যাতু ব্রবীতু ॥২৫॥

বৎস! এই শর্য্যাতিরাজার যজ্ঞস্থান প্রকাশ পাইতেছে; যেখানে দেবরাজ ইন্দ্র অশ্বিনীকুমারদ্বয়ের সহিত প্রত্যক্ষতঃ সোমরস পান করিয়াছিলেন ॥২১॥

এবং মহাতপা ও প্রভাবশালী ভৃগুনন্দন চ্যবন ইন্দ্রের উপরে ক্রুদ্ধ হইয়াছিলেন এবং তাঁহাকে স্তম্ভিত করিয়াছিলেন ॥২২॥

মহাভাগ! আর তিনি রাজকন্যা সুকন্যাকে ভার্য্যা লাভ করিয়াছিলেন এবং অশ্বিনীকুমারদিগকে সোমপায়ী করিয়াছিলেন" ॥২৩॥

যুধিষ্ঠির বলিলেন—"মহাতপা চ্যবনমুনি, মাহাত্ম্যশালী ইন্দ্রকে কেন স্তব্ধ করিয়াছিলেন? কি জন্যই বা তাঁহার উপরে কুপিত হইয়াছিলেন? ॥২৪॥

ব্রহ্মন্! আর তিনি কেন অশ্বিনীকুমারদিগকে সোমপায়ী করিয়াছিলেন? এই সমস্ত বিষয় আপনি যথাযথভাবে আমার নিকট বলুন" ॥২৫॥

---

(২৩) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি। (২৫) শ্লোকাৎ পরম্ '…একবিংশত্যধিকশত-তমোঽধ্যায়ঃ'—বা ব কা, '…দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—পি নি।

লোমশ উবাচ।

ভৃগোর্মহর্ষেঃ পুত্রোঽভূচ্চ্যবনো নাম ভারত!।
সমীপে সরসঃ সোঽস্য তপস্তেপে মহাদ্যুতিঃ ॥২৬॥
স্থাণুভূতো মহাতেজা বীরস্থানেন পাণ্ডব!।
অতিষ্ঠৎ সুচিরং কালমেকদেশে বিশাংপতে! ॥২৭॥
স বল্মীকোঽভবদৃষির্লতাভিরভিসংবৃতঃ।
কালেন মহতা রাজন্! সমাকীর্ণঃ পিপীলিকৈঃ ॥২৮॥
তথা স সংবৃতো ধীমান্ মৃৎপিণ্ড ইব সর্ব্বশঃ।
তপ্যতে স্ম তপো ঘোরং বল্মীকেন সমাবৃতঃ ॥২৯॥
অথ দীর্ঘস্য কালস্য শর্যাতির্নাম পার্থিবঃ।
আজগাম সরো রম্যং বিহর্ত্তুমিদমুত্তমম্ ॥৩০॥
তস্য স্ত্রীণাং সহস্রাণি চত্বার্য্যাসন্ পরিগ্রহে।
একৈব চ সুতা সুভ্রূঃ সুকন্যা নাম ভারত! ॥৩১॥

ভাবতকৌমুদী

ভৃগোরিতি। সরসো জলাশয়স্য। মহাদ্যুতির্মহাতেজাঃ ॥২৬॥
স্থাণ্বিতি। স্থাণুভূতঃ নিষ্পত্রশাখবৃক্ষবন্নিশ্চলঃ, বীরস্থানেন বীরাসনেন ॥২৭॥
স ইতি। বল্মীকো বল্মীকাবৃতদেহঃ। সমাকীর্ণো ব্যাপ্তঃ ॥২৮॥
তথেতি। সর্ব্বশঃ সর্ব্বাসু দিক্ষু, সংবৃতো লতাভিরাবৃতঃ, অতএব মৃৎপিণ্ড ইব স্থিতঃ ॥২৯॥
অথেতি। দীর্ঘস্য কালস্য অতিক্রমে সতীতি শেষঃ ॥৩০॥

লোমশ বলিলেন—"ভরতনন্দন। মহর্ষি ভৃগুর 'চ্যবন-'নামে একটী পুত্র হইয়াছিল, সেই মহাতেজা চ্যবন এই সরোবরের নিকটেই তপস্যা করিয়াছিলেন ॥২৬॥

নরনাথ পাণ্ডুনন্দন! মহাতেজা চ্যবন এই সরোবরেরই এক স্থানে বীরাসনে বসিয়া দীর্ঘকাল স্থাণুর ন্যায় অচল ছিলেন ॥২৭॥

রাজা! বহুকাল পরে তিনি উয়ীর মাটীতে আবৃত, লতায় আচ্ছাদিত এবং পিপীলিকায় ব্যাপ্ত হইয়াছিলেন ॥২৮॥

সেইভাবে লতা ও উয়ীর মাটীতে সকল দিকে আবৃত; সুতরাং মৃত্তিকাস্তূপের ন্যায় অবস্থিত চ্যবন ভয়ঙ্কর তপস্যা করিতে লাগিলেন ॥২৯॥

তাহার পর দীর্ঘকাল অতীত হইলে, 'শর্যাতি'-নামে এক রাজা এই মনোহর উত্তম সরোবরে বিহার করিতে আসিলেন ॥৩০॥

সা সখীভিঃ পবিবৃতা দিব্যাভরণভূষিতা।
চংক্রম্যমাণা বল্মীকং ভার্গবস্য সমাসদৎ ॥৩২॥
সা বৈ বসুমতীং তত্র পশ্যন্তী সুমনোবমাম্।
বনস্পতীন্ বিচিন্বন্তী বিজহাব সখীবৃতা ॥৩৩॥
রূপেণ বয়সা চৈব মদনেন মদেন চ।
বভঞ্জ বনবৃক্ষাণাং শাখাঃ পরমপুষ্পিতাঃ ॥৩৪॥
তাং সখীব্রহিতামেকামেকবস্ত্রামলঙ্কৃতাম্।
দদর্শ ভার্গবো ধীমাংশ্চবন্তীমিব বিদ্যুতম্ ॥৩৫॥
তাং পশ্যমানো বিজনে স বেমে পবমদ্যুতিঃ।
ক্ষামকণ্ঠশ্চ বিপ্রর্ষিস্তপোবলসমন্বিতঃ ॥৩৬॥
তামাবভাষে কল্যাণীং সা চাস্য ন শৃণোতি বৈ।
ততঃ সুকন্যা বল্মীকে দৃষ্ট্বা ভার্গবচক্ষুষী ॥৩৭॥

ভাবতকৌমুদী

তস্যেতি। পবিগ্রহে কলত্রস্থানে, "পরিগ্রহঃ কলত্রেঽপি মূল্যস্বীকাবয়োবপি" ইতি মেদিনী ॥৩১॥

সেতি। বল্মীকম্ আবরণকারিণমুদ্রীকামৃত্তিকাস্তূপম্ ॥৩২॥

সেতি। বসুমতীং সমন্ততঃ স্থানম্। বিচিন্বন্তী ফলানি বিচিন্বতী ॥৩৩॥

রূপেণেতি। রূপাদিনা সমন্বিতেতি শেষঃ ॥৩৪॥

তামিতি। একবস্ত্রামিত্যনেন বাযুনা বস্ত্রচালনে তদঙ্গদর্শনসম্ভব ইতি সূচিতম্ ॥৩৫॥

তামিতি। রেমে আননন্দ। ক্ষামকণ্ঠঃ অতিক্ষীণস্বরঃ, চিবভোজনাভাবেনাতিদুর্ব্বলত্বা-

---

ভবতনন্দন! সেই শর্য্যাতিবাজাব চাবি হাজার ভোগ্য স্ত্রী এবং 'সুকন্যা'-নামে পবমসুন্দরী একটী কন্যা ছিল ॥৩১॥

দিব্য অলঙ্কাবে অলঙ্কৃত সেই সুকন্যা সখীগণে পবিবেষ্টিত হইয়া বিচবণ করিতে কবিতে চ্যবনেব সেই বল্মীকমৃত্তিকাস্তূপের নিকটে আগমন করিল ॥৩২॥

সখীগণবেষ্টিতা সুকন্যা তখন অতিমনোহব স্থানগুলি দেখিতে থাকিয়া এবং বৃক্ষের ফল চয়ন কবিয়া কবিয়া বিচবণ কবিতে লাগিল ॥৩৩॥

রূপ, বয়স, কাম ও মদসম্পন্না সুকন্যা ক্রমে পুষ্পসমন্বিত বন্য বৃক্ষেব শাখাগুলিকে ভগ্ন করিতে লাগিল ॥৩৪॥

তখন জ্ঞানী চ্যবন—সখীবহিতা, একাকিনী, একবস্ত্রা ও অলঙ্কৃতা সেই সুকন্যাকে বিচরণশীলা বিদ্যুতের ন্যায় দর্শন কবিলেন ॥৩৫॥

মহাতেজা চ্যবন নির্জ্জনে তাহাকে দেখিযাই আনন্দিত হইলেন এবং

কৌতূহলাৎ কণ্টকেন বুদ্ধিমোহবলাৎ কৃতা।
কিন্নু খল্বিদমিত্যুক্ত্বা নির্বিভেদাস্য লোচনে ॥৩৮॥ (বিশেষকম্)
অক্রুধ্যৎ স তযা বিদ্ধে নেত্রে পরমমন্যুমান্।
ততঃ শর্য্যাতিসৈন্যস্য শকৃন্মূত্রে সমাবৃণোৎ ॥৩৯॥
ততো রুদ্ধে শকৃন্মূত্রে সৈন্যমানাহদুঃখিতম্।
তথাগতমভিপ্রেক্ষ্য পর্য্যপৃচ্ছৎ স পার্থিবঃ ॥৪০॥
তপোনিত্যস্য বৃদ্ধস্য রোষণস্য বিশেষতঃ।
কেনাপকৃতমদ্যেহ ভার্গবস্য মহাত্মনঃ।
জ্ঞাতং বা যদি বাঽজ্ঞাতং তদ্দ্রুতং ব্রূত মা চিরম্ ॥৪১॥

ভারতকৌমুদী

দিত্যাশযঃ। অতএব সা সুকন্যা অস্য চ্যবনস্যাভাষণং ন শৃণোতি স্ম। বুদ্ধিমোহবলাৎ কৃতা বুদ্ধিমোহাবিষ্টা। অস্য চ্যবনস্য ॥৩৬—৩৮॥

অক্রুধ্যদিতি। পরমমন্যুমান্ অতীবদৈন্যান্বিতঃ। সমাবৃণোৎ রুদ্ধবান্ ॥৩৯॥

তত ইতি। আনাহেন মলমূত্রবন্ধেন দুঃখিতম্। তথা তদ্রূপেণৈব আগতম্ ॥৪০॥

তপ ইতি। তপ এব নিত্যং সদাতনং যস্য তস্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥

ভারতভাবদীপঃ

॥৫—৭॥ প্রসংখ্যানান্ একযত্নেন ভূযঃস্বর্ণমুদ্রাদের্মাপকান্ খারীদ্রোণাদীন্ ॥৮—২৩॥ সোমস্য পীথঃ পানং তদ্বন্তৌ সোমপীথিনৌ ॥২৪॥ বীরস্থানেন বীরাসনেন ॥২৫—৩৫॥ ক্ষামকণ্ঠঃ ক্ষীণধ্বনিঃ ॥৩৬॥ অতএব সা তদ্বচনং ন শৃণোতি ॥৩৭—৩৯॥ আনাহো মলবিষ্টম্ভঃ ॥৪০—৫৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে একাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০১॥

তপোবলযুক্ত ব্রহ্মর্ষি সেই চ্যবন ক্ষীণস্বরে সেই কল্যাণী সুকন্যার সহিত কথা বলিয়া উঠিলেন; কিন্তু সুকন্যা চ্যবনের সে কথা শুনিতে পাইল না। তাহার পর সুকন্যা উয়ীর মাটীর ভিতরে চ্যবনের চোখ দুইটা দেখিয়া, 'এটা কি রে!' এই কথা বলিয়া কৌতুক ও বুদ্ধিমোহবশতঃ কণ্টক দ্বারা চ্যবনের নয়ন বিদ্ধ করিল ॥৩৬—৩৮॥

সুকন্যা নয়ন বিদ্ধ করিলে, চ্যবন অত্যন্ত বেদনা পাইয়া ক্রুদ্ধ হইলেন; তৎপরে তিনি তপঃপ্রভাবে শর্য্যাতিরাজার সৈন্যগণের মল-মূত্র রুদ্ধ করিলেন ॥৩৯॥

মল-মূত্র রুদ্ধ হইলে, সৈন্যগণ আনাহরোগে পীড়িত হইয়া সেইভাবেই যাইয়া রাজার নিকট উপস্থিত হইল, রাজা তাহা দেখিয়া জিজ্ঞাসা করিলেন— ॥৪০॥

"সর্ব্বদা তপস্যাকারী, বৃদ্ধ, বিশেষতঃ কোপনস্বভাব মহাত্মা চ্যবনের কোন অপকার আজ এখানে কেহ করিযাছ কি? জান বা না জান, তাহা সত্বর বল; বিলম্ব করিও না" ॥৪১॥

তমূচুঃ সৈনিকাঃ সর্ব্বে ন বিদ্মোঽপকৃতং বয়ম্।
সর্ব্বোপায়ৈর্যথাকামং ভবাংস্তদধিগচ্ছতু ॥৪২॥
ততঃ স পৃথিবীপালঃ সাম্না চোগ্রেণ চ স্বয়ম্।
পর্য্যপৃচ্ছৎ সুহৃদ্বর্গং পর্য্যজানন্ ন চৈব তে ॥৪৩॥
আনাহার্ত্তং ততো দৃষ্ট্বা তৎ সৈন্যমসুখার্দ্দিতম্।
পিতরং দুঃখিতং দৃষ্ট্বা সুকন্যেদমথাব্রবীৎ ॥৪৪॥
ময়াঽটন্ত্যেহ বল্মীকে দৃষ্টং সত্ত্বমভিজ্বলৎ।
খদ্যোতবদভিজ্ঞাতং তন্ময়া বিদ্ধমন্তিকাৎ ॥৪৫॥
এতচ্ছ্রুত্বা তু বল্মীকং শর্য্যাতিস্তূর্ণমভ্যগাৎ।
তত্রাপশ্যত্তপোবৃদ্ধং বয়োবৃদ্ধঞ্চ ভার্গবম্ ॥৪৬॥
অযাচদথ সৈন্যার্থং প্রাঞ্জলিঃ পৃথিবীপতিঃ।
অজ্ঞানাদ্বালয়া যন্তে কৃতং তৎ ক্ষন্তুমর্হসি ॥৪৭॥

ভারতকৌমুদী

তমিতি। যথাকামং যথেচ্ছম্, অধিগচ্ছতু জানাতু ॥৪২॥
তত ইতি। সাম্না কোমলবাক্যেন, উগ্রেণ রুক্ষবাক্যেন চ। তে সুহৃদঃ ॥৪৩॥
আনাহেতি। আনাহার্ত্তং মলমূত্রবন্ধরোগপীড়িতম্ ॥৪৪॥
ময়েতি। অটন্ত্যা বিচরন্ত্যা। সত্ত্বং কিমপি দ্রব্যম্ ॥৪৫॥
এতদিতি। বল্মীকম্ উয়ীকামৃত্তিকাস্তূপম্। ভার্গবং চ্যবনম্ ॥৪৬॥
অযাচদিতি। পৃথিবীপতিঃ শর্য্যাতিঃ। যৎ পীড়নম্ ॥৪৭॥

তখন সৈন্যেরা সকলেই রাজাকে বলিল—"আমরা উঁহার কোন অপকারের বিষয় জানি না; আপনি ইচ্ছানুসারে সর্ব্বপ্রকারে তাহা জানুন" ॥৪২॥

তাহার পর শর্য্যাতিরাজা নিজেই কোমল ও কঠোর বাক্যে বন্ধুবর্গের নিকট জিজ্ঞাসা করিলেন; তাহারাও জানে না (বলিল) ॥৪৩॥

তৎপরে সেই সৈন্যগণকে আনাহরোগে পীড়িত ও যাতনাগ্রস্ত এবং পিতাকেও দুঃখিত দেখিয়া সুকন্যা এই কথা বলিল—॥৪৪॥

"আমি এইখানে বিচরণ করিবার সময়ে উয়ীর মাটীর ভিতরে উজ্জ্বল একটী বস্তু দেখিয়াছিলাম এবং সেটাকে জোনাকিপোকার মত মনে করিলাম; তাই নিকটে যাইয়া উহা আমি বিদ্ধ করিয়াছি" ॥৪৫॥

ইহা শুনিয়া শর্য্যাতিরাজা সত্বরই সেই উয়ীর মাটীর নিকট গেলেন এবং তাহার ভিতরে তপোবৃদ্ধ ও বয়োবৃদ্ধ চ্যবনকে দেখিলেন ॥৪৬॥

তাহার পর তিনি কৃতাঞ্জলি হইয়া সৈন্যগণের জন্য প্রার্থনা করিলেন যে,

ততোঽব্রবীন্মহীপালং চ্যবনো ভার্গবস্তদা।
অপমানাদহং বিদ্ধো হ্যনযা দর্পপূর্ণয়া ॥৪৮॥
রূপৌদার্য্যসমাযুক্তাং লোভমোহবলাৎ কৃতাম্।
তামেব প্রতিগৃহ্যাহং রাজন্! দুহিতরং তব!
ক্ষংস্যামীতি মহীপাল! সত্যমেতদ্ব্রবীমি তে ॥৪৯॥

লোমশ উবাচ।

ঋষের্বচনমাজ্ঞায় শর্যাতিরবিচারয়ন্।
দদৌ দুহিতরং তস্মৈ চ্যবনায় মহাত্মনে ॥৫০॥
প্রতিগৃহ্য চ তাং কন্যাং ভগবান্ প্রসসাদ হ।
প্রাপ্তপ্রসাদো রাজা বৈ সসৈন্যঃ পুরমাব্রজৎ ॥৫১॥
সুকন্যাপি পতিং লব্ধ্বা তপস্বিনমনিন্দিতা।
নিত্যং পর্য্যচরৎ প্রীত্যা তপসা নিয়মেন চ ॥৫২॥

ভারতকৌমুদী

তত ইতি। অপমানাৎ অপমানবমজ্ঞাং কৃত্বেতি ল্যব্‌লোপে পঞ্চমী ॥৪৮॥

রূপেতি। রূপং সৌন্দর্য্যম্ ঔদার্য্যং বংশগুণাৎ সম্ভাব্যমানং মহত্ত্বঞ্চ তাভ্যাং সমাযুক্তাম্, লোভঃ কৌতুকচরিতার্থতাপ্রবণতা মোহশ্চ মম নয়ন এব খদ্যোতভ্রমস্তাভ্যাং বলাৎ কৃতাং বলেনাবিষ্টাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥

ঋষেরিতি। আজ্ঞায় শ্রুত্বা। অবিচারয়ন্ মুনের্বার্দ্ধকাদিকম্, সৈন্যপীড়াদর্শনাৎ ॥৫০॥

প্রতীতি। প্রাপ্তঃ প্রসাদঃ প্রসন্নতানিবন্ধনং সৈন্যস্বাস্থ্যং যেন সঃ ॥৫১॥

সুকন্যেতি। নিয়মেন বৈধস্নানাদিনা পর্য্যচরৎ, পত্যনুসারিত্বাৎ পত্ন্যা ইতি ভাবঃ ॥৫২॥

"মহর্ষি! বালিকা অজ্ঞানবশতঃ আপনাকে যে পীড়ন করিয়াছে, তাহা আপনি ক্ষমা করুন" ॥৪৭॥

তদনন্তর ভৃগুনন্দন চ্যবন রাজাকে বলিলেন—"রাজা! এই দর্পিতা বালিকা অবজ্ঞা করিয়া আমাকে বিদ্ধ করিয়াছে ॥৪৮॥

রাজা! রূপ ও উদারতাযুক্তা এবং লোভ ও মোহসমাবিষ্টা আপনার সেই কন্যাটীকে গ্রহণ করিয়াই আমি ক্ষমা করিব; ইহা আপনার নিকট সত্য বলতেছি" ॥৪৯॥

লোমশ বলিলেন—"চ্যবনের উক্তি শুনিয়া শর্যাতিরাজা কোন বিবেচনা না করিয়াই সেই মহাত্মা চ্যবনকে কন্যা সমর্পণ করিলেন ॥৫০॥

চ্যবনও সেই কন্যাটীকে গ্রহণ করিয়া প্রসন্ন হইলেন; রাজাও তাঁহার প্রসন্নতা লাভ করিয়া সৈন্যগণের সহিত রাজধানীতে চলিয়া গেলেন ॥৫১॥

অগ্নীনামতিথীনাঞ্চ শুশ্রূষুবনসূয়িকা।
সমাবাধযত ক্ষিপ্রং চ্যবনং সা শুভাননা ॥৫৩॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রাযাং সুকন্যোপাখ্যানে একাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—॰॥॰—

দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ।

—॰॥॰—

লোমশ উবাচ।
কস্যচিত্ত্বথ কালস্য ত্রিদশাবশ্বিনৌ নৃপ।।
কৃতাভিষেকাং বিবৃতাং সুকন্যাং তামপশ্যতাম্ ॥১॥
তাং দৃষ্ট্বা দর্শনীয়াঙ্গীং দেবরাজসুতামিব।
ঊচতুঃ সমভিদ্রুত্য নাসত্যাবশ্বিনাবিদম্ ॥২॥

ভাবতকৌমুদী

অগ্নীনামিতি। অগ্নীনাং শুশ্রূষুঃ প্রজ্বলনাদিনা, অতিথীনাঞ্চ শুশ্রূষুঃ সৎকাবেণ। অনসূযিকা পবদোষাবিষ্কাববহিতা। সমাবাধযত শুশ্রূষযা বশীভূতমকবোৎ ॥৫৩॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাযাং ভাবতকৌমুদীসমাখ্যাযাং বনপর্ব্বণি তীর্থযাত্রাযামেকাধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

—॰॥॰—

কস্যচিদিতি। কস্যচিৎ কালস্য অতিক্রমে সতীতি শেষঃ, ত্রিদশৌ দেবৌ। কৃতাভিষেকাং কৃতস্নানাম্, অতএব বিবৃতাং বসনপবিধানাৎ প্রাগনাবৃতাঙ্গীম্ ॥১॥
তামিতি। সমভিদ্রুত্য দ্রুতমুপেত্য, ন অসত্যং মিথ্যা চিকিৎসা যযোস্তৌ ॥২॥

এদিকে অনিন্দিতা সুকন্যাও তপস্বী পতি লাভ কবিযা তপস্যা ও নিয়ম দ্বাবা প্রীতিসহকারে সর্ব্বদা তাঁহার পরিচর্য্যা কবিতে লাগিলেন ॥৫২॥

এইভাবে পবদোষানুসন্ধানরহিতা সুমুখী সুকন্যা অগ্নি ও অতিথিগণেব শুশ্রূষায় প্রবৃত্ত থাকিয়া সত্ববই সেবা দ্বাবা চ্যবনকে বশীভূত কবিলেন" ॥৫৩॥

—॰॥॰—

লোমশ বলিলেন—"বাজা! তাহাব পব কিছু কাল অতীত হইলে, একদা দেবতা অশ্বিনীকুমাবেবা, স্নান কবিবাব পবে নগ্ন অবস্থায় সেই সুকন্যাকে দর্শন কবিলেন ॥১॥

দেববাজেব কন্যাব ন্যায় সুদৃশ্যাঙ্গী সেই সুকন্যাকে দেখিযা অশ্বিনীকুমাবেবা সত্বব তাঁহাব নিকট যাইয়া এই কথা বলিলেন—॥২॥

---

* '···দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—বা ব কা, '···ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—পি নি।

কস্য ত্বমসি বামোরু! বনেঽস্মিন্ কিং করোষি চ।
ইচ্ছাব ভদ্রে! জ্ঞাতুং ত্বাং তত্ত্বমাখ্যাহি শোভনে! ॥৩॥
ততঃ সুকন্যা সব্রীড়া তাবুবাচ সুরোত্তমৌ।
শর্য্যাতিতনয়াং বিত্তং ভার্য্যাং মাং চ্যবনস্য চ ॥৪॥
অথাশ্বিনৌ প্রহস্যৈতামব্রূতাং পুনরেব তু।
কথং ত্বমসি কল্যাণি! পিত্রা দত্তা গতাধ্বনে ॥৫॥
ভ্রাজসেঽস্মিন্ বনে ভীরু! বিদ্যুৎ সৌদামিনী যথা।
ন দেবেষ্বপি তুল্যাং হি ত্বয়া পশ্যাব ভাবিনি! ॥৬॥
অনাভরণসম্পন্না পরমাম্বরবর্জ্জিতা।
শোভয়স্যধিকং ভদ্রে! বনমপ্যনলঙ্কৃতা ॥৭॥
সর্ব্বাভরণসম্পন্না পরমাম্বরধারিণী।
শোভসে ত্বনবদ্যাঙ্গি! ন ত্বেবং মলপঙ্কিনী ॥৮॥

ভারতকৌমুদী

কস্যেতি। হে বামোরু। সুন্দরোরুযুগলে!। ইচ্ছাব আবাম্ ॥৩॥
তত ইতি। সব্রীড়া পরপুরুষদৃষ্টসর্ব্বাঙ্গত্বাৎ সলজ্জা। বিত্তং যুবাং জানীতম্ ॥৪॥
অথেতি। গতাধ্বনে অতীতযৌবনকালায়, "সাদধ্বা কালবর্ত্মনোঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥৫॥
ভ্রাজস ইতি। বিদ্যুৎ তড়িৎ, সৌদামিনী তদাখ্যা স্বর্বেশ্যা চ। পশ্যাব আবাম্ ॥৬॥
অনেতি। অনাভরণসম্পন্না, অতএবানলঙ্কৃতাপি বনমধিকং শোভয়সি ॥৭॥
সর্ব্বেতি। মলপঙ্কৌ শরীরস্বেদাদিকর্দ্দমৌ অস্যাস্ত ইতি মলপঙ্কিনী ॥৮॥

"বামোরু! তুমি কাহার? এ বনেই বা কি কর? ভদ্রে! আমরা তোমাকে জানিতে ইচ্ছা করি, সুন্দরি! তাহা বল" ॥৩॥

তাহার পর সুকন্যা লজ্জিত হইয়া সেই দেবশ্রেষ্ঠ দুইজনকে বলিলেন—"আপনারা অবগত হউন যে, আমি শর্য্যাতিরাজার তনয়া এবং মহর্ষি চ্যবনের ভার্য্যা" ॥৪॥

তৎপরে অশ্বিনীকুমারেরা হাস্য করিয়া আবারও তাঁহাকে বলিলেন—"কল্যাণি! তোমার পিতা তোমাকে বৃদ্ধের হস্তে দান করিয়াছেন কেন?" ॥৫॥

ভীরু! তুমি এই বনের ভিতরে বিদ্যুৎ ও সৌদামিনীনাম্নী অপ্সরার ন্যায় শোভা পাইতেছ; ভাবিনি! দেবতাদের মধ্যেও তোমার মত সুন্দরী আমরা দেখিতে পাই না ॥৬॥

ভদ্রে! তোমার কোন অলঙ্কার নাই; সুতরাং তুমি অনলঙ্কৃতা এবং উৎকৃষ্ট বস্ত্ররহিতা; তথাপি তুমি এই বনটীর পরম শোভা জন্মাইতেছ ॥৭॥

কস্মাদেবংবিধা ভূত্বা জরাজর্জ্জরিতং পতিম্।
ত্বমুপাস্সে হ কল্যাণি! কামভোগবহিষ্কৃতম্ ॥৯॥
অসমর্থং পরিত্রাণে পোষণে চ শুচিস্মিতে!।
সা ত্বং চ্যবনমুৎসৃজ্য বরয়স্বৈকমাবয়োঃ ॥১০॥
পত্যর্থং দেবগর্ভাভে! মা বৃথা যৌবনং কৃথাঃ।
এবমুক্তা সুকন্যাপি সুরৌ তাবিদমব্রবীৎ ॥১১॥ (বিশেষকম্)
রতাহং চ্যবনে পত্যৌ মৈবং মাং পর্য্যশঙ্কতম্।
তাবব্রূতাং পুনস্তেনামাবাং দেবভিষগ্বরৌ ॥১২॥
যুবানং রূপসম্পন্নং করিষ্যাবঃ পতিং তব।
ততস্তস্যাবয়োশ্চৈব বৃণীষ্বান্যতমং পতিম্।
এতেন সময়েনৈনমামন্ত্রয় পতিং শুভে! ॥১৩॥ (যুগ্মকম্)
সা তয়োর্বচনাদ্রাজন্নুপসঙ্গম্য ভার্গবম্।
উবাচ বাক্যং যত্তাভ্যামুক্তং ভৃগুসুতং প্রতি ॥১৪॥

ভাবতকৌমুদী

কস্মাদিতি। উপাস্সে সেবসে। হশব্দঃ পাদপূরণে। হে শুচিস্মিতে! শুভ্রহাস্যে।। পত্যর্থং বরয়স্বেতি সম্বন্ধঃ। হে দেবগর্ভাভে। দেববালিকাতুল্যে! ॥৯—১১॥

রতেতি। এবং বৃদ্ধত্বাচ্চ্যবনবিরক্তাম্। সময়েন প্রতিজ্ঞয়া। পরঃ শ্লোকঃ ষট্‌পাদঃ ॥১২—১৩॥

সুন্দরি! তুমি—সমস্ত অলঙ্কার ও উৎকৃষ্ট বস্ত্র ধারণ করিয়াই শোভা পাইতে পার; কিন্তু এইরূপ মল-কর্দ্দম-যুক্ত হইয়া নহে ॥৮॥

কল্যাণি! তুমি এমন সুন্দরী হইয়া—জরাজর্জ্জরিত, কামভোগশক্তিশূন্য এবং রক্ষা করিতে ও ভরণ-পোষণ করিতে অসমর্থ পতির সেবা করিতেছ কেন? শুভ্রহাসিনি! তুমি চ্যবনকে পরিত্যাগ করিয়া পতিরূপে আমাদের একজনকে বরণ কর; দেববালিকাতুল্যে! তুমি তোমার যৌবনটাকে বৃথা করিও না।” অশ্বিনীকুমারেরা এইরূপ বলিলে, সুকন্যাও সেই দেবতা দুই জনকে এই কথা বলিলেন—॥৯—১১॥

“আমি—পতি চ্যবনের প্রতি অনুরক্ত; কিন্তু আপনারা আমাকে তাঁহার প্রতি বিরক্ত বলিয়া মনে করিবেন না।” তখন অশ্বিনীকুমারেরা পুনরায় সুকন্যাকে কহিলেন—“কল্যাণি। আমরা দেবচিকিৎসকদের মধ্যে প্রধান; সুতরাং আমরা তোমার পতিকে যুবক ও রূপবান্ করিয়া দিব; তাহার পর তিনি এবং আমরা,—এই তিন জনের মধ্যে কোন একজনকে পতিত্বে বরণ করিও, অতএব এই সর্ত্ত জানাইয়াই তোমার সেই পতিকে ডাক” ॥১২—১৩

তচ্ছ্রুত্বা চ্যবনো ভার্য্যামুবাচ ক্রিয়তামিতি।
ভর্ত্রা সা সমনুজ্ঞাতা ক্রিয়তামিত্যথাব্রবীৎ ॥১৫॥
শ্রুত্বা তদাশ্বিনৌ বাক্যং তত্তস্যাঃ ক্রিয়তামিতি।
ঊচতু রাজপুত্রীং তাং পতিস্তব বিশত্বপঃ ॥১৬॥
ততোঽম্ভশ্চ্যবনঃ শীঘ্রং রূপার্থী প্রবিবেশ হ।
অশ্বিনাবপি তদ্রাজন্! সরঃ প্রাবিশতাং তদা ॥১৭॥
ততো মুহূর্ত্তাদুত্তীর্ণাঃ সর্ব্বে তে সরসস্তদা।
দিব্যরূপধরাঃ সর্ব্বে যুবানো মৃষ্টকুণ্ডলাঃ ॥১৮॥
তুল্যবেশধরাশ্চৈব মনসঃ প্রীতিবর্দ্ধনাঃ।
তেঽব্রুবন্ সহিতাঃ সর্ব্বে বৃণীষ্বান্যতমং শুভে। ॥১৯॥
অস্মাকমীপ্সিতং ভদ্রে! পতিত্বে বরবর্ণিনি!।
যত্র বাপ্যভিকামাসি তং বৃণীষ্ব সুশোভনে! ॥২০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

সেতি। ভার্গবং চ্যবনং তদন্তিকমিত্যর্থঃ ॥১৪॥

তদিতি। ক্রিয়তাম্, উক্তরূপং কার্য্যমশ্বিনীকুমারাভ্যামিতি শেষঃ ॥১৫॥

শ্রুত্বেতি। তস্যাঃ সুকন্যায়াঃ। অপো জলম্ ॥১৬॥

তত ইতি। রূপার্থী যৌবনার্থী চ। প্রাবিশতাং প্রবিষ্টবন্তৌ ॥১৭॥

তত ইতি। মুহূর্ত্তাৎ পরম্। মৃষ্টকুণ্ডলাঃ পরিষ্কৃতকুণ্ডলাঃ। অস্মাকং মধ্যে ঈপ্সিতমন্যতমং জনং পতিত্বে বৃণীষ্বেতি সম্বন্ধঃ। অভিকামা আদিতঃ কামুকী ॥১৮—২০॥

রাজা! অশ্বিনীকুমারদের সেই কথা অনুসারে সুকন্যা চ্যবনের নিকট যাইয়া—তাঁহার প্রতি তাঁহারা যে কথা বলিয়াছিলেন, তাহা বলিলেন ॥১৪॥

তাহা শুনিয়া চ্যবন সুকন্যাকে বলিলেন—"অশ্বিনীকুমারেরা উক্তরূপ কার্য্যই করুন।" তখন সুকন্যা ভর্ত্তার অনুমতি পাইয়া যাইয়া অশ্বিনীকুমারদিগকে বলিলেন—"আপনারা তাহাই করুন" ॥১৫॥

তখন সুকন্যার মুখে 'করুন'—এই কথা শুনিয়া অশ্বিনীকুমারেরা তাঁহাকে বলিলেন—"তবে তোমার পতি জলে প্রবেশ করুন" ॥১৬॥

তাহার পর রূপ ও যৌবনার্থী চ্যবন সত্বরই জলে প্রবেশ করিলেন। রাজা! তখন অশ্বিনীকুমারেরাও সেই সরোবরে প্রবেশ করিলেন ॥১৭॥

তদনন্তর তাঁহারা সকলেই মুহূর্ত্তকাল পরে সরোবর হইতে উঠিলেন; তখন তাঁহারা সকলেই দিব্য-রূপ-সম্পন্ন, যুবক, পরিমার্জ্জিত কুণ্ডলধারী, সমান বেশ-সমন্বিত এবং মনের আনন্দবর্দ্ধক হইয়া বিরাজ করিতে লাগিলেন। পর,

সা সমীক্ষ্য তু তান্ সর্ব্বাংস্তুল্যরূপধরান্ স্থিতান্।
নিশ্চিত্য মনসা বুদ্ধ্বা দেবী বব্রে স্বকং পতিম্ ॥২১॥
লব্ধ্বা তু চ্যবনো ভার্য্যাং বয়ো রূপঞ্চ বাঞ্ছিতম্।
হৃষ্টোঽব্রবীন্মহাতেজাস্তৌ নাসত্যাবিদং বচঃ ॥২২॥
যথাহং রূপসম্পন্নো বয়সা চ সমন্বিতঃ।
কৃতো ভবদ্ভ্যাং বৃদ্ধঃ সন্ ভার্য্যাঞ্চ প্রাপ্তবানিমাম্ ॥২৩॥
তস্মাদ্‌যুবাং করিষ্যামি প্রীত্যাহং সোমপীথিনৌ।
মিষতো দেবরাজস্য সত্যমেতদ্‌ব্রবীমি বাম্ ॥২৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সেতি। নিশ্চিত্য বুদ্ধ্বা যোগিযোগ্যনয়নভাবাদিনা নিশ্চয়েনাবগম্য ॥২১॥
লব্ধেতি। বয়ো যৌবনম্। নাসত্যৌ অশ্বিনীকুমারৌ ॥২২॥
যথেতি। যথা যস্মাৎ। সোমপীথিনৌ যজ্ঞে সোমপায়িনৌ। মিষতঃ পশ্যতঃ পশ্যন্তং তমনাদৃত্যেত্যর্থঃ। এতেনাশ্বিনৌ পূর্ব্বমসোমপাবাস্তামিতি সূচিতম্ ॥২৩—২৪॥

ভারতভাবদীপঃ

কস্যচিদিতি। বিবৃতামনাচ্ছাদিতাম্ ॥১—৪॥ গতাধ্বনে অতীতবয়সে ইত্যর্থঃ ॥৫—২৩॥ "অশ্বিনৌ বৈ দেবানামসোমপাবাস্তাম্" ইতি শ্রুতং তস্যৈতদুপবৃংহণম্, তস্মাদ্‌যুবামিতি। যুবয়োঃ-রসোমপত্বং মিষতঃ পশ্যতঃ দূরীকরিষ্যামীত্যর্থঃ ॥২৪—২৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১০২॥

—:*:—

তাঁহারা সকলেই সম্মিলিত হইয়া সুকন্যাকে বলিলেন—"কল্যাণি! তুমি আমাদের মধ্যে তোমার অভীষ্ট কোন একজনকে পতিত্বে বরণ কর, অথবা ভদ্রে! বরবর্ণিনি! সুন্দরি! যাঁহার উপরে তোমার পূর্ব্ব হইতেই অভিলাষ আছে, তাঁহাকেই বরণ কর" ॥১৮—২০॥

তখন সুকন্যাদেবী তাঁহাদের সকলকেই সমানরূপধারণপূর্ব্বক থাকিতে দেখিয়া মনে মনে নিশ্চিতভাবে বুঝিয়া আপন পতিকেই বরণ করিলেন ॥২১॥

তাহার পর মহাতেজা চ্যবন ভার্য্যা, অভীষ্ট বয়স ও রূপ লাভ করিয়া আনন্দিত হইয়া সেই অশ্বিনীকুমারদ্বয়কে এই কথা বলিলেন—॥২২॥

"আমি বৃদ্ধ ছিলাম, তথাপি আপনারা যখন আমাকে যুবা ও রূপবান্ করিলেন এবং আমি এই ভার্য্যাটী লাভ করিলাম; তখন আমিও প্রীতিবশতঃ দেবরাজের সাক্ষাতেই আপনাদিগকে সোমপায়ী করিব, ইহা আপনাদিগকে সত্য বলিলাম" ॥২৩—২৪॥

---

(২১)·· নিশ্চিত্য মনসা বুদ্ধ্বা—বা ব সা নি।

তচ্ছ্রুত্বা হৃষ্টমনসৌ দিবং তৌ প্রতি জগ্মতুঃ।
চ্যবনশ্চ সুকন্যা চ সুরাবিব বিজহ্রতুঃ ॥২৫॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সুকন্যোপাখ্যানে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

লোমশ উবাচ।
ততঃ শুশ্রাব শর্যাতির্ব্বয়স্থং চ্যবনং কৃতম্।
সংহৃষ্টঃ সেনয়া সার্দ্ধমুপায়াদ্ভার্গবাশ্রমম্ ॥১॥
চ্যবনঞ্চ সুকন্যাঞ্চ দৃষ্ট্বা দেবসুতাবিব।
রেমে সভার্য্যঃ শর্যাতিঃ কৃৎস্নাং প্রাপ্য মহীমিব ॥২॥

ভারতকৌমুদী

তদিতি। তৌ অশ্বিনৌ। সুরশ্চ সুরী চ সুরৌ দেবদেব্যাবিবেত্যর্থঃ ॥২৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যাযাং বনপর্ব্বণি তীর্থযাত্রাযাং দ্ব্যধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

—:*:—

তত ইতি। বয়স্থং তরুণম্, "বয়স্থস্তরুণো যুবা" ইত্যমরঃ ॥১॥
চ্যবনমিতি। দেবস্য সুতশ্চ সুতা চ দেবসুতৌ। রেমে আনন্দ ॥২॥

তাহা শুনিয়া আনন্দিত হইয়া অশ্বিনীকুমারদ্বয় স্বর্গের দিকে চলিয়া গেলেন; এদিকে চ্যবন এবং সুকন্যাও দেব-দেবীর ন্যায় বিহার করিতে লাগিলেন" ॥২৫॥

—:*:—

লোমশ বলিলেন—"তাহার পর শর্যাতিরাজা শুনিলেন যে, অশ্বিনীকুমারদ্বয় চ্যবনকে যুবা করিয়াছেন; ইহা শুনিয়া তিনি বিশেষ আনন্দিত হইয়া সৈন্যগণের সহিত চ্যবনের আশ্রমে গমন করিলেন ॥১॥

শর্যাতিরাজা ভার্য্যার সহিত যাইয়া চ্যবনকে ও সুকন্যাকে দেবতার পুত্র-কন্যার ন্যায় দেখিয়া, সমগ্র পৃথিবীর রাজত্ব পাইয়াই যেন আনন্দ লাভ করিলেন ॥২॥

* '...ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—বা ব কা, '...চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' —পি নি।

ঋষিণা সৎকৃতস্তেন সভার্য্যঃ পৃথিবীপতিঃ।
উপোপবিষ্টঃ কল্যাণীঃ কথাশ্চক্রে মনোরমাঃ ॥৩॥
অথৈনং ভার্গবো রাজন্নুবাচ পরিসান্ত্বয়ন্।
যাজয়িষ্যামি রাজংস্ত্বাং সম্ভারানুপকল্পয় ॥৪॥
ততঃ পরমসংহৃষ্টঃ শর্যাতিরবনীপতিঃ।
চ্যবনস্য মহারাজ! তদ্বাক্যং প্রত্যপূজয়ৎ ॥৫॥
প্রশস্তেঽহনি যজ্ঞীয়ে সর্ব্বকামসমৃদ্ধিমৎ।
কারয়ামাস শর্যাতির্যজ্ঞায়তনমুত্তমম্ ॥৬॥
তত্রৈনং চ্যবনো রাজন্! যাজয়ামাস ভার্গবঃ।
অদ্ভুতানি চ তত্রাসন্ যানি তানি নিবোধ মে ॥৭॥

ভারতকৌমুদী

ঋষিণেতি। উপ সমীপে, কল্যাণীর্মঙ্গলময়ীঃ, কথা আলাপান্ ॥৩॥
অথেতি। পরিসান্ত্বয়ন্ অনুনয়ন্। সম্ভারান্ যজ্ঞোপযোগিদ্রব্যাণি ॥৪॥
তত ইতি। প্রত্যপূজয়ৎ অঙ্গীকারেণাদৃতবান্ ॥৫॥
প্রশস্ত ইতি। কাম্যন্ত ইতি কামা অভীষ্টদ্রব্যাণি। যজ্ঞায়তনং যজ্ঞশালাম্ ॥৬॥
তত্রেতি। এনং শর্যাতিম্। অদ্ভুতানি আশ্চর্য্যব্যাপারাঃ। নিবোধ শৃণু ॥৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি। বয়স্থং যুবানম্, "যুবং চ্যবানমশ্বিনা জরন্তং পুনর্যুবানং চরথায় চক্রথু"রিতি মন্ত্রলিঙ্গাৎ। চ্যবানং চ্যবনম্, চরথায় ধর্ম্মাচরণার্থম্ ॥১—৩॥ সম্ভারান্ যজ্ঞোপকরণানি ॥ ৪—৭॥

তখন চ্যবন তাঁহাদের সংবর্দ্ধনা করিলে, শর্যাতিরাজা ভার্য্যার সহিত নিকটে বসিয়া মঙ্গলকর ও মনোহর আলাপ করিলেন ॥৩॥

যুধিষ্ঠির! তাহার পর চ্যবন অনুনয় করিয়া শর্যাতিরাজাকে বলিলেন—"রাজা! আমি আপনাকে যজ্ঞ করাইব, আপনি তাহার দ্রব্যসামগ্রী সংগ্রহ করুন" ॥৪॥

মহারাজ! তদনন্তর শর্যাতিরাজা অত্যন্ত আনন্দিত হইয়া চ্যবনের সেই বাক্যের সমাদর করিলেন ॥৫॥

তৎপরে শর্যাতিরাজা যজ্ঞের প্রশস্ত দিনে সর্ব্বাঙ্গসম্পন্ন উত্তম যজ্ঞশালা নির্ম্মাণ করাইলেন ॥৬॥

রাজা! ভৃগুনন্দন চ্যবন সেই যজ্ঞশালায় শর্যাতিরাজাকে যজ্ঞ করাইতে লাগিলেন; তাহাতে যে সকল অদ্ভুত ঘটনা ঘটিয়াছিল, তাহা আমার নিকট শ্রবণ কর ॥৭॥

অগৃহ্লাচ্চ্যবনঃ সোমমশ্বিনোর্দেবয়োস্তদা।
তমিন্দ্রো বারয়ামাস গৃহ্লানং স তয়োর্গ্রহম্ ॥৮॥

ইন্দ্র উবাচ।

উভাবেতৌ ন সোমার্হৌ নাসত্যাবিতি মে মতিঃ।
ভিষজৌ দিবি দেবানাং কর্ম্মণা তেন নার্হতঃ ॥৯॥

চ্যবন উবাচ।

মহোৎসাহৌ মহাত্মানৌ রূপদ্রবিণবত্তরৌ।
যৌ চক্রতুর্মাং মঘবন্! বৃন্দারকমিবাজরম্ ॥১০॥
ঋতে ত্বাং বিবুধাংশ্চান্যান্ কথং বৈ নার্হতঃ সবম্।
অশ্বিনাবপি দেবেন্দ্র! দেবৌ বিদ্ধি পুরন্দর! ॥১১॥

ইন্দ্র উবাচ।

চিকিৎসকৌ কর্ম্মকরৌ কামরূপসমন্বিতৌ।
লোকে চরন্তৌ মর্ত্ত্যানাং কথং সোমমিহার্হতঃ ॥১২॥

ভারতকৌমুদী

অগৃহ্লাদিতি। অশ্বিনোরর্থে। গৃহ্যতে অনেনেতি গ্রহঃ সোমপাত্রম্, তম্ ॥৮॥
উভাবিতি। নাসত্যাবশ্বিনৌ। ভিষজৌ চিকিৎসকমাত্রৌ ন পুনর্দেবাবিতি ভাবঃ ॥৯॥
মহেতি। রূপদ্রবিণবত্তরৌ প্রাধান্যেন সৌন্দর্য্যধনবন্তৌ। বৃন্দারকং দেবম্ ॥১০॥
ঋত ইতি। সবং যজ্ঞং যজ্ঞীয়সোমমিত্যর্থঃ। দেবৌ বিদ্ধি, অতঃ সোমমর্হতঃ ॥১১॥
চিকিৎসকাবিতি। কামরূপসমন্বিতৌ, মায়ামাত্রেণ ন পুনর্দেবত্বেনেত্যাশয়ঃ ॥১২॥

চ্যবন অশ্বিনীকুমারদের জন্য সোমরস লইবার সঙ্কল্প করিলেন, এমন কি তিনি তাঁহাদিগকে দিবার জন্য সোমপাত্র গ্রহণই করিলেন; তখন ইন্দ্র তাঁহাকে নিষেধ করিলেন ॥৮॥

ইন্দ্র বলিলেন—"ঋষি! আমার ধারণা এই যে, এই অশ্বিনীকুমারেরা দুই-জনই সোমরস পাইতে পারেন না। কারণ, ইঁহারা স্বর্গে দেবগণের চিকিৎসক-মাত্র; সুতরাং সেই কার্য্যবশতই সোমরস পাইতে পারেন না" ॥৯॥

চ্যবন বলিলেন—"দেবরাজ! ইঁহারা অত্যন্ত উৎসাহী ও মহাত্মা এবং বিশেষ রূপবান্ ও ধনবান্; বিশেষতঃ, যাঁহারা আমাকে দেবতার ন্যায় জরা-বিহীন করিয়াছেন ॥১০॥

অতএব দেবরাজ! আপনি বা অন্যান্য দেবতা ব্যতীত ইঁহারা কেন যজ্ঞীয় সোমরস পাইবেন না। পুরন্দর! আপনি এই অশ্বিনীকুমার দুইজনকে দেবতা বলিয়াই জানুন" ॥১১॥

লোমশ উবাচ।

এতদেব যদা বাক্যমাম্রেড়য়তি দেবরাট্।
অনাদৃত্য ততঃ শক্রং গ্রহং জগ্রাহ ভার্গবঃ ॥১৩॥
গ্রহীষ্যন্তন্তু তং সোমমশ্বিনোরুত্তমং তদা।
সমীক্ষ্য বলভিদ্দেব ইদং বচনমব্রবীৎ ॥১৪॥
আভ্যামর্থায় সোমং ত্বং গ্রহীষ্যসি যদি স্বযম্।
বজ্রং তে প্রহবিষ্যামি ঘোররূপমনুত্তমম্ ॥১৫॥
এবমুক্তঃ স্ময়ন্নিন্দ্রমভিবীক্ষ্য স ভার্গবঃ।
জগ্রাহ বিধিবৎ সোমমশ্বিভ্যামুত্তমং গ্রহম্ ॥১৬॥
ততোঽস্মৈ প্রাহবদ্বজ্রং ঘোবরূপং শচীপতিঃ।
অস্য প্রহরতো বাহুং স্তম্ভযামাস সর্ব্বতঃ ॥১৭॥

ভাবতকৌমুদী

এতদিতি। আম্রেড়য়তি দ্বিস্ত্রির্বদতি, "আম্রেড়িতং দ্বিস্ত্রিরুক্তম্" ইত্যমরঃ ॥১৩॥
গ্রহীষ্যন্তমিতি। অশ্বিনোরর্থে। বলভিৎ ইন্দ্রঃ ॥১৪॥
আভ্যামিতি। আভ্যাম্ অনয়োরশ্বিনোঃ অর্থায় প্রয়োজনায় ॥১৫॥
এবমিতি। স্ময়ন্ ঈষদ্ধসন্। সোমং সোমাধারভূতম্, গ্রহং পাত্রম্ ॥১৬॥
তত ইতি। প্রাহরৎ প্রহর্ত্তুমুদ্যচ্ছৎ। স্তম্ভযামাস চ্যবন ইতি শেষঃ ॥১৭॥

ইন্দ্র বলিলেন—"ঋষি। ইঁহাবা দেবগণেব চিকিৎসক ও কার্য্যকারী এবং মায়া কবিযা কামরূপী হন, বিশেষতঃ মর্ত্ত্যলোকে বিচবণ কবেন; সুতবাং ইঁহারা কি করিয়া সোমরস পাইতে পাবেন?" ॥১২॥

লোমশ বলিলেন—"দেববাজ যখন এই কথাই দুই তিন বাব বলিলেন, তখন চ্যবন তাঁহাকে অগ্রাহ্য কবিয়া সোমপাত্র গ্রহণ কবিতে প্রবৃত্ত হইলেন। ॥১৩॥

চ্যবন অশ্বিনীকুমারদেব জন্য উত্তম সোমবস গ্রহণই কবিবেন, ইহা দেখিয়া তখন দেবরাজ এই কথা বলিলেন—॥১৪॥

"তুমি যদি অশ্বিনীকুমারদের জন্য নিজেই সোমবস গ্রহণ কর, তবে তোমাব উপবে দারুণ ও শ্রেষ্ঠ বজ্র প্রহাব কবিব" ॥১৫॥

ইন্দ্র এইরূপ বলিলে, চ্যবন ঈষৎ হাস্য করিযা তাঁহাব দিকে চাহিয়া অশ্বিনীকুমাবদেব জন্য যথাবিধানে উত্তম সোমপাত্র গ্রহণ কবিলেন ॥১৬॥

তাহার পব ইন্দ্র চ্যবনেব উপবে ভয়ঙ্কব বজ্র প্রহাব কবিবার উদ্যম কবিলেন; উদ্যম কবিবামাত্র চ্যবন তাঁহাব বাহু সর্ব্বপ্রকাবে স্তব্ধ কবিলেন ॥১৭॥

তং স্তম্ভয়িত্বা চ্যবনো জুহুবে মন্ত্রতোঽনলম্ ।
কৃত্যার্থী সুমহাতেজা দেবং হিংসিতুমুদ্যতঃ ॥১৮॥
ততঃ কৃত্যাথ সংজজ্ঞে মুনেস্তস্য তপোবলাৎ ।
মদো নাম মহাবীর্য্যো বৃহৎকায়ো মহাসুবঃ ॥১৯॥
শরীবং যস্য নির্দ্দেষ্টুমশক্যন্তু সুরাসুবৈঃ ।
তস্যাস্যমভবদ্‌ঘোরং তীক্ষ্ণাগ্রদশনং মহৎ ॥২০॥
হনুরেকা স্থিতা তস্য ভূমাবেকা দিবং গতা ।
চতস্রশ্চাযতা দংষ্ট্রা যোজনানাং শতং শতম্ ॥২১॥
ইতরে তস্য দশনা বভূবুর্দশযোজনাঃ ।
প্রাসাদশিখরাকারাঃ শূলাগ্রসমদর্শনাঃ ॥২২॥
বাহূ পর্ব্বতসঙ্কাশাবায়তাবযুতং সমৌ ।
নেত্রে ববিশশিপ্রখ্যে বক্ত্রং কালাগ্নিসন্নিভম্ ॥২৩॥

ভারতকৌমুদী

তমিতি। মন্ত্রতো মন্ত্রং পঠিত্বা। কৃত্যার্থী মারণদেবতোৎপাদনার্থী ॥১৮॥
তত ইতি। কৃত্যা কাচিন্মারণদেবতা, "কৃত্যা ক্রিয়াদেবতয়োঃ" ইত্যমরঃ ॥১৯॥
শরীরমিতি। আস্যং বদনম্, তীক্ষ্ণাগ্রা দশনা দন্তা যত্র তৎ ॥২০॥
হনুরিতি। হনুরোষ্ঠ ইত্যর্থঃ, দিবম্ আকাশম্। আযতা দীর্ঘাঃ, দংষ্ট্রা দন্তাঃ ॥২১॥
ইতর ইতি। দশনা দন্তাঃ। প্রাসাদশিখরাকারা দেবমন্দিরচূড়াতুল্যাঃ ॥২২॥
বাহূ ইতি। অযুতম্ অযুতযোজনম্, সমৌ সমানপরিমাণৌ ॥২৩॥

অতিমহাতেজা চ্যবন ইন্দ্রেব বাহু স্তব্ধ করিয়া তাঁহাকে বিনষ্ট কবিবাব জন্য কোন মারণদেবতা সৃষ্টি কবিবাব ইচ্ছায মন্ত্রপাঠপূর্ব্বক অগ্নিতে আহুতি দিলেন ॥১৮॥

তদনন্তব চ্যবনমুনিব তপস্যাব প্রভাবে মহাসুবেব ন্যায় মহাবীব ও বৃহৎকায় 'মদ'-নামে একটা মারণদেবতা জন্মিল ॥১৯॥

দেবগণ ও দানবগণ যাহাব শবীরের ইয়ত্তা করিতে পারেন নাই। তাহাব মুখখানা বিশাল ও ভয়ঙ্কব হইযাছিল এবং তাহার দন্ত সকল তীক্ষ্ণাগ্র ছিল ॥২০॥

তাহার একটা ওষ্ঠ ভূতলে ছিল, আর একটা আকাশে উঠিয়াছিল এবং সম্মুখেব চারিটা দাঁত শত শত যোজন দীর্ঘ ছিল ॥২১॥

তাহার অপর দন্ত সকল দশযোজন দীর্ঘ, মন্দিবের চূড়াব ন্যায় ক্রমিক সরু এবং শূলাগ্রের ন্যায় তীক্ষ্ণ ও উজ্জ্বল ছিল ॥২২॥

আর তাহার পর্ব্বততুল্য বাহুযুগল সমান ও অযুতযোজন দীর্ঘ, নয়নযুগল

লেলিহন্ জিহ্বয়া বক্ত্রং বিদ্যুচ্চপললোলয়া।
ব্যাত্তাননো ঘোরদৃষ্টির্গ্রসন্নিব জগদ্বলাৎ ॥২৪॥
স ভক্ষয়িষ্যন্ সংক্রুদ্ধঃ শতক্রতুমুপাদ্রবৎ।
মহতা ঘোররূপেণ লোকান্ শব্দেন নাদয়ন্ ॥২৫॥ (যুগ্মকম্)
তং দৃষ্ট্বা ঘোরবদনং মদং দেবঃ শতক্রতুঃ।
আযান্তং ভক্ষয়িষ্যন্তং ব্যাত্তাননমিবান্তকম্ ॥২৬॥
ভয়াৎ সংস্তম্ভিতভুজঃ সৃক্কণী লেলিহন্মুহুঃ।
ততোঽব্রবীদ্দেবরাজশ্চ্যবনং ভয়পীড়িতঃ ॥২৭॥ (যুগ্মকম্)
সোমার্হাবশ্বিনাবেতাবদ্যপ্রভৃতি ভার্গব।।
ভবিষ্যতঃ সত্যমেতদ্বচো বিপ্র! প্রসীদ মে ॥২৮॥
ন তে মিথ্যা সমারম্ভো ভবত্বেষ পরো বিধিঃ।
জানামি চাহং বিপ্রর্ষে! ন মিথ্যা ত্বং করিষ্যসি।
সোমার্হাবশ্বিনাবেতৌ যথৈবাদ্য কৃতৌ ত্বয়া ॥২৯॥

ভারতকৌমুদী

লেলিহন্নিতি। অত্র নকারলোপসম্ভবে তকারলোপ আর্ষঃ। বিদ্যুদিব চপলা চঞ্চলা লোলা লম্বিতা চ তয়া। ব্যাত্তাননো বিবৃতমুখঃ। শতক্রতুমিন্দ্রম্ ॥২৪—২৫॥

তমিতি। মদং তদাখ্যমসুরম্। সৃক্কণী ওষ্ঠপ্রান্তদ্বয়ম্ ॥২৬—২৭॥

সোমেতি। সোমার্হৌ যজ্ঞীয়সোমপ্রাপ্তিযোগ্যৌ। হে ভার্গব! চ্যবন! ॥২৮॥

চন্দ্র ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং মুখের ভিতরটা প্রলয়কালীন অগ্নির ন্যায় ছিল ॥২৩॥

সেই ঘোরদর্শন অসুর অত্যন্ত ক্রুদ্ধ হইয়া, বিদ্যুতের ন্যায় চঞ্চল ও লম্বিত জিহ্বাদ্বারা মুখ লেহন করিতে থাকিয়া, বিশাল ও ভয়ঙ্কর শব্দে ত্রিভুবন নিনাদিত করিয়া বলপূর্ব্বক জগৎ গ্রাসেই যেন প্রবৃত্ত হইয়া, হাঁ করিয়া, ইন্দ্রকে ভক্ষণ করিবার জন্য ধাবিত হইল ॥২৪—২৫॥

প্রকটিত মুখ যমের ন্যায় ভয়ঙ্কর মুখ সেই মদাসুর ভক্ষণ করিতে আসিতেছে দেখিয়া স্তম্ভিতবাহু দেবরাজ ইন্দ্র অত্যন্ত ভীত হইয়া, বার বার ওষ্ঠপ্রান্ত লেহন করিয়া ভয়বশতঃ চ্যবনকে বলিলেন—॥২৬—২৭॥

"ভৃগুনন্দন! আজ হইতে এই অশ্বিনীকুমারেরা যজ্ঞে সোমভাগী হইবেন; এই কথা ধ্রুব সত্য; অতএব ব্রাহ্মণ! আপনি আমার প্রতি প্রসন্ন হউন ॥২৮॥

(২৫) শ্লোকাৎ পরম্ '…চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ। লোমশ উবাচ।'—বা ব কা, '…পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ। লোমশ উবাচ।'—পি নি।

ভূয় এব তু তে বীর্য্যং প্রকাশেদিতি ভার্গব ।।
সুকন্যায়াঃ পিতুশ্চাস্য লোকে কীর্ত্তিঃ প্রথেদিতি ॥৩০॥
অতো ময়ৈতদ্বিহিতং তব বীর্য্যপ্রকাশনম্ ।
তস্মাৎ প্রসাদং কুরু মে ভবত্বেবং যথেচ্ছসি ॥৩১॥ (যুগ্মকম্)
এবমুক্তস্য শক্রেণ ভার্গবস্য মহাত্মনঃ ।
স মন্যুর্ব্যগমচ্ছীঘ্রং মুমোচ চ পুরন্দরম্ ॥৩২॥
মদঞ্চ ব্যভজদ্রাজন্ ! পানে স্ত্রীষু চ বীর্য্যবান্ ।
অক্ষেষু মৃগয়ায়াঞ্চ পূর্ব্বসৃষ্টং পুনঃ পুনঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

নেতি। সমারম্ভো মদসৃষ্টিঃ। পরো বিধিঃ উত্তমা সৃষ্টিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥
ভূয় ইতি। বীর্য্যং তপঃপ্রভাবঃ। প্রথেৎ বিস্তৃতা ভবেৎ ॥৩০—৩১॥
এবমিতি। মন্যুঃ ইন্দ্রং প্রতি ক্রোধঃ। মুমোচ বাহুস্তম্ভাৎ ॥৩২॥
মদমিতি। ব্যভজৎ বিভজ্য নিহিতবান্। পানে সুরায়াঃ। অক্ষেষু দ্যূতক্রীড়াসু। অনর্থকারিণঃ খলু পানাদয়ঃ, তদ্বর্জ্জনায় চ মদাশ্রয়ীকরণম্, অতএব চ মদসৃষ্টিঃ পরো বিধিরিত্যাশয়ঃ। পুনঃ পুনরিত্যনেন পানাদিষু মদাধিক্যং প্রদর্শিতম্ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

গ্রহং সোমস্য, গৃহ্লাণং তয়োরর্থে ॥৮—১০॥ সবং সোমম্ ॥১১—১২॥ আম্রেড়য়তি পুনঃ পুনরাবর্ত্তয়তি ॥১৩—২৬॥ হৃঙ্কণী গলগর্ভৌ ॥২৭—৩২॥ মদঞ্চেতি। সুরাপান-স্ত্রী-দ্যূত-

ব্রহ্মর্ষি! আপনার এই মদসৃষ্টি যেন মিথ্যা হয় না, বরং ইহা প্রধান কার্য্যে পরিণত হউক। আমিও জানি যে, আপনি আজ যেমন এই অশ্বিনীকুমারদিগকে যথার্থই সোমরসভাগী করিলেন, তেমন এই মদকেও মিথ্যা করিবেন না, (যথার্থই করিবেন) ॥২৯॥

আক্ষিপতি—শ্লেষ্মেতি। হে জনক! শ্লেষ্মাতকং বহুবারফলমশ্নাতীতি শ্লেষ্মাতকী বহুবারফলভোজী। বহুবারাখ্যফলভোজনে হি শ্লেষ্মাতিরেকেণ লোকঃ স্তব্ধো ভবতীতি বৈদ্যকপ্রসিদ্ধিঃ। অতএব„ক্ষীণবর্চ্চাঃ ক্ষীণবুদ্ধিশক্তিঃ সন্ শৃণোষি, অতএব চ কর্ত্তব্যমূঢ়োঽসীতি ভাবঃ। উতাহো অথবা, বন্দিনাং স্তুতয়স্ত্বাং মাদয়ন্তি। অতএব ত্বম্, তুদ্যমানো মন্নিন্দয়া ব্যথ্যমানোঽপি, হস্তীব, মামিকাং মদীয়াম্, ইমাং বাচং ন শৃণোষি। "শেলুঃ শ্লেষ্মাতকঃ শীত উদ্দালো বহুবারকঃ" ইত্যমরঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

নন্বু বন্দিনোদ্ধৃতাং বাচং ত্বমেব কুতর্কার্ণবে মজ্জিতবানসি তত্র কিং সদ্ভিঃ পরীক্ষণীয়মিত্যাশঙ্ক্যাহ—অগ্নির্দহন্নিতি। অগ্নির্দহন্ স্বভাবেন দাহকোঽপি জাতবেদাঃ জাতানি সতামসতাঞ্চ বৃত্তানি বেদ জানাতীতি জাতবেদাঃ সতাং সত্যাভিসন্ধীনাং গৃহান্, শরীরাণি বিসর্জ্জয়ন্ বর্জ্জয়ংস্তেজসা যথা অধাক্ষীৎ স্ম অর্থাদনৃতাভিসন্ধিগৃহান্, নশব্দ উপমার্থে। অপো ন নাবা দুরিতান্তরেমেত্যাদিবৎ। যথা তপ্তপরশুগ্রহণে বহ্নিঃ সত্যাভিসন্ধিং ন দহতি সত্যপক্ষপাতী ন তু জাতিবয়োবিদ্যাদিপক্ষপাতী এবং সন্তোঽপি বালাদিষু, অতো বালবচনমিতি মদ্বাক্যং নাবমন্তব্যমিতি ভাবঃ ॥২৭॥ শ্লেষ্মাতকীশব্দিতস্তরুবিশেষস্তস্য পত্রেষু ভোজনং তৎফলভক্ষণঞ্চ বুদ্ধিঘ্নং দোষকরঞ্চেতি

সুতরাং অবস্থাভিজ্ঞ অগ্নি সজ্জনের গৃহ পরিত্যাগ করিয়া, বন দগ্ধ করিতে থাকিয়া উৎকৃষ্ট বৃক্ষও যেন দগ্ধ না করেন। তা'র পর রাজা! বালক বা পুত্র অল্প কথা বলিলেও সজ্জনেরা তাহাদের সে কথা অবশ্যই গ্রহণ করেন ॥২৭॥

জনকরাজা! আপনি কি চালিতাফল খাইয়া (শ্লেষ্মাধিক্যবশতঃ) বুদ্ধিশূন্য হইয়া শুনিতেছেন? অথবা বন্দিগণের স্তুতিবাদ আপনাকে একেবারে মত্ত

---

(২৭)···ন স্ম ধাক্ষীৎ—বা ব কা নি।

জনক উবাচ।

শৃণোমি বাচং তব দিব্যরূপামমানুষীং দিব্যরূপোঽসি সাক্ষাৎ।
অজৈষীর্যদ্বন্দিনং ত্বং বিবাদে নিসৃষ্ট এষ তব কামেঽস্তু বন্দী ॥২৯॥

অষ্টাবক্র উবাচ।

নানেন জীবতা কশ্চিদর্থো মে বন্দিনা নৃপ!।
পিতা যদ্যস্য বরুণো মজ্জয়ৈনং জলাশয়ে ॥৩০॥

বন্দ্যুবাচ।

অহং পুত্রো বরুণস্যোত রাজ্ঞো ন মে ভযং বিদ্যতে মজ্জিতস্য।
ইমং মুহূর্ত্তং পিতরং দ্রক্ষ্যতেঽয়মষ্টাবক্রশ্চিরনষ্টং কহোড়ম্ ॥৩১॥

লোমশ উবাচ।

ততস্তে পূজিতা বিপ্রা বরুণেন মহাত্মনা।
উদতিষ্ঠংস্তথা সর্ব্বে জনকস্য সমীপতঃ ॥৩২॥

ভারতকৌমুদী

শৃণোমীতি। হে বালক! দিব্যরূপামত্যুত্তমাম্, অমানুষীঞ্চ তব বাচং শৃণোমি, ত্বঞ্চ সাক্ষাৎ দিব্যরূপঃ স্বর্গীয়তুল্যোঽসি। কিঞ্চ ত্বং বিবাদে বন্দিনং যদজৈষীঃ, তদদ্য এষ বন্দী, তব কামে ইচ্ছাযাম্, নিসৃষ্টো দত্তঃ। যথেচ্ছমস্মিন্নাচরেতি ভাবঃ ॥২৯॥

নেতি। অর্থঃ প্রযোজনম্। মজ্জয, বাদবিজয়ফলস্যাবশ্যকর্ত্তব্যত্বাদিতি ভাবঃ ॥৩০॥

অহমিতি। অত্রাপি উতশব্দঃ পাদপূরণে। চিরনষ্টং দ্বাদশবর্ষং যাবদদর্শনং গতম্ ॥৩১॥

করিয়া ফেলিয়াছে। যেহেতু, আপনাকে উৎপীড়ন করিতে থাকিলেও আপনি হস্তীর ন্যায় আমার এই সকল কথা শুনিতেছেন না" ॥২৮॥

জনক বলিলেন—"বালক! তোমার বাক্য অলৌকিক ও অতি উত্তম; সুতরাং তাহা শুনিতেছি। আর, তুমিও সাক্ষাৎ দেবতার তুল্য। তা'র পর তুমি যখন বাদে বন্দীকে জয় করিয়াছ, তখন আমি আজ এই বন্দীকে তোমার ইচ্ছার অধীনই করিয়া দিলাম" ॥২৯॥

অষ্টাবক্র বলিলেন—"রাজা! এই বন্দীকে জীবিত রাখিয়া ইহা দ্বারা আমার কোন প্রযোজনই সিদ্ধ হইবে না, সুতরাং যদিও উহার পিতা বরুণ, তথাপি আপনি উহাকে জলে নিমগ্ন করুন" ॥৩০॥

বন্দী বলিলেন—"আমি বরুণদেবের পুত্র; সুতরাং আমার জলমজ্জনের ভয় নাই। আর, এই মুহূর্ত্তেই অষ্টাবক্র—চিরবিনষ্ট আপন পিতা কহোড়কে দেখিতে পাইবেন" ॥৩১॥

লোমশ বলিলেন—"তাহার পর কহোড়প্রভৃতি সেই সকল ব্রাহ্মণ, মহাত্মা

কহোড় উবাচ।

ইত্যর্থমিচ্ছন্তি সুতান্ জনা জনক ! কর্ম্মণা।
যদহং নাশকং কর্ত্তুং তৎ পুত্রঃ কৃতবান্ মম ॥৩৩॥
উতাবলস্য বলবান্ উত বালস্য পণ্ডিতঃ।
উত বাহবিদুষো বিদ্বান্ পুত্রো জনক ! জায়তে ॥৩৪॥

বন্দ্যুবাচ।

শিতেন তে পরশুনা স্বয়মেবান্তকো নৃপ !।
শিরাংস্যপহরত্বাজৌ রিপূণাং ভদ্রমস্তু তে ॥৩৫॥
মহদৌকৃথ্যং গীয়তে সাম চাগ্র্যং সম্যক্ সোমঃ পীযতে চাত্র সত্রে।
শুচীন্ ভাগান্ প্রতিজগৃহুশ্চ হৃষ্টাঃ সাক্ষাদ্দেবা জনকস্যোত বাজ্ঞঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

তত ইতি। তে কহোড়াদয়ঃ। এতেন সমুদ্রাসন্নদেশ এব জনকযজ্ঞ আসীদিতি বোধ্যম্ ॥৩২॥

ইতীতি। ইত্যর্থম্ এতদর্থং স্বকর্ত্তব্যকরণার্থমিত্যর্থঃ। কর্ম্মণা পুত্রযাগাদিনা ॥৩৩॥

উতেতি। প্রথম উতশব্দঃ পাদপূরণে, দ্বিতীয়তৃতীয়ৌ চ সমুচ্চয়ে। "উতাত্যর্থবিকল্পয়োঃ। সমুচ্চয়ে বিতর্কে চ প্রশ্নে চ পাদপূরণে" ইতি মেদিনী। বালস্য মূর্খস্য "বালঃ কচে শিশৌ মূর্খে" ইতি বিশ্বঃ। অবিদুষঃ অজ্ঞানিনঃ, বিদ্বান্ জ্ঞানী ॥৩৪॥

বরুণযজ্ঞসম্পাদনায় ব্রাহ্মণপ্রেরণে সাহায্যকরণাজ্জনকং প্রত্যাশিষং প্রযুঙ্‌ক্তে—শিতেনেতি। হে নৃপ! আজৌ যুদ্ধে অন্তকো যমঃ স্বয়মেব, শিতেন সুধারেণ পরশুনা, তে তব রপূণাং শিরাংসি অপহরতু, তে তব চ ভদ্রং মঙ্গলমস্তু ॥৩৫॥

ভারতভাবদীপঃ

প্রসিদ্ধম্ ॥২৮॥ অস্য তব কামো নিসৃষ্টঃ, এব বন্দী দৃশ্যতামিতি শেষঃ ॥২৯—৩২॥ ইত্যর্থমেতদর্থম্ ॥৩৩—৩৪॥ শিতেন তীক্ষ্নেন, তে তব বিপূণামিত্যন্বয়ঃ, যমাদপি তব শত্রু-

বরুণকর্ত্তৃক সম্মানিত হইয়া (সমুদ্র হইতে) জনকরাজার নিকটে উপস্থিত হইলেন" ॥৩২॥

কহোড় বলিলেন—"মহারাজ জনক। এইজন্যই মানুষ পুত্রযাগপ্রভৃতি কর্ম্ম দ্বারা পুত্র কামনা করে। দেখুন—আমি যাহা করিতে সমর্থ হই নাই, আমার পুত্র তাহা করিল! ॥৩৩॥

জনকরাজা! দুর্ব্বল লোকেরও বলবান্ পুত্র, মূর্খ লোকেরও পণ্ডিত পুত্র এবং অজ্ঞানী লোকেরও জ্ঞানী পুত্র জন্মিয়া থাকে" ॥৩৪॥

বন্দী বলিলেন—"রাজা! যুদ্ধের সময়ে যম নিজেই তীক্ষ্ণ কুঠার দ্বারা আপনার শত্রুগণের মস্তক ছেদন করুন; আপনার মঙ্গল হউক ॥৩৫॥

(৩৫)···শিরাংস্যপাহরন্নাজৌ—বা ব কা নি।

লোমশ উবাচ।

সমুত্থিতেম্বথ সর্ব্বেষু রাজন্! বিপ্রেষু তেম্বধিকং সুপ্রভেষু।
অনুজ্ঞাতো জনকেনাথ রাজ্ঞা বিবেশ তোয়ং সাগরস্তোত বন্দী ॥৩৭॥
অষ্টাবক্রঃ পিতরং পূজয়িত্বা সম্পূজিতো ব্রাহ্মণৈস্তৈর্যথাবৎ।
প্রত্যাজগামাশ্রমমাশু চাগ্র্যং জিত্বা সৌতিং সহিতো মাতুলেন ॥৩৮॥
ততোঽষ্টাবক্রং মাতুরথান্তিকে পিতা নদীং সমঙ্গাং শীঘ্রমিমাং বিশস্ব।
প্রোবাচ চৈনং স তথা বিবেশ সমৈরঙ্গৈশ্চাপি বভূব সদ্যঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

জনকযজ্ঞং স্তৌতি—মহদিতি। উত পাদপূরণে। জনকস্য রাজ্ঞঃ, অত্র সত্রে যজ্ঞে, ঔকৃথ্যম্ উকৃথাদিচ্ছন্দোবদ্ধম্, মহৎ বিশালম্, অগ্র্যমুত্তমঞ্চ সাম গীয়তে, সোমঃ সোমরসশ্চ সম্যক্ পীযতে। উভয়ত্রাপি ব্রাহ্মণৈরিতি শেষঃ। তথা দেবাশ্চ সাক্ষাৎ প্রত্যক্ষা হৃষ্টাশ্চ সন্তঃ, শুচীন্ পবিত্রান্ ভাগান্ প্রতিজগৃহুঃ ॥৩৬॥

সমিতি। হে রাজন্! যুধিষ্ঠির! অথ তেষু কহোডাদিষু সর্ব্বেষু বরুণসম্মাননাদধিকং সুপ্রভেষু বিপ্রেষু সমুত্থিতেষু সৎসু, অথ জনকেন রাজ্ঞা অনুজ্ঞাতো বন্দী, সাগরস্য তোয়ং বিবেশ। অত্রাপ্যুতশব্দঃ পাদপূরণে ॥৩৭॥

অষ্টেতি। পূজয়িত্বা অভিবাদ্য। অগ্র্যং শ্রেষ্ঠম্। সৌতিং বন্দিনম্ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

সংহরণশক্তিবধিকেতি ভাবঃ ॥৩৫॥ ঔকৃথ্যমুকৃথ্যাখ্যক্রতুবিশেষে গেয়ং সাক্ষাদিত্যপরোক্ষং দেবতাসান্নিধ্যমুচ্যতে ॥৩৬—৩৭॥ সৌতিং সূতস্য বরুণস্য পুত্রম্ ॥৩৮॥ সমান্যঙ্গানি

সভ্যগণ! জনকরাজার এই যজ্ঞে উকৃথাপ্রভৃতি ছন্দোবদ্ধ, বিশাল ও মনোহর সামবেদ গীত হইতেছে এবং যথাযথভাবে সোমরস পীত হইতেছে; আর দেবতারা প্রত্যক্ষ ও সন্তুষ্ট হইয়া আপন আপন পবিত্র ভাগ সকল গ্রহণ করিয়াছেন” ॥৩৬॥

লোমশ বলিলেন—“রাজা যুধিষ্ঠির! সেই ব্রাহ্মণেরা সকলেই বরুণের নিকট সম্মান লাভ করায় অত্যন্ত শোভাসম্পন্ন হইয়া সমুদ্র হইতে উত্থিত হইলে, জনকরাজার অনুমতিক্রমে বন্দী যাইয়া সমুদ্রের জলে প্রবেশ করিলেন ॥৩৭॥

এদিকে অষ্টাবক্রও বন্দীকে জয় করিয়া, তত্রত্য ব্রাহ্মণগণকর্তৃক যথানিয়মে সম্মানিত হইয়া, পিতা কহোডকে অভিবাদন করিয়া, তাঁহার ও মাতুল শ্বেতকেতুর সহিত মিলিত হইযা, (মাতামহ উদ্দালকের) শ্রেষ্ঠ আশ্রমে সত্বরই প্রত্যাগমন করিলেন ॥৩৮॥

(৩৮)···আশ্রমমেব চাগ্র্যম্—ব্যা ব বা নি।

নদী সমঙ্গা চ বভূব পুণ্যা যস্যাং স্নাতো মুচ্যতে কিল্বিষাদ্ধি।
ত্বমপ্যেনাং স্নানপানাবগাহৈঃ সভ্রাতৃকঃ সহভার্য্যো বিশস্ব ॥৪০॥
অত্র কৌন্তেয়! সহিতো ভ্রাতৃভিস্ত্বং সুখোষিতঃ সহ বিপ্রৈঃ প্রতীতঃ।
পুণ্যান্যন্যানি শুচিকর্ম্মৈকভক্তির্ময়া সার্দ্ধং চরিতাস্যাজমীঢ়! ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামষ্টাবক্রীয়ে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পিতা কহোডঃ, মাতুঃ সুজাতায়া অন্তিকে, এনমষ্টাবক্রং প্রোবাচ। কিং প্রোবাচেত্যাহ—নদীমিতি। হে অষ্টাবক্র! ত্বমিমাং সমঙ্গাং সমঙ্গানাম্না এতদাশ্রমমাত্রপ্রসিদ্ধাং নদীং শীঘ্রং বিশস্ব প্রবিশ, বক্রাণামঙ্গানাং সমীকরণার্থমিত্যাশয়ঃ। তথা আদেশেন, সোঽষ্টাবক্রোঽপি বিবেশ, সদ্যঃ সমৈরঙ্গৈর্বিশিষ্টশ্চাপি বভূব ॥৩৯॥

নদীতি। পুণ্যা সা চ নদী, সমঙ্গা এতন্নাম্না জগতি বিখ্যাতা বভূব, সমানি অঙ্গানি যস্যাঃ সকাশাৎ সেতি যোগাদিতি ভাবঃ। সমঙ্গেতি শকন্ধ্বাদিত্বাদঙ্গশব্দস্য অকারলোপঃ। স্নানপানাবগাহৈস্তত্তদুদ্দেশৈঃ, বিশস্ব প্রবিশ ॥৪০॥

অত্রেতি। প্রতীতঃ সন্তুষ্টঃ। শুচিষু পবিত্রেষু কর্ম্মসু স্নানাদিষু একা মুখ্যা ভক্তির্যস্য সঃ। অন্যানি পুণ্যানি কর্ম্মাণি, চরিতাসি করিষ্যসি, হে আজমীঢ়! অজমীঢবংশোদ্ভব! ॥৪১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

করোতীতি সমঙ্গেতি যোগো দর্শিতঃ, শকন্ধ্বাদিত্বাৎ পররূপম্ ॥৩৯—৪০॥ প্রতীতো বিশ্রব্ধঃ ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১০॥

তাহার পর কহোড সুজাতার নিকটে অষ্টাবক্রকে বলিলেন—"অষ্টাবক্র! তুমি সত্বর এই নদীতে প্রবেশ কর"। তখন অষ্টাবক্রও সেই নদীতে প্রবেশ করিলেন এবং সদ্যই সমান (বক্রতাবিহীন) অঙ্গ হইয়া উত্থিত হইলেন ॥৩৯॥

সেই পবিত্র নদীটাও 'সমঙ্গা'-নামে প্রসিদ্ধ হইল; যে নদীতে স্নান করিয়া মানুষ পাপ হইতে মুক্ত হয়। যুধিষ্ঠির! তুমিও ভার্য্যা এবং ভ্রাতৃগণের সহিত স্নান, পান ও অবগাহন করিবার উদ্দেশে এই নদীতে প্রবেশ কর ॥৪০॥

হে অজমীঢবংশোদ্ভব কুন্তীনন্দন! তাহার পর তুমি ভ্রাতৃগণ, ব্রাহ্মণগণ ও আমার সহিত মিলিত হইয়া সুখে বাস করিতে থাকিয়া, পবিত্র কার্য্যে একাগ্রচিত্ত হইয়া সন্তুষ্টভাবে এখানে অন্যান্য পুণ্য কার্য্য করিবে" ॥৪১॥

---

* [illegible] ...শততমোঽধ্যায়ঃ'— [illegible] '...দশাধিকশততমোঽধ্যায়ঃ'— নি

একাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

লোমশ উবাচ।

এষা মধুবিলা রাজন্। সমঙ্গা সম্প্রকাশতে।
এতৎ কৰ্দ্দমিলং নাম ভরতস্যাভিষেচনম্ ॥১॥
অলক্ষ্ম্যা কিল সংযুক্তো বৃত্রং হত্বা শচীপতিঃ।
আপ্লুতঃ সর্ব্বপাপেভ্যঃ সমঙ্গায়াং ব্যমুচ্যত ॥২॥
এতদ্বিনশনং কুক্ষৌ মৈনাকস্য নরর্ষভ!।
অদিতির্যত্র পুত্রার্থং তদন্নমপচৎ পুরা ॥৩॥
এনং পর্ব্বতরাজানমারুহ্য ভরতর্ষভাঃ!।
অযশস্যামসংশব্দ্যামলক্ষ্মীং ব্যপনোৎস্যথ ॥৪॥

ভারতকৌমুদী

এষেতি। মধুভির্মধুতুল্যৈঃ সলিলৈঃ পূর্ণং বিলং খাতদেশো যস্যাঃ সা মধুবিলেতি সমঙ্গায়া এব নামান্তরম্। ন চ "মধুবিলেতি অষ্টাবক্রাঙ্গসমীকরণাৎ পূর্ব্বং সমঙ্গায়া এব নাম" ইতি নীলকণ্ঠোক্তং যুক্তমিতি বাচ্যম্, পূর্ব্বাধ্যায়ে অষ্টাবক্রাঙ্গসমীকরণাৎ পূর্ব্বমপি "নদীং সমঙ্গাং শীঘ্রমিমাং বিশস্ব" ইতি সমঙ্গানামশ্রুতেঃ। ভরতস্য রাজ্ঞঃ, অভিষিচ্যতে অস্মিন্নিত্যভিষেচনং তীর্থং ঘট্ট ইতি যাবৎ ॥১॥

অলক্ষ্ম্যেতি। আপ্লুতঃ স্নাতঃ, সর্ব্বপাপেভ্যঃ অলক্ষ্মীসংযোগজনকেভ্যঃ ॥২॥

এতদিতি। বিনশনং নাম তীর্থম্, কুক্ষৌ অভ্যন্তরে। তৎ পুত্রযাগনিমিত্তকম্ ॥৩॥

এনমিতি। অযশস্যাম্ অযশস্করীম্, অসংশব্দ্যাং নাম্নাপ্যনুল্লেখ্যাম্ ॥৪॥

ভারতভাবদীপঃ

এষেতি। মধুবিলেতি অষ্টাবক্রাঙ্গসমীকরণাৎ পূর্ব্বং সমঙ্গায়া এব নাম ॥১—২॥ অন্নং ব্রহ্মৌদনম অদিতিঃ পুত্রকামা। "সাধ্যেভ্যো দেবেভ্যো ব্রহ্মৌদমপচৎ ইতি শ্রুতেঃ ॥৩॥

লোমশ বলিলেন—"রাজা! এই সমঙ্গানদী দৃষ্টিগোচর হইতেছে, ইহার 'মধুবিলা'-নামও আছে, আর এই 'কর্দ্দমিল-' নামে ভরতরাজার তীর্থ ॥১॥

ইন্দ্র বৃত্রাসুরকে বধ করিয়া অলক্ষ্মীসমাক্রান্ত হইয়াছিলেন, তাহার পর তিনি এই সমঙ্গানদীতে স্নান করিবাই সমস্ত পাপ হইতে মুক্ত হন ॥২॥

নরশ্রেষ্ঠ! মৈনাকপর্ব্বতের নিকটে এই বিনশনতীর্থ; পূর্ব্বকালে অদিতি-দেবী যেখানে পুত্রের জন্য পুত্রযাগের অন্ন পাক করিয়াছিলেন ॥৩॥

এতে কনখলা রাজন্ৃষীণাং দয়িতা নগাঃ।
এষা প্রকাশতে গঙ্গা যুধিষ্ঠির! মহানদী ॥৫॥
সনৎকুমারো ভগবানত্র সিদ্ধিমগাৎ পুরা।
আজমীঢ়াবগাহ্যৈনাং সর্ব্বপাপৈঃ প্রমোক্ষ্যসে ॥৬॥
অপাং হ্রদঞ্চ পুণ্যাখ্যং ভৃগুতুঙ্গঞ্চ পর্ব্বতম্।
তূষ্ণীগঙ্গে চ কৌন্তেয়! সানুজঃ সমুপস্পৃশ ॥৭॥
আশ্রমঃ স্থূলশিরসো রমণীয়ঃ প্রকাশতে।
অত্র মানঞ্চ কৌন্তেয়! ক্রোধঞ্চৈব বিসর্জ্জয় ॥৮॥
এষ রৈভ্যাশ্রমঃ শ্রীমান্ পাণ্ডবেয়! প্রকাশতে।
ভারদ্বাজো যত্র কবির্যবক্রীতো ব্যনশ্যত ॥৯॥

ভারতকৌমুদী

এত ইতি। কনখলা নাম, দয়িতাঃ প্রিয়াঃ, নগাঃ পর্ব্বতাঃ ॥৫॥
সনদিতি। হে আজমীঢ়! অজমীঢাখ্যনৃপতিবংশোদ্ভব। এনাং গঙ্গাম্ ॥৬॥
অপামিতি। পূর্ব্বার্দ্ধে গচ্ছেতি শেষঃ। তূষ্ণীগঙ্গে তদাখ্যে তীর্থে, সমুপস্পৃশ স্নাহি ॥৭॥
আশ্রম ইতি। স্থূলশিরসো নাম মুনেঃ। মানং রাজত্বাদিনিবন্ধনমভিমানম্ ॥৮॥
এষ ইতি। রৈভ্যস্য মুনেরাশ্রমঃ, শ্রীমান্ সুন্দরঃ। যবক্রীতো নাম ॥৯॥

হে ভরতশ্রেষ্ঠগণ! তোমরা এই পর্ব্বতশ্রেষ্ঠ মৈনাকে আরোহণ করিয়া নিন্দাজনিকা ও অনুল্লেখনীয়া অলক্ষ্মীকে পরিত্যাগ করিতে পারিবে ॥৪॥

রাজা! ঋষিগণের প্রিয় এই সকল কনখল পর্ব্বত এবং যুধিষ্ঠির! এই মহানদী গঙ্গা প্রকাশ পাইতেছেন ॥৫॥

এইখানেই পূর্ব্বকালে ভগবান্ সনৎকুমার সিদ্ধিলাভ করিয়াছিলেন; অতএব যুধিষ্ঠির! তুমিও এই গঙ্গায় স্নান করিয়া সকল পাপ হইতে মুক্ত হইবে ॥৬॥

কুন্তীনন্দন! তুমি ভ্রাতাদের সহিত পুণ্যাখ্য জলহ্রদ ও ভৃগুতুঙ্গপর্ব্বতে যাইয়া তূষ্ণীগঙ্গনামক তীর্থে স্নান কর ॥৭॥

ঐ মনোহর স্থূলশিরা মুনির আশ্রম দৃষ্টিগোচর হইতেছে। কুন্তীনন্দন! তুমি এখানে অভিমান ও ক্রোধ পরিত্যাগ কর ॥৮॥

পাণ্ডুনন্দন! এই মনোহর রৈভ্যমুনির আশ্রম প্রকাশ পাইতেছে; যেখানে ভরদ্বাজমুনির পুত্র কবি যবক্রীত বিনষ্ট হইয়াছিলেন" ॥৯॥

(৭)…উক্ষীগঙ্গেতি কৌন্তেয়! সামাত্যঃ সমুপস্পৃশ—বা ব,…তূষ্ণীং গঙ্গাঞ্চ কৌন্তেয়! সভ্রাতৃক উপস্পৃশ—পি, তুষ্ণীং গঙ্গাঞ্চ কৌন্তেয়। সানুজঃ—নি।

যুধিষ্ঠির উবাচ।

কথংযুক্তোঽভবদৃষির্ভরদ্বাজঃ প্রতাপবান্।
কিমর্থঞ্চ যবক্রীতঃ পুত্রোঽনশ্যত বৈ মুনেঃ ॥১০॥
এতৎ সর্ব্বং যথাবৃত্তং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ।
কর্ম্মভির্দেবকল্পানাং কীর্ত্ত্যমানৈর্ভৃশং রমে ॥১১॥

লোমশ উবাচ।

ভরদ্বাজশ্চ রৈভ্যশ্চ সখায়ৌ সংবভূবতুঃ।
তাবূষতুরিহাত্যন্তং প্রীয়মাণাবনন্তরম্ ॥১২॥
রৈভ্যস্য তু সুতাবাস্তামর্ব্বাবসু-পরাবসূ।
আসীদ্‌যবক্রীঃ পুত্রস্তু ভরদ্বাজস্য ভারত! ॥১৩॥
রৈভ্যো বিদ্বান্ সহাপত্যস্তপস্বী চেতরোঽভবৎ।
তয়োশ্চাপ্যতুলা প্রীতির্বাল্যাৎ প্রভৃতি ভারত! ॥১৪॥

ভারতকৌমুদী

কথমিতি। কথং কীদৃশং যুক্তং যোগো যস্য সঃ। মুনের্ভরদ্বাজস্য ॥১০॥

এতদিতি। তত্ত্বতো যাথার্থ্যেন। দেবকল্পানাং দেবসদৃশানাং জনানাম্ ॥১১॥

ভরেতি। অনন্তরম্ অব্যবধানং যথা স্যাত্তথা, ঊষতুঃ বাসং চক্রতুঃ ॥১২॥

রৈভ্যস্যেতি। আস্তাম্ অভূতাম্, অর্ব্বাবসু-পরাবসূ নাম। যবক্রীর্যবক্রীতঃ ॥১৩॥

রৈভ্য ইতি। সহাপত্যঃ সপুত্রঃ, রৈভ্যস্য পুত্রাবপি বিদ্বাংসাবভূতামিত্যর্থঃ ॥১৪॥

যুধিষ্ঠির বলিলেন—"মহর্ষি! প্রতাপশালী ভরদ্বাজমুনি কি প্রকার যোগী ছিলেন? কি জন্যই বা তাঁহার পুত্র যবক্রীত বিনষ্ট হইয়াছিলেন? ॥১০॥

যথাযথভাবে এই সকল বৃত্তান্ত আমি শুনিতে ইচ্ছা করি। কারণ, দেবতার তুল্য ব্যক্তিগণের চরিত্র কীর্ত্তন করিলে, তাহাতে আমি অত্যন্ত আনন্দ লাভ করি" ॥১১॥

লোমশ বলিলেন—"ভরদ্বাজ ও রৈভ্য পরস্পর সখা ছিলেন এবং তাঁহারা অত্যন্ত প্রীতি সহকারে পরস্পর নিকটেই বাস করিতেন ॥১২॥

ভরতনন্দন! রৈভ্যমুনির 'অর্ব্বাবসু' ও 'পরাবসু'-নামে দুইটী পুত্র ছিল এবং ভরদ্বাজমুনির 'যবক্রীত'-নামে একটী পুত্র ছিল ॥১৩॥

রৈভ্যমুনি ও তাঁহার পুত্রদ্বয়—সকলেই বিদ্বান্ ছিলেন; আর ভরদ্বাজমুনি কেবল তপস্বী ছিলেন, বাল্যকাল হইতেই তাঁহাদের পরস্পর অতুলনীয় ভালবাসা ছিল ॥১৪॥

---

(১০)…ভারদ্বাজঃ প্রতাপবান্—বা ব কা।প।

যবক্রীঃ পিতরং দৃষ্ট্বা তপস্বিনমসৎকৃতম্ ।
দৃষ্ট্বা চ সৎকৃতং বিপ্রৈ রৈভ্যং পুত্রৈঃ সহানঘ ! ॥১৫॥
পর্য্যতপ্যত তেজস্বী মন্যুনাভিপরিপ্লুতঃ ।
তপস্তেপে ততো ঘোরং বেদজ্ঞানায় পাণ্ডব ! ॥১৬॥ (যুগ্মকম্)
স সমিদ্ধে মহত্যগ্নৌ শরীরমুপতাপয়ন্ ।
জনয়ামাস সন্তাপমিন্দ্রস্য সুমহাতপাঃ ॥১৭॥
তত ইন্দ্রো যবক্রীতমুপগম্য যুধিষ্ঠির ! ।
অব্রবীৎ কস্য হেতোস্ত্বমাস্থিতস্তপ উত্তমম্ ॥১৮॥

যবক্রীত উবাচ ।

দ্বিজানামনধীতা বৈ বেদাঃ সুরগণার্চ্চিত ! ।
প্রতিভান্ত্বিতি তপ্যেঽহমিদং পরমকং তপঃ ॥১৯॥
স্বাধ্যায়ার্থং সমারম্ভো মমায়ং পাকশাসন ! ।
তপসা জ্ঞাতুমিচ্ছামি সর্ব্বজ্ঞানানি কৌশিক ! ॥২০॥

ভারতকৌমুদী

যবেতি। অসৎকৃতম্ অগৌরববিষয়ীকৃতম্, অবিদ্বত্ত্বাৎ, সৎকৃতঃ গৌরববিষয়ীকৃতম্, বিদ্বত্ত্বাদিতি ভাবঃ। মন্যুনা দৈন্যেন, অভিপরিপ্লুত আক্রান্তঃ ॥১৫—১৬॥

স ইতি। সমিদ্ধে প্রজ্বলিতে। সন্তাপমুদ্বেগম্, স্বপদগ্রহণাশঙ্কয়েত্যাশয়ঃ ॥১৭॥

তত ইতি। আস্থিতঃ অবলম্বিতবানসি ॥১৮॥

দ্বিজানামিতি। দ্বিজানাং ব্রাহ্মণানাম্। প্রতিভান্তু আত্মন্যাবির্ভবন্তু ॥১৯॥

নিষ্পাপ পাণ্ডুনন্দন! ব্রাহ্মণেরা আসিয়া তপস্বী ভরদ্বাজের কোন গৌরবই করেন না, অথচ পুত্রদের সহিতই বিদ্বান্ রৈভ্যের সর্ব্বপ্রকার গৌরবই করেন; ইহা দেখিয়া তেজস্বী যবক্রীত অত্যন্ত দৈন্য-সমন্বিত হইয়া দুঃখভোগ করিতে লাগিলেন; তাহার পর তিনি বেদ জানিবার জন্য ভয়ঙ্কর তপস্যা করিতে আরম্ভ করিলেন ॥১৫—১৬॥

ক্রমে অতিমহাতপা যবক্রীত প্রজ্বলিত বিশাল অগ্নিতে শরীর সন্তপ্ত করিতে থাকিয়া ইন্দ্রের উদ্বেগ জন্মাইয়া ফেলিলেন ॥১৭॥

যুধিষ্ঠির! তাহার পর ইন্দ্র যবক্রীতের নিকট আসিয়া বলিলেন—"ঋষিকুমার! আপনি কি জন্য এই দারুণ তপস্যা করিতেছেন?" ॥১৮॥

যবক্রীত বলিলেন—"দেবরাজ! অধ্যয়ন না করিলেও বেদ সকল স্বভাবতই ব্রাহ্মণগণের চিত্তে আবির্ভূত হউক; ইহা কামনা করিয়াই আমি এই গুরুতর তপস্যা করিতেছি" ॥১৯॥

কালেন মহতা বেদাঃ শক্যা গুরুমুখাদ্বিভো ! ।
প্রাপ্তুং তস্মাদয়ং যত্নঃ পরমো মে সমাস্থিতঃ ॥২১॥

ইন্দ্র উবাচ ।

কুমার্গ এব বিপ্রর্ষে ! যেন ত্বং যাতুমিচ্ছসি ।
কিং বিঘাতেন তে বিপ্র ! গচ্ছাধীহি গুরোর্মুখাৎ ॥২২॥

লোমশ উবাচ ।

এবমুক্ত্বা গতঃ শক্রো যবক্রীবপি ভারত ! ।
ভূয় এবাকরোদ্যত্নং তপস্যমিতবিক্রম ! ॥২৩॥
ঘোরেণ তপসা রাজংস্তপ্যমানো মহত্তপঃ ।
সন্তাপয়ামাস ভৃশং দেবেন্দ্রমিতি নঃ শ্রুতম্ ॥২৪॥

ভারতকৌমুদী

স্বেতি । স্বাধ্যায়ার্থং সর্ব্ববেদজ্ঞানলাভার্থম্ । সর্ব্বজ্ঞানানি সর্ব্বান্ বেদান্ ॥২০॥
কালেনেতি । গুরুমুখাৎ প্রাপ্তুং শক্যা ইতি সম্বন্ধঃ । মে ময়া ॥২১॥
কুমার্গ ইতি । কুমার্গঃ, সিদ্ধ্যসম্ভবাদিতি ভাবঃ । বিঘাতেন আত্মহত্যয়া ॥২২॥
এবমিতি । ভূয় এব পুনরপি ॥২৩॥
ঘোরেণেতি । ঘোরেণ তপসা সন্তাপয়ামাসেতি সম্বন্ধঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

অযশস্যামযশস্করীম্, অসংশব্দ্যামকীর্ত্তনীয়াম্ ॥৪—১৩॥ ইতরো ভবদ্বাজস্তপস্ব্যেব, ন তু শিষ্যাদিসম্পন্নঃ ॥১৪—১৯॥ সর্ব্বজ্ঞানানি সর্ব্বশাস্ত্রাণি ॥২০—২১॥ বিঘাতেন আত্মনাশনেন

পাকশাসন ! বেদের জন্যই আমার এই উদ্যম, আমি তপস্যা দ্বারাই সমস্ত বেদ জানিতে ইচ্ছা করি ॥২০॥

দেবরাজ ! বেদ সকল দীর্ঘকালেই গুরুমুখ হইতে লাভ করিতে পারা যায় ; সেই জন্যই আমি এই গুরুতর যত্ন অবলম্বন করিয়াছি" ॥২১॥

ইন্দ্র বলিলেন—"ব্রহ্মর্ষি ! আপনি যে পথে যাইতে ইচ্ছা করিয়াছেন, এটা কুপথ ; অতএব ব্রাহ্মণ ! আপনার আত্মহত্যায় প্রয়োজন কি ? আপনি যান, যাইয়া গুরুমুখ হইতেই বেদ অধ্যয়ন করুন" ॥২২॥

লোমশ বলিলেন—"অমিতবিক্রম ! ভরতনন্দন ! ইন্দ্র এইরূপ বলিয়া চলিয়া গেলেন, যবক্রীতও পুনরায় তপস্যার প্রতিই যত্ন করিতে লাগিলেন ॥২৩॥

রাজা ! আমাদের শুনা আছে যে, যবক্রীত গুরুতর তপস্যা করিতে থাকিয়া সেই ভয়ঙ্কর তপস্যা দ্বারা ইন্দ্রকে অত্যন্ত সন্তপ্ত করিয়া তুলিলেন ॥২৪॥

---

(২৩) ··তপস্যমিতবিক্রমঃ—বা ব কা নি।

তং তথা তপ্যমানন্তু তপস্তীব্রং মহামুনিম্।
উপেত্য বলভিদ্দেবো বারয়ামাস বৈ পুনঃ ॥২৫॥
অশক্যোঽর্থঃ সমারব্ধো নৈতদ্‌বুদ্ধিকৃতং তব।
প্রতিভাস্যন্তি বৈ বেদাস্তব চৈব পিতুশ্চ তে ॥২৬॥

যবক্রীত উবাচ।

ন চেত্তদেবং ক্রিয়তে দেবরাজ! মমেপ্সিতম্।
মহতা নিয়মেনাহং তপ্স্যে ঘোরতমং তপঃ ॥২৭॥
সমিদ্ধেঽগ্নাবপাকৃত্যাঙ্গমঙ্গং হোষ্যামি বা মঘবংস্তন্নিবোধ।
যদ্যেতদেবং ন করোষি কামং মমেপ্সিতং দেবরাজেহ সর্ব্বম্ ॥২৮॥

লোমশ উবাচ।

নিশ্চয়ং তমভিজ্ঞায় মুনেস্তস্য মহাত্মনঃ।
প্রতিবারণহেত্বর্থং বুদ্ধ্যা সঞ্চিন্ত্য বুদ্ধিমান্ ॥২৯॥

ভারতকৌমুদী

তমিতি। মহামুনিং যবক্রীতম্। বলভিদিন্দ্রঃ ॥২৫॥
অশক্য ইতি। অর্থো বিষয়ঃ। প্রতিভাস্যন্তীত্যত্র নঞ্, অনুবর্ত্তনীয়ঃ ॥২৬॥
নেতি। তৎ বেদজ্ঞানম্, এবং তপসা। নিযমেন প্রকারেণ ॥২৭॥
সমিদ্ধ ইতি। সমিদ্ধে প্রজ্বলিতে, অপাকৃত্য ছিত্ত্বা, অঙ্গমঙ্গং প্রত্যঙ্গম্ ॥২৮॥

মহর্ষি যবক্রীত সেইরূপ তীব্র তপস্যা করিতে লাগিলে, ইন্দ্র আসিয়া পুনরায় তাঁহাকে বারণ করিলেন (বলিলেন—) ॥২৫॥

"মহর্ষি! আপনি অসাধ্য বিষয় আরম্ভ করিয়াছেন, এটা আপনার বুদ্ধির কার্য্য নহে; ইহাতে আপনার বা আপনার পিতার বেদজ্ঞান হইবে না" ॥২৬॥

যবক্রীত বলিলেন—"দেবরাজ! আপনি যদি এই তপস্যা দ্বারা আমার অভীষ্ট বেদজ্ঞান সম্পাদন না করেন, তবে আমি ইহা অপেক্ষাও গুরুতর নিয়মে অতি ভয়ঙ্কর তপস্যা করিব ॥২৭॥

দেবরাজ! আপনি যদি এই তপস্যা দ্বারা আমার সমস্ত অভীষ্ট পর্য্যাপ্তরূপে পূরণ না করেন, তবে মঘবন্! আপনি ইহা জানিয়া রাখুন যে, আমি নিজের অঙ্গ সকল ছেদন করিয়া তাহা দ্বারা প্রজ্বলিত অগ্নিতে হোম করিব" ॥২৮॥

---

(২৬) শ্লোকাৎ পরম্ ·'চতুস্ত্রিংশত্তমোঽধ্যায়ঃ'—পি। (২৭)···ন চৈতদেবম্—বা ব পি নি।

তত ইন্দ্রোঽকরোদ্রূপং ব্রাহ্মণস্য তপস্বিনঃ।
অনেকশতবর্ষস্য দুর্ব্বলস্য সযক্ষ্মণঃ ॥৩০॥ (যুগ্মকম্)
যবক্রীতস্য যত্তীর্থমুচিতং শৌচকর্ম্মণি।
ভাগীরথ্যাং তত্র সেতুং বালুকাভিশ্চকার সঃ ॥৩১॥
যদাঽস্য বদতো বাক্যং ন স চক্রে দ্বিজোত্তমঃ।
বালুকাভিস্ততঃ শক্রো গঙ্গাং সমভিপূরয়ন্ ॥৩২॥
বালুকামুষ্টিমনিশং ভাগীরথ্যাং ব্যসর্জ্জয়ৎ।
সেতুমভ্যারভচ্ছক্রো যবক্রীতং নিদর্শয়ন্ ॥৩৩॥ (যুগ্মকম্)
তং দদর্শ যবক্রীতো যত্নবন্তং নিবন্ধনে।
প্রহসংশ্চাব্রবীদ্বাক্যমিদং স মুনিপুঙ্গবঃ ॥৩৪॥
কিমিদং বর্ত্ততে ব্রহ্মন্! কিঞ্চ তে হ চিকীর্ষিতম্।
অতীব হি মহান্ যত্নঃ ক্রিয়তেঽয়ং নিরর্থকঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

নিশ্চয়মিতি। প্রতিবারণহেত্বর্থং তপসো নিবারণার্থম্। সযক্ষ্মণো যক্ষ্মরোগিণঃ ॥২৯—৩০॥
যবেতি। তীর্থং ঘট্টঃ, উচিতমভ্যস্তম্, শৌচকর্ম্মণি স্নানাদৌ চকার কর্ত্তুমারেভে ॥৩১॥
যদেতি। অস্য ইন্দ্রস্য, বাক্যং নিষেধবচনম্। নিদর্শযন্ দৃষ্টান্তত্বেন ॥৩২—৩৩॥
তমিতি। তং ব্রাহ্মণম্। নিবন্ধনে সেতুবন্ধনে ॥৩৪॥
কিমিতি। ইদং কার্য্যম্। তে ত্বয়া। সেতুবন্ধনানুমানান্নিরর্থক ইত্যুক্তিঃ ॥৩৫॥

লোমশ বলিলেন—"তাহার পর বুদ্ধিমান্ ইন্দ্র মহাত্মা যবক্রীতমুনির তপস্যার প্রতিই সেই নিশ্চয় জানিযা, তাহা হইতে বারণ করিবার জন্য বুদ্ধিদ্বারা একটী উপায় স্থির করিয়া, বহুশত বর্ষবয়স্ক, দুর্ব্বল ও যক্ষ্মরোগগ্রস্ত এক তপস্বী ব্রাহ্মণের রূপ ধারণ করিলেন ॥২৯—৩০॥

তা'র পর যবক্রীতমুনির স্নানপ্রভৃতি কার্য্যে যে ঘাটটী অভ্যস্ত ছিল, গঙ্গার সেই ঘাটে যাইযা সেই ব্রাহ্মণরূপী ইন্দ্র বালুকাদ্বারা একটী সেতু নির্ম্মাণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩১॥

যবক্রীত যখন ইন্দ্রের নিষেধবাক্য রক্ষা করিলেন না, তখন ইন্দ্র বালুকা-দ্বারাই যেন গঙ্গা পূর্ণ করিবার ইচ্ছা করিযা অনবরত গঙ্গাজলে বালুকামুষ্টি নিক্ষেপ করিতে থাকিলেন, এইভাবে তিনি যবক্রীতকে দৃষ্টান্ত দেখাইতে থাকিয়া সেতুবন্ধন আরম্ভ করিলেন ॥৩২—৩৩॥

তৎপরে মুনিশ্রেষ্ঠ যবক্রীত সেই ব্রাহ্মণকে সেতুবন্ধনে যত্নবান্ দেখিলেন ; তখন তিনি হাসিতে হাসিতে এই কথা বলিলেন—॥৩৪॥

ইন্দ্র উবাচ।

বন্ধিষ্যে সেতুনা গঙ্গাং সুখঃ পন্থা ভবিষ্যতি।
ক্লিশ্যতে হি জনস্তাত! চরমাণঃ পুনঃ পুনঃ ॥৩৬॥

যবক্রীত উবাচ।

নায়ং শক্যস্ত্বয়া বদ্ধুং মহানোঘস্তপোধন!।
অশক্যাদ্বিনিবর্ত্তস্ব শক্যমর্থং সমারভ ॥৩৭॥

ইন্দ্র উবাচ।

যথৈব ভবতা চেদং তপো বেদার্থমুদ্যতম্।
অশক্যং তদ্বদস্মাভিরয়ং ভাবঃ সমাহিতঃ ॥৩৮॥

যবক্রীত উবাচ।

যথা তব নিরর্থোঽয়মারম্ভস্ত্রিদশেশ্বর!।
তথা যদি মমাপীদং মন্যসে পাকশাসন! ॥৩৯॥
ক্রিয়তাং যদ্ভবেচ্ছক্যং ত্বয়া সুরগণেশ্বর!।
বরাংশ্চ মে প্রযচ্ছান্যান্ যৈর্বিদ্বান্ ভবিতাস্ম্যহম্ ॥৪০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বন্ধিষ্য ইতি। অত্রাত্মনেপদমিডাগমশ্চার্ষৌ। হি যস্মাৎ। চরমাণশ্চরন্ ॥৩৬॥

নেতি। অয়ং সেতুঃ। ওঘো জলবেগঃ। অর্থং বিষয়ম্ ॥৩৭॥

যথেতি। বেদার্থং বেদলাভার্থম্, উদ্যতমারব্ধম্। সমাহিতঃ স্বয়মেব ধৃতঃ ॥৩৮॥

যথেতি। পূর্ব্বনিবারণেনেদানীং নিবারণেন চেন্দ্রানুমানাত্রিদশেশ্বরেত্যাদিসম্বোধনম্। অন্যান্ বেদব্যতিরিক্তশাস্ত্রবিষয়কান্ ॥৩৯—৪০॥

"ব্রাহ্মণ! এটা কি হইতেছে? আপনি কি করিবার ইচ্ছা করিয়াছেন? এটা যে নিরর্থক অতিগুরুতর চেষ্টা করিতেছেন।" ॥৩৫॥

ইন্দ্র বলিলেন—"বৎস! আমি সেতুদ্বারা গঙ্গা বন্ধন করিব; তাহা হইলেই সুগম পথ হইবে। কারণ, মানুষ এই অবস্থায় বার বার যাতায়াত করিবার সময়ে বড় কষ্ট ভোগ করে" ॥৩৬॥

যবক্রীত বলিলেন—"তপোধন! আপনি এ সেতু বন্ধন করিতে সমর্থ হইবেন না; কারণ, জলের বেগ বড়ই গুরুতর; সুতরাং আপনি এই অসাধ্য কার্য্য হইতে নিবৃত্ত হউন; যাহা করিতে সমর্থ হইবেন, তাহা করুন" ॥৩৭॥

ইন্দ্র বলিলেন—"আপনি যেমন বেদজ্ঞান লাভের নিমিত্ত এই অসাধ্য তপস্যা আরম্ভ করিয়াছেন, আমিও তেমনই এই ভার গ্রহণ করিয়াছি" ॥৩৮॥

যবক্রীত বলিলেন—"দেবরাজ! আপনার এই উদ্যম যেমন নিরর্থক,

(৪০)...যৈরন্যান্ ভবিতাস্ম্যতি—বা ব কা পি।

লোমশ উবাচ।

তস্মৈ প্রাদাদ্বরানিন্দ্র উক্তবান্ যান্ মহাতপাঃ।
প্রতিভাস্যন্তি তে বেদাঃ পিত্রা সহ যথেপ্সিতাঃ ॥৪১॥
যচ্চান্যৎ কাঙ্ক্ষসে কামং যবক্রীর্গম্যতামিতি।
স লব্ধকামঃ পিতরং সমেত্যাথেদমব্রবীৎ ॥৪২॥

যবক্রীত উবাচ।

প্রতিভাস্যন্তি বৈ বেদা মম তাতস্য চোভয়োঃ।
অতি চান্যান্ ভবিষ্যাবো বরা লব্ধাস্তথা ময়া ॥৪৩॥

ভরদ্বাজ উবাচ।

দর্পস্তে ভবিতা তাত! বরাল্লব্ধ্বা যথেপ্সিতান্।
স দর্পপূর্ণঃ কৃপণঃ ক্ষিপ্রমেব বিনঙ্ক্ষ্যসি ॥৪৪॥

ভারতকৌমুদী

তস্মা ইতি। বেদলাভবরদানে শক্তত্বাদেব তদ্বরদানম্। পিত্রা সহ তে তব ॥৪১॥
যদিতি। কাম্যত ইতি কামমভীষ্টং বস্তু, কাঙ্ক্ষসে, তদপি প্রাপ্স্যতীতি শেষঃ ॥৪২॥
প্রতীতি। অন্যান্ রৈভ্যাদীন্, অতি বেদবিদ্যয়া অতিক্রান্তৌ ॥৪৩॥
দর্প ইতি। হে তাত! বৎস!। স ত্বম্, কৃপণঃ ক্ষুদ্রচেতাঃ ॥৪৪॥

আমার এই তপস্যাকেও যদি তেমনই নিরর্থক মনে করেন, তবে আপনি যাহা করিতে সমর্থ হন, তাহা করুন—আপনি আমাকে অন্য বর দান করুন, যাহাতে আমি বিদ্বান্ হইতে পারি" ॥৩৯—৪০॥

লোমশ বলিলেন—"তখন মহাতপা যবক্রীত যাহা প্রার্থনা করিলেন, ইন্দ্র তাঁহাকে সেই বরই দান করিলেন (বলিলেন—) "যবক্রীত! আপনার ও আপনার পিতার হৃদয়ে অভীষ্ট বেদ আবির্ভূত হইবে ॥৪১॥

এবং আপনি অন্য যাহা কামনা করেন, তাহাও লাভ করিবেন; এখন যান"। তাহার পর যবক্রীত অভীষ্ট লাভ করিয়া পিতার নিকট যাইয়া এই কথা বলিলেন" ॥৪২॥

যবক্রীত বলিলেন—"পিতঃ! আমার এবং আপনার দুই জনেরই হৃদয়ে বেদ আবির্ভূত হইবে এবং আমরা দুই জনেই সেই বেদবিদ্যায় অন্য সকলকে অতিক্রম করিতে পারিব; এইরূপ বরই আমি লাভ করিয়াছি" ॥৪৩॥

ভরদ্বাজ বলিলেন—"বৎস! অভীষ্ট বর লাভ করায় তোমার দর্প জন্মিবে এবং তুমি দর্পপূর্ণ হইলে ক্ষুদ্রহৃদয় হইয়া সত্বরই বিনষ্ট হইবে ॥৪৪॥

(৪৩)···অতীবান্যান্—বা ব কা পি।

অত্রাপ্যুদাহরন্তীমাং গাথাং দেবৈরুদাহৃতাম্ ।
মুনিরাসীৎ পুরা পুত্র ! বালধির্নাম বীর্য্যবান্ ॥৪৫॥
স পুত্রশোকাদুদ্বিগ্নস্তপস্তেপে সুদুষ্করম্ ।
ভবেন্মম সুতোঽমর্ত্ত্য ইতি তং লব্ধবাংশ্চ সঃ ॥৪৬॥
তস্য প্রসাদো দেবৈশ্চ কৃতো ন ত্বমরৈঃ সমঃ ।
নামর্ত্ত্যো বিদ্যতে মর্ত্ত্যো নিমিত্তায়ুর্ভবিষ্যতি ॥৪৭॥

বালধিরুবাচ ।

যথেমে পর্ব্বতাঃ শশ্বত্তিষ্ঠন্তি সুরসত্তমাঃ ! ।
অক্ষয়াস্তন্নিমিত্তং মে সুতস্যায়ুর্ভবিষ্যতি ॥৪৮॥

ভরদ্বাজ উবাচ ।

তস্য পুত্রস্তদা জজ্ঞে মেধাবী ক্রোধনঃ সদা ।
স তচ্ছ্রুত্বাঽহকবোদ্দর্পমৃষীংশ্চৈবাবমন্যত ॥৪৯॥

ভারতকৌমুদী

অত্রেতি। উদাহরন্তি শিষ্টা ইতি শেষঃ, গাথামুপাখ্যানম্ ॥৪৫॥

স ইতি। পুত্রশোকাৎ পুত্রাভাবনিবন্ধনাদ্দুঃখাৎ, উদ্বিগ্নঃ অস্থিরচিত্তঃ। অমর্ত্ত্যঃ অমরঃ ॥৪৬॥

তস্যেতি। প্রসাদঃ কৃতঃ পুত্রদানমাত্রেণ, ন তু অমরৈঃ সমঃ কৃতঃ স পুত্রোঽপ্যমরো ন কৃত ইত্যর্থঃ। যেন হি মর্ত্ত্যো মরণধর্ম্মা নরঃ, অমর্ত্ত্যঃ অমরণধর্ম্মা ন বিদ্যতে ন ভবতি। কিন্তু নিমিত্তং যৎকিঞ্চিচ্চিহ্নমিব আয়ুর্যস্য স তাদৃশো ভবিষ্যতীতি চোক্তমিতি শেষঃ ॥৪৭॥

যথেতি। শশ্বৎ সদা। তন্নিমিত্তং তন্নিদর্শনকম্। এষাং পর্ব্বতানাং নাশে নাশঃ স্থিতৌ চ স্থিতিরিতি ভাবঃ ॥৪৮॥

পুত্র! এ বিষয়ে শিষ্ট লোকেরা দেবগণের উদাহৃত একটী উপাখ্যানের উল্লেখ করেন। যথা—পূর্ব্বকালে 'বালধি'-নামে এক প্রভাবশালী মুনি ছিলেন ॥৪৫॥

তাঁহার পুত্র না থাকায় তিনি অস্থিরচিত্ত হইয়া 'আমার একটী অমর পুত্র হউক' এইরূপ কামনা করিয়া অতিদুষ্কর তপস্যা করেন এবং যথাকালে পুত্রলাভও করেন ॥৪৬॥

দেবতারা তাঁহার উপরে অনুগ্রহ করিয়াছিলেন বটে; কিন্তু সে পুত্রটীকে অমর করেন নাই। (তবে, তাঁহারা বলিযাছিলেন যে,) মর্ত্ত্য অমর্ত্ত্য হয় না, অর্থাৎ মানুষ অমর হয় না; তবে কোন নিদর্শনের মত ইহার আয়ু হইবে" ॥৪৭॥

তখন বালধি বলিলেন—"দেবশ্রেষ্ঠগণ! এই পর্ব্বতগুলি যেমন চিরকাল অক্ষয় হইযা রহিয়াছে, আমার পুত্রের আয়ুও সেইরূপই অক্ষয় হউক" ॥৪৮॥

---

(৪৫)…ইমা গাথা দেবৈরুদাহৃতাঃ—বা ব কা নি।

বিকুর্ব্বাণো মুনীনাঞ্চ ব্যচরৎ স মহীমিমাম্।
আসসাদ মহাবীর্য্যং ধনুষাক্ষং মনীষিণম্ ॥৫০॥
তস্যাপচক্রে মেধাবী তং শশাপ স বীর্য্যবান্।
ভব ভস্মেতি চোক্তঃ স ন ভস্ম সমপদ্যত ॥৫১॥
ধনুষাক্ষস্তু তং দৃষ্ট্বা মেধাবিনমনাময়ম্।
নিমিত্তমস্য মহিষৈর্ভেদয়ামাস বীর্য্যবান্ ॥৫২॥
স নিমিত্তে বিনষ্টে তু মমার সহসা শিশুঃ।
তং মৃতং পুত্রমাদায় বিললাপ ততঃ পিতা ॥৫৩॥

ভারতকৌমুদী

তস্যেতি। মেধাবী নাম। তচ্চ পরস্তাৎ স্ফুটীভবিষ্যতি। তৎ আত্মনঃ পর্ব্বত-তুল্যায়ুষ্ট্বম্ ॥৪৯॥

বীতি। বিকুর্ব্বাণঃ অপকারকরণেন মনসি বিকারং জনয়ন্। ধনুষাক্ষং নাম ॥৫০॥

তস্যেতি। স ধনুষাক্ষো মুনিঃ। ভস্ম ন সমপদ্যত ভস্ম নাভবৎ, দেববরাৎ ॥৫১॥

ধনুষেতি। অনাময়ং সুস্থম্। নিমিত্তম্ আয়ুর্নিদর্শনীভূতং পর্ব্বতসমূহম্, ভেদয়ামাস বভঞ্জ, বীর্য্যবান্ তপঃপ্রভাববান্। অত্রায়মাশয়ঃ—যাবদিমে পর্ব্বতাস্তিষ্ঠন্তি তাবদস্যায়ুস্তিষ্ঠ-ত্বিতি পিতৃপ্রার্থনানুসারেণ দেববরাৎ পর্ব্বতস্থিত্যা তস্য ন ভস্মত্বম্। তদ্বিভাব্য তং ভস্মীকর্ত্তুং তপঃপ্রভাবাদ্ধনুষাক্ষঃ পর্ব্বতানেব বভঞ্জেতি ॥৫২॥

তদেবাহ—স ইতি। নিমিত্তে আয়ুর্নিদর্শনীভূতে পর্ব্বতসমূহে। পিতা বালধি. ॥৫৩॥

ভরদ্বাজ বলিলেন—"তখন বালধিমুনির 'মেধাবী'-নামে সর্ব্বদা কোপনস্বভাব একটী পুত্র জন্মিল; সেই পুত্র নিজের আয়ু পর্ব্বতের তুল্য শুনিয়া দর্প করিতে লাগিল এবং মুনিগণের অবমাননা করিতে থাকিল ॥৪৯॥

এবং মেধাবী, মুনিগণের অপকার করিতে থাকিয়া এই পৃথিবী বিচরণ করিতে লাগিল, একদা সে—অত্যন্ত তপঃপ্রভাবশালী ও অসাধারণ জ্ঞানী ধনুষাক্ষমুনির নিকট উপস্থিত হইল ॥৫০॥

এবং তাঁহারও অপকার করিল, তখন প্রভাবশালী ধনুষাক্ষমুনি তাহাকে অভিসম্পাত করিলেন যে, 'তুই ভস্ম হ', কিন্তু মেধাবী ভস্ম হইল না। ॥৫ ॥

তখন প্রভাবশালী ধনুষাক্ষমুনি মেধাবীকে সুস্থই দেখিয়া উহার আয়ুর নিদর্শন পর্ব্বতগুলিকে মহিষদ্বারা ভাঙ্গিয়া ফেলিলেন ॥৫২॥

তাহার আয়ুর নিদর্শন পর্ব্বতগুলি বিনষ্ট হইলে, সে মেধাবীও তৎক্ষণাৎ মরিয়া গেল। তাহার পর তাহার পিতা বালধি আসিয়া সেই মৃত পুত্র মেধাবীকে কোলে লইয়া বিলাপ করিতে লাগিলেন ॥৫৩॥

লালপ্যমানং তং দৃষ্ট্বা মুনয়ঃ পরমার্ত্তবৎ।
ঊচুর্বেদবিদঃ সর্ব্বে গাথাং যাং তাং নিবোধ মে ॥৫৪॥
ন দিষ্টমর্থমত্যেতুমীশো মর্ত্ত্যঃ কথঞ্চন।
মহিষৈর্ভেদয়ামাস ধনুষাক্ষো মহীধরান্ ॥৫৫॥
এবং লব্ধ্বা বরান্ বালা দর্পপূর্ণাস্তপস্বিনঃ।
ক্ষিপ্রমেব বিনশ্যন্তি যথা ন স্যাত্তথা ভবান্ ॥৫৬॥
এষ রৈভ্যো মহাবীর্য্যঃ পুত্রৌ চাস্য তথাবিধৌ।
তং যথা পুত্র! নাভ্যেষি তথা কুর্য্যাস্ত্বতন্দ্রিতঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

লালপ্যেতি। লালপ্যমানং ভৃশং বিলপন্তম্, তং বালধিম্। গাথাং বাক্যম্ ॥৫৪॥

নেতি। মর্ত্ত্যো মরণধর্ম্মা জনঃ কথঞ্চনাপি, দিষ্টং দৈবনির্দ্দিষ্টম্, অর্থং বিষয়ম্, অত্যেতুমতিক্রমিতুম্, ঈশঃ সমর্থো ন ভবতি। অত্রোদাহরণমাহ—মহিষৈরিতি। ধনুষাক্ষো মুনির্মহিষৈরেব মহীধরান্ ভেদয়ামাস বভঞ্জ। তথা চ দিষ্টবশাদেব মহিষৈরশক্যমপি পর্ব্বতভেদনং ধনুষাক্ষেণ কৃতমিতি ভাবঃ ॥৫৫॥

এবমিতি। বালা অল্পবয়স্কাঃ, দর্পপূর্ণাঃ সন্তঃ। ভবান্ যবক্রীতঃ ॥৫৬॥

এষ ইতি। রৈভ্যো মুনিঃ, মহাবীর্য্যঃ অতীবতপঃপ্রভাবশালী ॥৫৭॥

ভারতভাবদীপঃ

॥২২—২৫॥ ন প্রতিভাস্যন্তীতি নকারাবৃত্ত্যা যোজ্যম্ ॥২৬—৪৫॥ অমর্ত্ত্য ইতি চ্ছেদঃ, অমর ইত্যর্থঃ ॥৪৬—৫১॥ নিমিত্তং পর্ব্বতান্, ভেদয়ামাস খণ্ডয়ামাস ॥৫২—৫৪॥ দিষ্টং দৈববিহিতম্ ॥৫৫—৬০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১১॥

তাহাকে অত্যন্ত বিলাপ করিতে দেখিয়া বেদজ্ঞ মুনিরা সকলেও অত্যন্ত শোকার্ত্তের ন্যায় হইয়া যে কথা বলিয়াছিলেন, তাহা তুমি আমার নিকট শ্রবণ কর—॥৫৪॥

"মানুষ কোন প্রকারেই দৈবনির্দ্দিষ্ট বিষয় অতিক্রম করিতে সমর্থ হয় না। দেখ—ধনুষাক্ষমুনি মহিষদ্বারা পর্ব্বতগুলিকে ভাঙ্গিয়া ফেলিলেন।" ॥৫৫॥

যবক্রীত! তপস্বিবালকেরা বর লাভ করিয়া এইরূপই দর্পপূর্ণ হইয়া সত্বরই বিনষ্ট হইয়া থাকে; সুতরাং তুমিও যাহাতে সেইরূপ না হও (তাহা করিও) ॥৫৬॥

এই রৈভ্যমুনি অত্যন্ত তপঃপ্রভাবশালী এবং ইঁহার পুত্র দুইজনও সেইরূপই, সুতরাং পুত্র! তোমার যাহাতে উঁহার নিকট না যাইতে হয়, সাবধান হইয়া তাহা করিও ॥৫৭॥

স হি ক্রুদ্ধঃ সমর্থশ্চ পুত্র! পীড়য়িতুং রুষা।
রৈভ্যশ্চাপি তপস্বী চ কোপনশ্চ মহানৃষিঃ ॥৫৮॥

যবক্রীত উবাচ।

এবং করিষ্যে মা তাপং তাত! কার্ষীঃ কথঞ্চন।
যথা হি মে ভবান্ মান্যস্তথা রৈভ্যঃ পিতা মম ॥৫৯॥

লোমশ উবাচ।

উক্ত্বা স পিতরং শ্লক্ষ্ণং যবক্রীরকুতোভয়ঃ।
বিপ্রকুর্ব্বন্নৃষীনন্যানতুষ্যৎ পরয়া মুদা ॥৬০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং যবক্রীতোপাখ্যানে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

স ইতি। ক্রুদ্ধ আগন্তুককারণেন, কোপনশ্চ স্বভাবত ইত্যপৌনরুক্ত্যম্ ॥৫৮॥

এবমিতি। তাপমুদ্বেগম্। পিতা পিতৃসখত্বাৎ পিতৃতুল্যঃ ॥৫৯॥

উক্ত্বেতি। শ্লক্ষ্ণং কোমলম্। বিপ্রকুর্ব্বন্ অপকারকরণেন বিকৃতান্ কুর্ব্বন্ ॥৬০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামেকাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

কারণ, মহর্ষি রৈভ্য তপস্বী, কোপনস্বভাব এবং আগন্তুক কারণেও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পড়েন, সুতরাং পুত্র! তিনি ক্রোধবশতঃ অনিষ্ট করিতে পারেন" ॥৫৮॥

যবক্রীত বলিলেন—"পিতঃ! আমি এইরূপই করিব, আপনি কোন প্রকার উদ্বেগ করিবেন না। আপনি যেমন আমার পিতা বলিয়া মাননীয়, রৈভ্যও তেমন আমার পিতার সখা বলিয়া মাননীয়" ॥৫৯॥

লোমশ বলিলেন—"যবক্রীত পিতাকে এইরূপ কোমল বাক্য বলিয়া, অকুতোভয়ে অন্যান্য ঋষিদের অপকার করিতে থাকিয়া পরমানন্দে উৎফুল্ল হইতে লাগিল" ॥৬০॥

—:*:—

* '...পঞ্চত্রিংশদধিক...'—বা ব ব পি, '...সপ্তত্রিংশদধিক...'—নি।

দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

লোমশ উবাচ ।

চংক্রম্যমাণঃ স তদা যবক্রীরকুতোভয়ঃ ।
জগাম মাধবে মাসি রৈভ্যাশ্রমপদং প্রতি ॥১॥
স দদর্শাশ্রমে রম্যে পুষ্পিতদ্রুমভূষিতে ।
বিচরন্তীং স্নুষাং তস্য কিন্নরীমিব ভারত ! ॥২॥
যবক্রীস্তামুবাচেদমুপতিষ্ঠস্ব মামিতি ।
নির্লজ্জো লজ্জয়া যুক্তাং কামেন হৃতচেতনঃ ॥৩॥
সা তস্য শীলমাজ্ঞায় তস্মাচ্ছাপাচ্চ বিভ্যতী ।
তেজস্বিতাঞ্চ রৈভ্যস্য তথেত্যুক্ত্বা জগাম হ ॥৪॥
তত একান্তমানীয় লজ্জযামাস ভারত ! ।
আজগাম তদা রৈভ্যঃ স্বমাশ্রমমরিন্দম ! ॥৫॥

ভারতকৌমুদী

চংক্রম্যেতি। চংক্রম্যমাণো ভৃশং বিচরন্। মাধবে উদ্দীপকে বৈশাখে ॥১॥
স ইতি। স্নুষাং কনিষ্ঠপুত্রস্য পরাবসোর্বধূম্, তস্য রৈভ্যস্য ॥২॥
যবক্রীরিতি। উপতিষ্ঠস্ব রমণেন সেবস্ব। হৃতচেতন আকৃষ্টচিত্তঃ ॥৩॥
সেতি। তেজস্বিতাঞ্চাজ্ঞায়। তথা চ স্বতেজসা রৈভ্য এবৈনং দময়িষ্যতীতি ভাবঃ ॥৪॥
তত ইতি। লজ্জযামাস 'মামুপতিষ্ঠস্ব' ইতি পূর্ব্ববদ্বাক্যেনৈব লজ্জিতাং চকার ॥৫॥

লোমশ বলিলেন—"তখন যবক্রীত অকুতোভয়ে নিরন্তর বিচরণ করিতে থাকিয়া একদা বৈশাখমাসে রৈভ্যাশ্রমে গমন করিল ॥১॥

ভরতনন্দন ! তখন যবক্রীত, পুষ্পিত বৃক্ষে পরিশোভিত মনোহর আশ্রমে রৈভ্যের কনিষ্ঠ পুত্রবধূকে কিন্নরীর ন্যায় বিচরণ করিতে দেখিল ॥২॥

তখন যবক্রীত কামাকৃষ্টচিত্ত হইযা লজ্জা পরিত্যাগপূর্ব্বক সেই লজ্জিতা রমণীকে এই কথা বলিল—"তুমি আমাকে ভজনা কর" ॥৩॥

তখন সেই রমণী যবক্রীতের স্বভাব বুঝিয়া, রৈভ্যের তেজস্বিতার বিষয় স্মরণ করিয়া এবং যবক্রীতের শাপের ভযে ভীত হইযা 'তাহাই হইবে' এই কথা বলিযা অন্যত্র চলিয়া গেল ॥৪॥

---

(৫) তত একান্তমনীয় মজ্জয়ামাস—বা ব কা, তত একান্তমানীয় মজ্জয়ামাস—পি ।

ততঃ সমভবন্নারী তস্যা রূপেণ সম্মিতা।
অবলুঞ্চ্যাপরাঞ্চাথ জুহাবাগ্নৌ জটাং পুনঃ ॥১০॥
ততঃ সমভবদ্রক্ষো ঘোরাক্ষং ভীমদর্শনম্।
অব্রূতাং তৌ তদা রৈভ্যং কিং কার্য্যং করবাবহে ॥১১॥
তাবব্রবীদৃষিঃ ক্রুদ্ধো যবক্রীর্বধ্যতামিতি।
জগ্মতুস্তৌ তথেত্যুক্ত্বা যবক্রীতজিঘাংসয়া ॥১২॥
ততস্তং সমুপস্থায় কৃত্যা সৃষ্টা মহাত্মনা।
কমণ্ডলুং জহারাস্য মোহয়িত্বেব ভারত। ॥১৩॥
উচ্ছিষ্টন্তু যবক্রীতমপকৃষ্টকমণ্ডলুম্।
তত উদ্যতশূলঃ স রাক্ষসঃ সমুপাদ্রবৎ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ অগ্নিতঃ, তস্যা জটায়া রূপেণ সম্মিতা কৃষ্ণবর্ণেত্যর্থঃ ॥১০॥

তত ইতি। রক্ষঃ কশ্চন রাক্ষসঃ, ঘোরাক্ষং ভয়ঙ্করনেত্রম্। তৌ নারীরাক্ষসৌ ॥১১॥

তাবিতি। ঋষিঃ রৈভ্যঃ। যবক্রীর্যবক্রীতঃ। তথা তদেব করিষ্যাবঃ ॥১২॥

তত ইতি। তং যবক্রীতম্, সমুপস্থায় উপগম্য, কৃত্যা আভিচারিকী দেবতা সা নারী। কমণ্ডলুহরণম্ উচ্ছিষ্টমুখস্য যবক্রীতস্যাচমনবিঘাতার্থম্ ॥১৩॥

উচ্ছিষ্টমিতি। উচ্ছিষ্টম্ উচ্ছিষ্টমুখম্, অপকৃষ্টকমণ্ডলুম্, অতএব ব্যাহতাচমনকম্। অতএব চ জলাশয়ান্বেষণমিত্যবধেয়ম্ ॥১৪॥

ক্রোধেও আকুল হইয়া একটা জটা ছিঁড়িয়া সংস্কৃত অগ্নিতে নিক্ষেপ করিলেন ॥৯॥

তখন সেই জটার ন্যায় কৃষ্ণবর্ণ একটা স্ত্রী সেই অগ্নি হইতে উৎপন্ন হইল। তাহার পর আবার তিনি আর একটা জটা ছিঁড়িয়া অগ্নিতে নিক্ষেপ করিলেন ॥১০॥

তাহাতেও ভয়ঙ্কর নয়ন ও ভয়ঙ্কর দর্শন একটা রাক্ষস উৎপন্ন হইল। তখন তাহারা রৈভ্যমুনিকে বলিল—"আমরা আপনার কি কার্য্য করিব ?" ॥১১॥

তখন ক্রুদ্ধ রৈভ্যমুনি তাহাদিগকে বলিলেন—"যবক্রীতকে বধ কর"। 'তাহাই হইবে' এই কথা বলিয়া তাহারা যবক্রীতকে বধ করিবার জন্য চলিয়া গেল ॥১২॥

ভরতনন্দন। তাহার পর রৈভ্যমুনির সৃষ্ট সেই নারী যবক্রীতের নিকট যাইয়া তাহাকে যেন মুগ্ধ করিয়া তাহার কমণ্ডলুটী হরণ করিল ॥১৩॥

যবক্রীতের মুখ উচ্ছিষ্ট ছিল, কমণ্ডলুও হরণ করিয়াছিল; এমন সময়ে সেই রাক্ষস শূল উত্তোলন করিয়া যবক্রীতের দিকে ধাবিত হইল ॥১৪॥

তস্মাদ্রবন্তং সংপ্রেক্ষ্য শূলহস্তং জিঘাংসয়া।
যবক্রীঃ সহসোত্থায় প্রাদ্রবদ্‌যেন বৈ সরঃ ॥১৫॥
জলহীনং সরো দৃষ্ট্বা যবক্রীস্ত্বরিতঃ পুনঃ।
জগাম সরিতঃ সর্ব্বাস্তাশ্চাপ্যাসন্ বিশোষিতাঃ ॥১৬॥
স কাল্যমানো ঘোরেণ শূলহস্তেন রক্ষসা।
অগ্নিহোত্রে পিতুর্ভীতঃ সহসা প্রবিবেশ হ ॥১৭॥
স বৈ প্রবিশমানস্তু শূদ্রেণান্ধেন রক্ষিণা।
নিগৃহীতো বলাদ্দ্বারি সোঽবাতিষ্ঠত পার্থিব! ॥১৮॥

ভারতকৌমুদী

তমিতি। উত্থায় ভোজনপীঠাৎ। যেন দিগ্‌ভাগেন সর আসীৎ, তেন দিগ্‌ভাগেন প্রাদ্রবৎ আচমনায়াধাবৎ। অত্রায়মাশয়ঃ—তদানীং সমাপ্তভোজনো যবক্রীতস্তৎপীঠস্থিত এব তাদৃশং রাক্ষসমাগচ্ছন্তমবলোক্য উচ্ছিষ্টমুখত্বেনাপবিত্রতয়া শাপদানানর্হত্বেন রাক্ষসনিবারণাশক্তত্বাৎ কমণ্ডলোশ্চাদর্শনাদাচমনায়ৈব সরোবরাদৌ প্রক্রান্তঃ। তথা চ "উচ্ছিষ্টেন তু বিপ্রেণ বিপ্রঃ স্পৃষ্টস্তু তাদৃশঃ। উভৌ স্নানং প্রকুরুতঃ সদ্য এব সমাহিতৌ॥" "সুপ্ত্বা ক্ষুত্বা চ ভুক্ত্বা চ নিষ্ঠীব্যোক্ত্বাঽনৃতং বচঃ। পীত্বাপোঽধ্যেষ্যমাণশ্চ আচামেৎ প্রযতোঽপি সন্॥" ইতি প্রায়শ্চিত্ততত্ত্বধৃতস্মৃতিভ্যামুচ্ছিষ্টমুখত্বাবস্থায়ামপবিত্রত্বম্, আচমনেন চ তদপনোদনং সূচিতম্। অপবিত্রাবস্থায়ামেব চ রাক্ষসাদ্যাক্রমণং প্রসিদ্ধমিতি॥১৫॥

জলেতি। জলহীনং রৈভ্যমায়য়া। বিশোষিতা রৈভ্যমায়য়ৈব॥১৬॥

স ইতি। কাল্যমান আক্রম্যমাণঃ। অগ্নিহোত্রে তদ্‌গৃহে, প্রবিবেশ প্রবেষ্টুমুদ্যতঃ॥১৭॥

স ইতি। অন্ধেনেত্যনেন শূদ্রস্য প্রভুপুত্রতয়া অপরিচয়ঃ সূচিতঃ। নিগৃহীতো ধৃতঃ॥১৮॥

ভারতভাবদীপঃ

সুসংস্কৃতৈঃ স্বরবর্ণাদিসংস্কারযুক্তৈর্মন্ত্রৈঃ॥৯॥ নারী কৃত্যা॥১০—১৬॥ কাল্যমানঃ সর্ব্বতো নিষিধ্যমানঃ, অগ্নিহোত্র অগ্নিহোত্রশালায়াম্॥১৭॥ অবাতিষ্ঠত বহিরেব॥১৮—২০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ॥১১২॥

বধ করিবার ইচ্ছায় শূলহস্তে সেই রাক্ষস আসিতেছে দেখিয়া যবক্রীত তৎক্ষণাৎ উঠিয়া—যে দিকে সরোবর ছিল, সেই দিকে ধাবিত হইল॥১৫॥

যবক্রীত সে সরোবরটাকে জলশূন্য দেখিয়া পুনরায় সত্বর সকল নদীতে গেল; কিন্তু সে নদীগুলিও তখন শুষ্ক হইয়া ছিল॥১৬॥

শূলধারী ভয়ঙ্কর রাক্ষস আক্রমণ করিতে আসিতেছিল; তাই ভীত হইয়া যবক্রীত তৎক্ষণাৎ পিতার অগ্নিহোত্রগৃহে প্রবেশ করিবার চেষ্টা করিল॥১৭॥

কিন্তু প্রবেশ করিবার সময়েই দ্বাররক্ষী অন্ধ একটা শূদ্র যবক্রীতকে বল-

নিগৃহীতস্তু শূদ্রেণ যবক্রীতং স রাক্ষসঃ।
তাড়য়ামাস শূলেন স ভিন্নহৃদয়োঽপতৎ ॥১৯॥
যবক্রীতং স হত্বা তু রাক্ষসো রৈভ্যমাগমৎ।
অনুজ্ঞাতস্তু রৈভ্যেণ তয়া নার্য্যা সহাবসৎ ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং যবক্রীতোপাখ্যানে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

লোমশ উবাচ।
ভরদ্বাজস্তু কৌন্তেয়! কৃত্বা স্বাধ্যায়মাহ্নিকম্।
সমিৎকলাপমাদায় প্রবিবেশ স্বমাশ্রমম্ ॥১॥

ভারতকৌমুদী

নিগৃহীতমিতি। তাড়য়ামাস বক্ষসি। ভিন্নহৃদয়ো বিদীর্ণবক্ষাঃ ॥১৯॥
যবেতি। অনুজ্ঞাতঃ তয়া নার্য্যা সহ বাসায়ানুমতঃ ॥২০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভরেতি। আহ্নিকং দৈনিকম্, স্বাধ্যায়ং বেদপাঠম্। সমিধাং কলাপং সমূহম্ ॥১॥

পূর্ব্বক ধরিয়া ফেলিল। ভরতনন্দন! তখন যবক্রীত সেই দ্বারদেশেই থাকিল ॥১৮॥

এই সময়ে সেই রাক্ষস আসিয়া শূদ্রকর্তৃক ধৃত যবক্রীতকে শূলদ্বারা আঘাত করিল; যবক্রীতও বিদীর্ণহৃদয় হইয়া ভূতলে পতিত হইল ॥১৯॥

এইভাবে সেই রাক্ষস যবক্রীতকে বধ করিয়া রৈভ্যমুনির নিকট গেল এবং তাঁহার অনুমতিক্রমে সেই নারীর সহিত বাস করিতে লাগিল" ॥২০॥

—:*:—

লোমশ বলিলেন—"কুন্তীনন্দন! ভরদ্বাজমুনি দৈনিক বেদপাঠ সমাপ্ত করিয়া সমিৎসমূহ লইয়া নিজের আশ্রমে প্রবেশ করিলেন ॥১॥

---

* '...ষট্‌ত্রিংশদধিকশততমঃ...'—বা ব বা পি, '...ভট্টত্রিংশদধিকশততমঃ...'—নি।

তং স্ম দৃষ্ট্বা পুরা সর্ব্বে সমুত্তিষ্ঠন্তি পাবকাঃ।
ন ত্বেনমুপতিষ্ঠন্তি হতপুত্রং তদাগ্নয়ঃ ॥২॥
বৈকৃতং ত্বগ্নিহোত্রে স লক্ষয়িত্বা মহাতপাঃ।
তমন্ধং শূদ্রমাসীনং গৃহপালমথাব্রবীৎ ॥৩॥
কিন্নু মে নাগ্নয়ঃ শূদ্র! প্রতিনন্দন্তি দর্শনম্।
ত্বঞ্চাপি ন যথা পূর্ব্বং কচ্চিৎ ক্ষেমমিহাশ্রমে ॥৪॥
কচ্চিন্ন রৈভ্যং পুত্রো মে গতবানল্পচেতনঃ।
এতদাচক্ষ্ব মে শীঘ্রং ন হি শুধ্যতি মে মনঃ ॥৫॥

শূদ্র উবাচ।

রৈভ্যং যাতো নূনময়ং পুত্রস্তে মন্দচেতনঃ।
তথাহি নিহতঃ শেতে রাক্ষসেন বলীয়সা ॥৬॥

ভারতকৌমুদী

তমিতি। সমুত্তিষ্ঠন্তি ঊর্দ্ধশিখাঃ প্রজ্বলন্তি স্ম। উপতিষ্ঠন্তি পূর্ব্ববদূর্দ্ধশিখাঃ সন্তঃ সেবন্তে, হতপুত্রত্বেনামঙ্গলদর্শনাৎ অবনতশিখত্বেন বিষাদসূচনাদিতি ভাবঃ ॥২॥

বৈকৃতমিতি। বৈকৃতং বিকারং পূর্ব্বতোঽন্যথাভাবম্। গৃহপালমাশ্রমরক্ষকম্ ॥৩॥

কিমিতি। ত্বঞ্চাপি ন প্রতিনন্দসীত্যর্থঃ। কচ্চিৎ বেদিতুমিচ্ছামি ॥৪॥

কচ্চিদিতি। অল্পচেতনঃ অল্পবুদ্ধিঃ। শুধ্যতি প্রসীদতি ॥৫॥

রৈভ্যমিতি। নূনমিত্যুৎপ্রেক্ষায়াম্। তথাহি তেনৈব হেতুনা ॥৬॥

তখন তাঁহার হোমগৃহের অগ্নি সকল পূর্ব্বের ন্যায় তাঁহাকে দেখিয়া ঊর্দ্ধশিখ হইয়া জ্বলিতে লাগিল না, কিংবা অগ্নিগুলি হতপুত্র বলিয়া উঁহার সেবাও করিল না ॥২॥

তাহার পর মহাতপা ভরদ্বাজ অগ্নিহোত্রগৃহের অগ্নিগুলির এইরূপ অন্য ভাব দেখিয়া উপবিষ্ট আশ্রমরক্ষক সেই অন্ধ শূদ্রকে বলিলেন—॥৩॥

"শূদ্র! অগ্নিগুলি পূর্ব্বের ন্যায় আমার সন্দর্শনের অভিনন্দন করিতেছে না কেন? তুমিই বা অভিনন্দন করিতেছ না কেন? এ আশ্রমের মঙ্গল ত? ॥৪॥

আমার অল্পবুদ্ধি পুত্র রৈভ্যমুনির আশ্রমে যায় নাই ত? ইহা আমার নিকট সত্বর বল। কারণ, আমার মন প্রসন্ন হইতেছে না" ॥৫॥

শূদ্র বলিল—"মহর্ষি! আমি মনে করি—আপনার এই অল্পবুদ্ধি পুত্র রৈভ্যমুনির আশ্রমে গিয়াছিলেন; সেই জন্যই প্রবল রাক্ষসকর্ত্তৃক নিহত হইয়া শয়ন করিয়া রহিয়াছেন ॥৬॥

প্রকাল্যমানস্তেনাসৌ শূলহস্তেন রক্ষসা।
অগ্ন্যাগারং প্রতি দ্বারি ময়া দোর্ভ্যাং নিবারিতঃ ॥৭॥
ততঃ স বিহতাশোঽত্র জলকামোঽশুচির্ধ্রুবম্।
নিহতঃ সোঽতিবেগেন শূলহস্তেন রক্ষসা ॥৮॥
ভরদ্বাজস্তু তচ্ছ্রুত্বা শূদ্রস্য বিপ্রিয়ং মহৎ।
গতাসুং পুত্রমাদায় বিললাপ সুদুঃখিতঃ ॥৯॥

ভরদ্বাজ উবাচ।

ব্রাহ্মণানাং কিলার্থায় ননু ত্বং তপ্তবাংস্তপঃ।
দ্বিজানামনধীতা বৈ বেদাঃ সম্প্রতিভান্ত্বিতি ॥১০॥
তথা কল্যাণশীলস্ত্বং ব্রাহ্মণেষু মহাত্মসু।
অনাগাঃ সর্ব্বভূতেষু কথং মৃত্যুমুপেযিবান্ ॥১১॥

ভারতকৌমুদী

প্রেতি। প্রকাল্যমান আক্রম্যমাণঃ। প্রতি আগচ্ছন্নিতি শেষঃ, দোর্ভ্যাং বাহুভ্যাম্ ॥৭॥

তত ইতি। বিহিতাশঃ অগ্ন্যাগারপ্রবেশাশাবহিতঃ, অশুচিঃ, উচ্ছিষ্টমুখত্বাৎ ॥৮॥

ভরেতি। শূদ্রস্য মুখাৎ, বিপ্রিয়ম্ অপ্রিয়ম্। গতাসুং নির্গতপ্রাণম্ ॥৯॥

ব্রাহ্মণানামিতি। অর্থায় প্রয়োজনায়। সম্প্রতিভান্তু আত্মনি সম্যক্ স্ফুরন্তু ॥১০॥

তথেতি। কল্যাণশীলো মঙ্গলসম্পাদনস্বভাবঃ। অনাগা নিরপরাধঃ ॥১১॥

সেই রাক্ষস শূলহস্তে আক্রমণ করিতে আসিতেছিল; তাই উনি হোমগৃহে প্রবেশ করিতে আসিতেছিলেন, তখন আমি দ্বারদেশে বাহুযুগলদ্বারা উঁহাকে বারণ করিয়াছিলাম ॥৭॥

তখন উঁহার হোমগৃহে প্রবেশ করিবার আশা তিরোহিত হইয়াছিল; সম্ভবতঃ সেই সময়ে উনি মুখপ্রক্ষালনের জন্য জল প্রার্থনা করিতেছিলেন এবং উচ্ছিষ্টমুখ বলিয়া অপবিত্র ছিলেন; তখন সেই রাক্ষস শূলহস্তে অতিবেগে আসিয়া উঁহাকে নিহত করিল" ॥৮॥

ভরদ্বাজ তখন শূদ্রের মুখে সেই গুরুতর অপ্রিয় সংবাদ শুনিয়া অত্যন্ত দুঃখিত হইয়া সেই গতাসু পুত্রটীকে লইয়া বিলাপ করিতে লাগিলেন ॥৯॥

ভরদ্বাজ বলিলেন—"যবক্রীত! তুমি ব্রাহ্মণদের জন্যই তপস্যা করিয়াছিলে; তোমার উদ্দেশ্য ছিল—অনধীত অবস্থায়ই ব্রাহ্মণদের হৃদয়ে বেদ সকল আবির্ভূত হউক ॥১০॥

সুতরাং তুমি মহাত্মা ব্রাহ্মণদের বিষয়ে সেইরূপ মঙ্গলময় স্বভাব হইয়া

(৭) প্রকাল্যমানস্তেনায়ম্—বা ব কা নি। (১১)…কর্কশত্বমুপেযিবান্—বা ব কা নি।

প্রতিষিদ্ধো ময়া তাত! রৈভ্যাবসথদর্শনাৎ।
গতবানেব তং দ্রষ্টুং কালান্তকযমোপমম্ ॥১২॥
যঃ স জানন্ মহাতেজা বৃদ্ধস্যৈকং মমাত্মজম্।
গতবানেব কোপস্য বশং রমদুর্ম্মতিঃ ॥১৩॥
পুত্রশোকমনুপ্রাপ্ত এষ রৈভ্যস্য কর্ম্মণা।
ত্যক্ষ্যামি ত্বামৃতে পুত্র! প্রাণানিষ্টতমান্ ভুবি ॥১৪॥
যথাহং পুত্রশোকেন দেহং ত্যক্ষ্যামি কিল্বিষী।
তথাজ্যেষ্ঠঃ সুতো রৈভ্যং হিংস্যাচ্ছীঘ্রমনাগসম্ ॥১৫॥

ভারতকৌমুদী

প্রতীতি। কালে আয়ুঃশেষসময়ে অন্তকো বদ্ধা যো যমঃ স এবোপমা যস্য তম্ ॥১২॥
য ইতি। যঃ স প্রসিদ্ধো রৈভ্যঃ, মহাতেজা অতীবতপঃপ্রভাবশালী ॥১৩॥
পুত্রেতি। কর্ম্মণা কৃত্যাসৃষ্টিকরণেন। এতচ্চ ধ্যানাদবগম্যোক্তম্। ঋতে বিনা ॥১৪॥
রৈভ্যং শপতি—যথেতি। তথাজ্যেষ্ঠ ইত্যত্রাকারলোপো মন্তব্যঃ পরাধ্যায়ে কনিষ্ঠপুত্রেণ পরাবসুনৈব রৈভ্যবধস্য বক্ষ্যমাণত্বাৎ। তথা চ অজ্যেষ্ঠঃ কনিষ্ঠঃ পরাবসুর্নাম রৈভ্যস্যৈব সুত ইত্যর্থঃ। অনাগসং নিরপরাধম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

ভরদ্বাজ ইতি। আহ্নিকং স্বাধ্যায়ং প্রত্যহং কর্ত্তব্যং ব্রহ্মযজ্ঞম্ ॥১॥ হতপুত্রত্বেন অশৌচযুক্তত্বাৎ ॥২—৪॥ শুধ্যতি নিঃসন্দেহং ভবতি ॥৫—৬॥ অগ্ন্যাগারং প্রবিষ্টস্য রক্ষোভয়ং ন ভবেদিতি ভাবঃ ॥৭—৮॥ শূদ্রস্য শূদ্রকৃতং বিপ্রিয়ং পুত্রনিরোধেন কৃতম্ ॥৯—১৪॥ কিল্বিষী শোকাক্রান্তঃ ॥১৫—১৯॥
ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৩॥

এবং সমস্ত প্রাণীর নিকটেই নিরপরাধ থাকিয়া কেন মৃত্যুমুখে পতিত হইলে ॥১১॥

বাবা! আমি তোমাকে রৈভ্যাশ্রম দর্শন করিতেও নিষেধ করিয়াছিলাম, তথাপি তুমি সেই কালান্তকযমতুল্য রৈভ্যকে দর্শন করিতে গিয়াছিলেই! ॥১২॥

আমি বৃদ্ধ, অথচ তুমি আমার একমাত্র পুত্র, ইহা জানিয়াও সেই মহাতেজা ও মহাদুর্ম্মতি রৈভ্য ক্রোধের বশতাপন্ন হইলই! ॥১৩॥

হায়! আমি রৈভ্যের ব্যবহারে পুত্রশোক পাইলাম; অতএব পুত্র! আমি তোমা ব্যতীত পৃথিবীর মধ্যে সর্ব্বাপেক্ষা প্রিয় প্রাণত্যাগ করিব ॥১৪॥

আমি পাপী, সুতরাং আমি যেমন পুত্রশোকে দেহত্যাগ করিব, সেইরূপ রৈভ্যেরই কনিষ্ঠপুত্র পরাবসু শীঘ্রই নিরপরাধ রৈভ্যকে হত্যা করিবে ॥১৫॥

সুখিনো বৈ নরা যেষাং জাত্যা পুত্রো ন বিদ্যতে।
যে পুত্রশোকমপ্রাপ্য বিচরন্তি যথাসুখম্ ॥১৬॥
যে তু পুত্রকৃতাচ্ছোকাদ্ভৃশং ব্যাকুলচেতসঃ।
শপন্তীষ্টান্ সখীনার্ত্তাস্তেভ্যঃ পাপতরো নু কঃ ॥১৭॥
পরাসুশ্চ সুতো দৃষ্টঃ শপ্তশ্চেষ্টঃ সখা ময়া।
ঈদৃশীমাপদং কোঽত্র দ্বিতীয়োঽনুভবিষ্যতি ॥১৮॥

লোমশ উবাচ।

বিলপ্যৈবং বহুবিধং ভরদ্বাজোঽদহৎ সুতম্।
সুসমিদ্ধং ততঃ পশ্চাৎ প্রবিবেশ হুতাশনম্ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং যবক্রীতোপাখ্যানে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

সুখিন ইতি। জাত্যা আত্মনো জন্মনা বিশিষ্ট ঔরস ইত্যর্থঃ ॥১৬॥
নহু কথমাত্মনি কিঞ্চিদ্বীতুক্তমিত্যাহ—য ইতি। ইষ্টান্ প্রিয়ান্ ॥১৭॥
পরেতি। পরাসুর্মৃতঃ। ইষ্টঃ প্রিয়ঃ, সখা রৈভ্যঃ। দ্বিতীয়ো জনঃ ॥১৮॥
বিলপ্যেতি। সুসমিদ্ধম্ অতীবপ্রজ্বলিতম্। ততঃ পুত্রদাহাৎ, পশ্চাৎ পরম্ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

সেই মনুষ্যেরাই সুখী, যাহাদের ঔরস পুত্র নাই এবং যাহারা পুত্রশোক না পাইয়া যথাসুখে বিচরণ করে ॥১৬॥

কিন্তু যাহারা পুত্রশোকে অত্যন্ত আকুলচিত্ত ও পীড়িত হইয়া প্রিয় সুহৃৎদিগকে অভিসম্পাত করে, তাহাদের অপেক্ষা অধিক পাপী কে ? ॥১৭॥

হায়। আমি মৃত পুত্র দেখিলাম এবং প্রিয়সখাকে অভিসম্পাত করিলাম ; সুতরাং জগতে দ্বিতীয় কোন্ ব্যক্তি এইরূপ আপদ অনুভব করিবে" ॥১৮॥

লোমশ বলিলেন—"ভরদ্বাজমুনি এইরূপ নানাপ্রকার বিলাপ করিয়া পুত্রের দাহ সংকার করিলেন, তাহার পর নিজেও প্রজ্বলিত অগ্নিতে প্রবেশ করিলেন" ॥১৯॥

—:*:—

* '...সপ্তত্রিংশদধিকশততমঃ'......—বা ব কা, '...একোনচত্বারিংশদধিকশততমঃ......' নি।

চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

লোমশ উবাচ।

এতস্মিন্নেব কালে তু বৃহদ্দ্যুম্নো মহীপতিঃ।
সত্রং তেনে মহাভাগো রৈভ্যযাজ্যঃ প্রতাপবান্ ॥১॥
তেন রৈভ্যস্য বৈ পুত্রাবর্ব্বাবসু-পরাবসূ।
বৃতৌ সহায়ৌ সত্রার্থং বৃহদ্দ্যুম্নেন ধীমতা ॥২॥
তত্র তৌ সমনুজ্ঞাতৌ পিত্রা কৌন্তেয়! জগ্মতুঃ।
আশ্রমে ত্বভবদ্রৈভ্যো ভার্য্যা চৈব পরাবসোঃ ॥৩॥
অথাবলোককোঽগচ্ছদ্‌গৃহানেকঃ পরাবসুঃ।
কৃষ্ণাজিনেন সংবীতং দদর্শ পিতরং বনে ॥৪॥
জঘন্যরাত্রে নিদ্রান্ধঃ সাবশেষে তমস্যপি।
চরন্তং গহনেঽরণ্যে মেনে স পিতরং মৃগম্ ॥৫॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। বৃহদ্দ্যুম্নো নাম। সত্রং যজ্ঞম্, তেনে বিস্তারেণ কর্ত্তুমারেভে ॥১॥
তেনেতি। ঋত্বিগ্‌ভাবেন সহায়ৌ বৃতৌ, সত্রার্থং যজ্ঞসম্পাদনার্থম্ ॥২॥
তত্রেতি। অভবৎ অতিষ্ঠৎ। এতেনার্ব্বাবসোর্ভার্য্যাপি তত্র গতেতি সূচিতম্ ॥৩॥
অথেতি। অবলোককঃ অবলোকনার্থী। কৃষ্ণাজিনেন কৃষ্ণমৃগচর্ম্মণা, সংবীতমাবৃতম্ ॥৪॥
জঘন্যেতি। নিদ্রয়া অন্ধঃ সম্যগ্‌দর্শনাক্ষমঃ স পরাবসুঃ, জঘন্যরাত্রে শেষরাত্রে, অপি চ,

---

লোমশ বলিলেন—"এই সময়েই রৈভ্যমুনিরই যাজ্য মহাত্মা ও প্রতাপশালী বৃহদ্দ্যুম্নরাজা বিস্তৃতভাবে এক যজ্ঞ করিতে আরম্ভ করিলেন ॥১॥

সেই বুদ্ধিমান্ বৃহদ্দ্যুম্নরাজা যজ্ঞ সম্পাদনের জন্য রৈভ্যমুনিরই পুত্র অর্ব্বাবসু ও পরাবসুকে সহায়ভাবে বরণ করিলেন ॥২॥

কুন্তীনন্দন! তাঁহারা দুই জনও পিতার অনুমতিক্রমে সেই যজ্ঞে গমন করিলেন; আশ্রমে থাকিলেন—মাত্র রৈভ্য ও পরাবসুর ভার্য্যা ॥৩॥

তাহার পর একদা একমাত্র পরাবসু পর্য্যবেক্ষণ করিবার জন্য আশ্রমে আগমন করিলেন এবং তিনি তখন বনের ভিতরে কৃষ্ণমৃগচর্ম্মাবৃত অবস্থায় পিতাকে দর্শন করিলেন ॥৪॥

মৃগন্তু মন্যমানেন পিতা বৈ তেন হিংসিতঃ।
অকাময়ানেন তদা শরীরত্রাণমিচ্ছতা ॥৬॥
তস্য স প্রেতকার্য্যাণি কৃত্বা সর্ব্বাণি ভারত !।
পুনরাগম্য তৎ সত্রমব্রবীদ্‌ভ্রাতরং বচঃ ॥৭॥
ইদং কর্ম্ম ন শক্তস্ত্বং বোঢ়ুমেকঃ কথঞ্চন।
ময়া চ হিংসিতস্তাতো মন্যমানেন তং মৃগম্‌ ॥৮॥
সোঽস্মদর্থে ব্রতং তাত ! চর ত্বং ব্রহ্মঘাতিনাম্‌।
সমর্থো হ্যহমেকাকী কর্ম্ম কর্ত্তুমিদং মুনে ! ॥৯॥

ভারতকৌমুদী

সাবশেষে তদানীমপি কিঞ্চিদবশিষ্টে তমসি অন্ধকারে, গহনে নিবিড়ে অরণ্যে চরন্তঃ পিতরং রৈভ্যম্‌, মৃগং মেনে, কৃষ্ণমৃগচর্ম্মাবৃতত্বাদিতি ভাবঃ ॥৫॥

মৃগমিতি। তেন পরাবসুনা, অকাময়ানেন হন্তুমনিচ্ছতাপি, শরীরত্রাণমিচ্ছতা আত্মরক্ষাং কর্ত্তুমিচ্ছতা, কৃষ্ণমৃগস্য হিংস্রত্বাৎ। এতেনাজ্ঞানতো হত্যা দর্শিতা ॥৬॥

তস্যেতি। স পরাবসুঃ, প্রেতকার্য্যাণি সপিণ্ডীকরণান্তানি। এতেন কালাশৌচাপগমঃ সূচিতঃ। তৎ সত্রং বৃহদ্দ্যুম্নযজ্ঞম্‌, ভ্রাতরম্‌ অর্ব্বাবসুম্‌ ॥৭॥

ইদমিতি। বোঢ়ুং নিষ্পাদয়িতুম্‌, ন শক্তঃ বৃদ্ধত্বাদিতি ভাবঃ। হিংসিতো হতঃ ॥৮॥

স ইতি। স ত্বম্‌। ব্রহ্মঘাতিনাং সম্বন্ধি, ব্রতং প্রায়শ্চিত্তম্‌, চর, মৎপ্রতিনিধিভাবেন কুরু "ঋত্বিক্‌ পুত্রো গুরুর্ভ্রাতা ভাগিনেয়োঽথ বিট্‌পতিঃ। এভিরেব হুতং যত্তু তদ্ধুতং স্বয়মেব হি ॥" ইতি স্মৃত্যা ভ্রাতুঃ প্রতিনিধিত্ববিধানাদিত্যাশয়ঃ ॥৯॥

তখন নিদ্রান্ধ পরাবসু শেষরাত্রে কিছু অন্ধকার অবশিষ্ট থাকিতে নিবিড় বনমধ্যে বিচরণকারী পিতাকে হরিণ বলিয়া মনে করিলেন ॥৫॥

তখন তিনি অনিচ্ছাপূর্ব্বক কেবল আত্মরক্ষা করিবার ইচ্ছায় মৃগ ভাবিয়া পিতাকে হত্যা করিলেন ॥৬॥

ভরতনন্দন ! তাহার পর পরাবসু পিতার সমস্ত প্রেতকার্য্য সমাপন করিয়া পুনরায় সেই যজ্ঞে আসিয়া ভ্রাতা অর্ব্বাবসুকে এই কথা বলিলেন—॥৭॥

"আর্য্য ! আপনি একাকী কোন প্রকারেই এই কার্য্য নির্বাহ করিতে সমর্থ হইবেন না, অথচ আমি মৃগ ভাবিয়া পিতাকে হত্যা করিয়া আসিয়াছি ॥৮॥

অতএব আর্য্য ! আপনি যাইয়া আমার জন্য ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত করুন ; আমি একাকীই এই কার্য্য নির্বাহ করিতে সমর্থ হইব" ॥৯॥

---

(১)···চর ত্বং ব্রহ্মহিংসনম্‌···বা ব কা পি।

অর্ব্বাবসুরুবাচ।

করোতু বৈ ভবান্ সত্রং বৃহদ্দ্যুম্নস্য ধীমতঃ।
ব্রহ্মহত্যাং চরিষ্যেঽহং ত্বদর্থং নিয়তেন্দ্রিয়ঃ ॥১০॥

লোমশ উবাচ।

স তস্য ব্রহ্মহত্যায়াঃ পারং গত্বা যুধিষ্ঠির!।
অর্ব্বাবসুস্তদা সত্রমাজগাম পুনর্মুনিঃ ॥১১॥
ততঃ পরাবসুর্দৃষ্ট্বা ভ্রাতরং সমুপস্থিতম্।
বৃহদ্দ্যুম্নমুবাচেদং বচনং হর্ষগদ্গদম্ ॥১২॥
এষ তে ব্রহ্মহা যজ্ঞং মা দ্রষ্টুং প্রবিশেদিতি।
ব্রহ্মহা প্রেক্ষিতেনাপি পীড়য়েত্ত্বামসংশয়ম্ ॥১৩॥
তচ্ছ্রুত্বৈব তদা রাজা প্রেষ্যানাহ স বিট্পতে!।
প্রেষ্যৈরুৎসার্য্যমাণস্তু রাজন্নর্ব্বাবসুস্তদা।
ন ময়া ব্রহ্মহত্যেয়ং কৃতেত্যাহ পুনঃ পুনঃ ॥১৪॥

ভারতকৌমুদী

করোত্বিতি। সত্রম্ আরব্ধমিমং দীর্ঘকালীনং যজ্ঞম্। ব্রহ্মহত্যাং তৎপ্রায়শ্চিত্তম্ ॥১০॥
স ইতি। তস্য পরাবসোঃ। পারং গত্বা প্রায়শ্চিত্তং সমাপ্যেত্যর্থঃ ॥১১॥
তত ইতি। হর্ষস্তু ভ্রাতৃনিবাসসম্ভবেনাত্মন এব দক্ষিণাদিসর্ব্বলাভসম্ভবাৎ ॥১২॥
এষ ইতি। ব্রহ্মহা ব্রহ্মহত্যাকারিত্বেন মহাপাতকী। পীড়য়েৎ পাপসঞ্চারেণ ॥১৩॥
তদিতি। প্রেষ্যান্ ভৃত্যান্। হে বিট্পতে! প্রজানাথ! যুধিষ্ঠির!। উৎসার্য্যমাণস্তস্মাদ্দেশাদপসার্য্যমাণঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

অর্ব্বাবসু বলিলেন—"ভ্রাতঃ! তুমি, ধীমান্ বৃহদ্দ্যুম্নের যজ্ঞ করিতে থাক, আমি যাইয়া সংযতেন্দ্রিয় হইয়া তোমার জন্য ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত করিব" ॥১০॥

লোমশ বলিলেন—"যুধিষ্ঠির! অর্ব্বাবসুমুনি তখনই যাইয়া পরাবসুর ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত শেষ করিয়া পুনরায় সেই যজ্ঞে আগমন করিলেন ॥১১॥

তখন ভ্রাতা উপস্থিত হইয়াছেন দেখিযা পরাবসু হর্ষগদ্গদভাবে বৃহদ্দ্যুম্নরাজাকে এই কথা বলিলেন—॥১২॥

"রাজা! এই ব্রহ্মহত্যাকারী আপনার যজ্ঞ দেখিতেও যেন প্রবেশ করে না। কারণ, ব্রহ্মহত্যাকারী দর্শন করিযাও নিশ্চযই আপনাকে পাপী করিবে" ॥১৩॥

(১১) স তস্য ব্রহ্মবধ্যায়াঃ—বা ব কা পি।

উচ্যমানোঽসকৃৎ প্রেষ্যৈর্ব্রহ্মহন্নিতি ভারত!।
নৈব স্ম প্রতিজানাতি ব্রহ্মহত্যাং স্বয়ং কৃতাম্ ॥১৫॥
মম ভ্রাত্রা কৃতমিদং ময়া স পরিমোক্ষিতঃ।
স তথা প্রবদন্ ক্রোধাত্তৈশ্চ প্রেষ্যৈঃ প্রভাষিতঃ ॥১৬॥
তূষ্ণীং জগাম বিপ্রর্ষির্বনমেব মহাতপাঃ।
উগ্রং তপঃ সমাস্থায় দিবাকরমথাশ্রিতঃ ॥১৭॥
রহস্যবেদং কৃতবান্ সূর্য্যস্য দ্বিজসত্তমঃ।
মূর্ত্তিমাংস্তং দদর্শাথ স্বয়মগ্রভুগব্যয়ঃ ॥১৮॥

ভারতকৌমুদী

উচ্যেতি। হে ব্রহ্মহন্! ইত্যসকৃদুচ্যমানঃ অর্ব্বাবসুঃ। প্রতিজানাতি স্ম স্বীচকার ॥১৫॥
মমেতি। পরিমোক্ষিতো ব্রহ্মহত্যাপাপাৎ। প্রভাষিতঃ ব্রহ্মহন্নিত্যেবোক্তঃ ॥১৬॥
তূষ্ণীমিতি। বিপ্রর্ষিবর্ব্বাবসুঃ। সমাস্থায় সম্যগবলম্ব্য ॥১৭॥
রহস্যেতি। রহস্যো মন্ত্রময়ো বেদো রহস্যবেদস্তম্, কৃতবান্ প্রকাশিতবান্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নিতি ॥১—৩॥ অবলোককঃ অবলোকনার্থী, গৃহান্ ভার্য্যাম্ ॥৪—১৩॥ বিট্পতে! হে প্রজাধীশ! ॥১৪—১৬॥ প্রভাষিতো মিথ্যাবাগসীত্যধিক্ষিপ্তঃ ॥১৭॥ রহস্যবেদং সূর্য্যমন্ত্রপ্রকাশকং বেদম্, "ঘৃণিরিতি দ্বে অক্ষরে সূর্য্য ইতি ত্রীণি আদিত্য ইতি ত্রীণি। এতদ্বৈ সাবিত্রস্যাষ্টাক্ষরং পদং শ্রিয়াভিষিক্তম্"ইতি কাঠকব্রাহ্মণং কৃতবান্ দদর্শ ॥১৮॥ মূর্ত্তিমান্

নরনাথ যুধিষ্ঠির! সেই কথা শুনিযাই বৃহদ্দ্যুম্নরাজা অর্ব্বাবসুকে তাড়াইয়া দিবার জন্য ভৃত্যদিগকে বলিলেন; ভৃত্যেরাও তাঁহাকে আসিতে বারণ করিতে লাগিল; রাজা! তখন অর্ব্বাবসু বার বার বলিলেন যে, "আমি এ ব্রহ্মহত্যা করি নাই" ॥১৪॥

ভরতনন্দন! তথাপি সেই ভৃত্যেরা 'হে ব্রহ্মহন্!' এইভাবে বার বার তাঁহাকে সম্বোধন করিতে লাগিল; কিন্তু অর্ব্বাবসু সে ব্রহ্মহত্যা নিজকৃত বলিয়া স্বীকার করিলেন না ॥১৫॥

তিনি বলিতে লাগিলেন—"আমার ভাই এই কার্য্য করিয়াছে, আর আমি তাহাকে সেই পাপ হইতে মুক্ত করিয়াছি"। তথাপি সেই ভৃত্যেরা ক্রোধবশতঃ তাঁহাকে সেই কথাই বলিতে লাগিল ॥১৬॥

তখন মহাতপা ব্রহ্মর্ষি অর্ব্বাবসু নীরবে বনেই গমন করিলেন এবং ভয়ঙ্কর তপস্যা অবলম্বন করিয়া সূর্য্যের শরণাপন্ন হইলেন ॥১৭॥

এবং ব্রাহ্মণশ্রেষ্ঠ অর্ব্বাবসু সূর্য্যসম্বন্ধে এক বৈদিক মন্ত্র প্রকাশ করিলেন।

(১৫)···ব্রহ্মবধ্যাং স্বয়ং কৃতাম্—বা ব কা পি।

সর্ব্বব্যাপী ও অসাধাবণ ঐশ্বর্য্যশালী ঐ যে অবিনশ্বব মূর্ত্তি বহিয়াছেন, তাঁহাবই প্রভাবে স্বর্গেব এই সঞ্চলন হইল ॥৫৬॥

লোকেব ভাবে সমগ্র পৃথিবী শতযোজন নিম্নে গিয়াছিল, সেই পরমাত্মা বিষ্ণু আবার তাহাকে উত্তোলন কবিলেন ॥৫৭॥

দেবা ঊচুঃ।

ক্ব তদ্ভূতং বসুমতীং সমুদ্ধরতি হৃষ্টবৎ।
তং দেশং ভগবন্! ব্রূহি তত্র যাস্যামহে বয়ম্ ॥৫৯॥

ব্রহ্মোবাচ।

হন্ত গচ্ছত ভদ্রং বো নন্দনে পশ্যত স্থিতম্।
এষোঽত্র ভগবান্ শ্রীমান্ সুপর্ণঃ সম্প্রকাশতে ॥৬০॥
বারাহেণৈব রূপেণ ভগবাল্লোঁকভাবনঃ।
কালানল ইবাভাতি পৃথিবীতলমুদ্ধরন্ ॥৬১॥
এতস্যোরসি সুব্যক্তং শ্রীবৎসমভিরাজতে।
পশ্যধ্বং বিবুধাঃ সর্ব্বে ভূতমেতদনাময়ম্ ॥৬২॥

ভারতকৌমুদী

তস্যামিতি। ছিদ্যতাম্ অনেন মদ্বচনেন নাশ্যতাম্, বো যুষ্মাকম্ ॥৫৮॥

ক্বেতি। ভূতং প্রাণী। বরাহপদপ্রয়োগে নিকর্ষপ্রতীতিরিতি ভূতপদপ্রয়োগঃ ॥৫৯॥

হন্তেতি। বো যুষ্মাকম্, ভদ্রং মঙ্গলমস্তিতি শেষঃ। নন্দনে বনে। সুপর্ণঃ স্বর্ণচূড়ঃ, "সুপর্ণঃ স্বর্ণচূড়ে স্যাদ্‌গরুড়ে কৃতমালকে" ইতি মেদিনী। শ্রীমান্ কান্তিমান্ ॥৬০॥

বারাহেণেতি। লোকভাবনো জগৎস্রষ্টা। কালানলো জগদ্দাহী বহ্নিঃ ॥৬১॥

তৎপরিচায়কং চিহ্নমাহ—এতস্যেতি। শ্রীবৎসং রোমাবর্ত্তরূপং চিহ্নম্ ॥৬২॥

ভারতভাবদীপঃ

॥৪৮—৫১॥ বাক্যমুচ্চাবচমুচ্চারিতবন্তঃ ॥৫২—.৯॥ নন্দনে ইন্দ্রবনে, অত্র এতৎসমীপে ॥৬০—৬৪॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৮॥

তাহাকে উত্তোলন করিবার সময়েই এই সঞ্চালন হইয়াছে; ইহা তোমরা অবগত হও এবং তোমাদের সংশয় দূরীভূত হউক" ॥ ৮॥

দেবগণ বলিলেন—"ভগবন্! সে প্রাণীটি কোথায়, যে—আনন্দিত হইয়াই যেন পৃথিবী উত্তোলন করিয়াছে? আপনি সেই স্থানটার কথা বলুন, আমরা সেখানে যাইব" ॥৫৯॥

ব্রহ্মা বলিলেন—"দেবগণ! তোমাদের মঙ্গল হউক। তোমরা যাও, যাইয়া নন্দনবনস্থিত সেই প্রাণীটিকে দর্শন কর। ঐশ্বর্য্যশালী, মনোহরমূর্ত্তি ও স্বর্ণচূড়াধারী ইনি সেইখানেই বিরাজিত আছেন ॥৬০॥

জগতের সৃষ্টিকর্ত্তা ভগবান্ বিষ্ণু বরাহরূপেই পৃথিবী উত্তোলন করিয়া প্রলয়বহ্নির ন্যায় বিরাজ করিতেছেন ॥৬১॥

উঁহার বক্ষস্থলে সুস্পষ্ট শ্রীবৎস-(রোমাবর্ত্ত) চিহ্ন রহিয়াছে। দেবগণ! তোমরা সকলে যাইয়া সুস্থভাবে স্থিত সেই প্রাণীটিকে দর্শন কর" ॥৬২॥

লোমশ উবাচ।

ততো দৃষ্ট্বা মহাত্মানং শ্রুত্বা চামন্ত্র্য চামরাঃ।
পিতামহং পুরস্কৃত্য জগ্মুর্দেবা যথাগতম্ ॥৬৩॥

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা তু তাং কথাং সর্ব্বে পাণ্ডবা জনমেজয়!।
লোমশাদেশিতেনাশু পথা জগ্মুঃ প্রহৃষ্টবৎ ॥৬৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে অষ্টদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

তে শূরাস্ততধন্বানস্তূণবন্তঃ সমার্গণাঃ।
বদ্ধগোধাঙ্গুলিত্রাণাঃ খড়্গবন্তোঽমিতৌজসঃ ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। শ্রুত্বা, তন্মুখাদেব পৃথিব্যুদ্ধারবৃত্তান্তমিতি শেষঃ। দেবাঃ ক্রীড়াশীলাঃ ॥৬৩॥

শ্রুত্বেতি। লোমশেন আদেশিত আদিষ্টঃ। প্রহৃষ্টবৎ সন্তুষ্টা ইব ॥৬৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াম্ অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

লোমশ বলিলেন—"তাহার পর দেবতারা যাইয়া, মহাত্মাকে দেখিয়া, তাঁহার নিকট পৃথিবী উত্তোলনের বৃত্তান্ত শুনিয়া, তাঁহার অনুমতি লইয়া, ব্রহ্মাকে অগ্রবর্ত্তী করিয়া যথাস্থানে চলিয়া গেলেন" ॥৬৩॥

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয়! পাণ্ডবেরা সকলে সেই বৃত্তান্ত শুনিয়া আনন্দিত হইয়া লোমশের আদিষ্ট পথে গমন করিতে লাগিলেন ॥৬৪॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—রাজা! মহাবীর, অসাধারণ তেজস্বী ও ধনুর্দ্ধর-

* '...দ্বিচত্বারিংশদধিকঃ...'—বা ব কা, '...ত্রিচত্বারিংশদধিকঃ...'—পি, '...চতুশ্চত্বারিংশদধিকঃ' নি।

পরিগৃহ্য দ্বিজশ্রেষ্ঠান্ শ্রেষ্ঠাঃ সর্ব্বধনুষ্মতাম্ ।
পাঞ্চালীসহিতা রাজন্। প্রযযুর্গন্ধমাদনম্ ॥২॥ (যুগ্মকম্)
সরাংসি সরিতশ্চৈব পর্ব্বতাংশ্চ বনানি চ।
বৃক্ষাংশ্চ বহুলচ্ছায়ান্ দদৃশুর্গিরিমূর্দ্ধনি ॥৩॥
নিত্যপুষ্পফলান্ দেশান্ দেবর্ষিগণসেবিতান্ ।
আত্মন্যাত্মানমাধায় বীরা মূলফলাশিনঃ ॥৪॥
চেরুরুচ্চাবচাকারান্ দেশান্ বিষমসঙ্কটান্ ।
পশ্যন্তো মৃগজাতানি বহূনি বিবিধানি চ ॥৫॥ (যুগ্মকম্)
ঋষিসিদ্ধামরযুতং গন্ধর্ব্বাপ্সরসাং প্রিয়ম্ ।
বিবিশুস্তে মহাত্মানঃ কিন্নরাচরিতং গিরিম্ ॥৬॥

ভারতকৌমুদী

ত ইতি। ততধন্বানো বিস্তৃতকার্ম্মুকাঃ। সমার্গণা ধৃতবাণাঃ। বদ্ধে জ্যাঘাতবারণায় ধৃতে গোধা চর্ম্মপট্টিকা অঙ্গুলিত্রাণঞ্চ যৈস্তে। পরিগৃহ্য সহচরীকৃত্য ॥১—২॥

সরাংসীতি। বহুলাশ্ছায়া যেষাং তান্। গিরিমূর্দ্ধনি পর্ব্বতোপরি ॥৩॥

নিত্যেতি। আধায় সংস্থাপ্য আত্মনৈবাত্মানং রক্ষিত্বেত্যর্থঃ। উচ্চাবচাকারান্ উন্নতাবনতান্, বিষমসঙ্কটান্ অতীববিপৎসঙ্কুলান্। মৃগজাতানি পশুসমূহান্ ॥৪—৫॥

শ্রেষ্ঠ পাণ্ডবগণ ধনু বিস্তৃত করিয়া, বাণ ও তরবারি হাতে লইয়া, পৃষ্ঠে তূণ বন্ধন করিয়া, গোধা (গুণাঘাতবারণকারী চর্ম্মকোষ) ও অঙ্গুলিত্র ধারণ করিয়া, ব্রাহ্মণগণকে সঙ্গে লইয়া, দ্রৌপদীর সহিত গমন করিতে লাগিলেন ॥১—২॥

(এইভাবে তাঁহারা গমন করিতে থাকিয়া) পর্ব্বতের উপরে সরোবর, নদী, পর্ব্বত, বন এবং নিবিড় ছায়াযুক্ত বৃক্ষ সকল দর্শন করিলেন ॥৩॥

ফল-মূলভোজী মহাবীর পাণ্ডবেরা আপনারাই আপনাদিগকে রক্ষা করিতে থাকিয়া, নানাবিধ বহুতর পশু দর্শন করিতে করিতে অনেক দেশ অতিক্রম করিলেন; সে সকল দেশে সর্ব্বদাই ফুল ও ফল পাওয়া যাইত এবং দেবগণ ও ঋষিগণ বিচরণ করিতেন; আর সে দেশগুলি উচু-নীচু এবং অত্যন্ত বিপৎসঙ্কুল ছিল ॥৪—৫॥

ক্রমে মহাত্মা পাণ্ডবেরা গন্ধমাদনপর্ব্বতে প্রবেশ করিলেন, সে পর্ব্বতে দেবগণ, ঋষিগণ ও সিদ্ধগণ থাকিতেন এবং কিন্নরগণ বিচরণ করিত, আর সে পর্ব্বত গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণের প্রিয় ছিল ॥৬॥

---

(২)…জ্যেষ্ঠাঃ সর্ব্বধনুষ্মতাম্—বা ব কা। (৪)…আত্মনাত্মানমাধায়—বা ব কা। (৫)… বিষম-কণ্টকান্—নি।

প্রবিশৎস্বথ বীরেষু পর্ব্বতং গন্ধমাদনম্ ।
চণ্ডবাতং মহদ্বর্ষং প্রাদুরাসীদ্বিশাংপতে ! ॥৭॥
ততো রেণুঃ সমুদ্ভূতঃ সপত্রবহুলো মহান্ ।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ দ্যাঞ্চৈব সহসাবৃণোৎ ॥৮॥
ন স্ম প্রজ্ঞায়তে কিঞ্চিদাবৃতে ব্যোম্নি রেণুনা ।
ন চাপি শেকুস্তে কর্ত্তুমন্যোন্যস্যাভিভাষণম্ ॥৯॥
ন চাপশ্যংস্ততোঽন্যোন্যং তমসাবৃতচক্ষুষঃ ।
আকৃষ্যমাণা বাতেন সাশ্মচূর্ণেন ভারত ! ॥১০॥
দ্রুমাণাং বাতভগ্নানাং পততাং ভূতলেঽনিশম্ ।
অন্যেষাঞ্চ মহীজানাং শব্দঃ সমভবন্মহান্ ॥১১॥
দ্যৌঃ স্বিৎ পততি কিং ভূমির্দীর্য্যন্তে পর্ব্বতা নু কিম্ ।
ইতি তে মেনিরে সর্ব্বে পবনেনাতিমোহিতাঃ ॥১২॥

ভাবতকৌমুদী

ঋষীতি। কিন্নবৈঃ আচবিতং পর্য্যটিতম্, গিবিং গন্ধমাদনম্ ॥৬॥
প্রেতি। বীরেষু পাণ্ডবেষু। চণ্ডস্তীব্রো বাতো যস্মিন্ তৎ, বর্ষং বৃষ্টিঃ ॥৭॥
তত ইতি। পত্রৈঃ সহেতি সপত্রঃ স চাসৌ বহুলশ্চেতি সঃ, মহান্ বেগবান্ ॥৮॥
নেতি। প্রজ্ঞায়তে স্ম দৃশ্যতে স্ম। বেণুনা ধূল্যা। তে পাণ্ডবাদয়ঃ ॥৯॥
নেতি। তমসা অন্ধকাবেণ। সাশ্মচূর্ণেন পাষাণবেণুসহিতেন ॥১০॥
দ্রুমাণামিতি। মহীজানাং লতাদীনাম্ ॥১১॥
দ্যৌবিতি। স্বিৎ প্রশ্নে। ভূমির্দীর্য্যতে কিম্। মেনিবে, শব্দাতিরেকাদেব ॥১২॥

নবনাথ! পাণ্ডবগণ গন্ধমাদনপর্ব্বতে প্রবেশ কবিবার পবেই তীব্র বায়ু ও বিশাল বৃষ্টি প্রাদুর্ভূত হইল ॥৭॥

তাহাব পব বেগবান্ প্রচুব ধূলি ও পত্র সমুত্থিত হইয়া তৎক্ষণাৎ পৃথিবী, আকাশ ও স্বর্গ আবৃত কবিয়া ফেলিল ॥৮॥

ধূলিতে আকাশ আবৃত হইলে তাঁহারা কিছুই দেখিতে পাইতে লাগিলেন না, কিংবা পরস্পব আলাপ কবিতেও সমর্থ হইলেন না ॥৯॥

ভবতনন্দন! তৎপবে অন্ধকাবে নয়ন আবৃত কবিল এবং প্রস্তববেণুবাহী বায়ু আকর্ষণ করিতে থাকিল, তখন তাঁহাবা পরস্পব পরস্পবকেও দেখিতে পাইতে লাগিলেন না ॥১০॥

ক্রমে বৃক্ষ ও লতাপ্রভৃতি বায়ুবেগে ভগ্ন হইয়া অনববত ভূতলে পড়িতে থাকিল; তাহাতে গুরুতব শব্দ হইতে লাগিল ॥১১॥

তে পথানন্তরান্ বৃক্ষান্ বল্মীকান্ বিষমাণি চ।
পাণিভিঃ পরিমার্গন্তো ভীতা বায়োর্নিলিল্যিরে ॥১৩॥
ততঃ কার্ম্মুকমুদ্যম্য ভীমসেনো মহাবলঃ।
কৃষ্ণামাদায সঙ্গম্য তস্থাবাশ্রিত্য পাদপম্ ॥১৪॥
ধর্ম্মরাজশ্চ ধৌম্যশ্চ নিলিল্যাতে মহাবনে।
অগ্নিহোত্রাণ্যুপাদায় সহদেবস্তু পর্ব্বতে ॥১৫॥
নকুলো ব্রাহ্মণাশ্চান্যে লোমশশ্চ মহাতপাঃ।
বৃক্ষানাসাদ্য সন্ত্রস্তাস্তত্র তত্র নিলিল্যিরে ॥১৬॥
মন্দীভূতে তু পবনে তস্মিন্ রজসি শাম্যতি।
মহদ্ভির্জলধারৌঘৈর্বর্ষমভ্যাজগাম হ ॥১৭॥

ভারতকৌমুদী

ত ইতি। "পথঃ পন্থাঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ। পথানাম্ অনন্তবান্ অব্যবহিতান্। বিষমাণি বন্ধুরাণি স্থানানি। বাযোর্ভীতাঃ, নিলিল্যিবে লুক্কাযিতা বভূবুঃ ॥১৩॥

তত ইতি। উদ্যম্য উত্তোল্য ধৃত্বা। কৃষ্ণাং দ্রৌপদীম্। সঙ্গম্য গত্বা ॥১৪॥

ধর্ম্মেতি। নিলিল্যাতে লুক্কাযিতৌ বভূবতুঃ। অগ্নিহোত্রাণি তদ্দ্রব্যাণি ॥১৫॥

নকুল ইতি। সন্ত্রস্তা বাত্যাতঃ অতীবভীতাঃ সন্তঃ ॥১৬॥

মন্দীতি। রজসি ধূলিজালে, শাম্যতি নিবৃত্তে সতি। বর্ষং বৃষ্টিঃ ॥১৭॥

তখন তাঁহাবা সকলেই প্রবল বাত্যায় অত্যন্ত মোহিত হইয়া মনে কবিতে লাগিলেন যে, 'একি আকাশ খসিয়া পড়িতেছে। না, পৃথিবী ফাটিয়া যাইতেছে! না, পর্ব্বত বিদীর্ণ হইতেছে!' ॥১২॥

তাহার পব তাঁহাবা বাযুভয়ে ভীত হইয়া হস্তদ্বাবা পথেব নিকটবর্ত্তী বৃক্ষ, বল্মীকমৃত্তিকা ও বন্ধুব স্থান অন্বেষণ করিয়া সেই গুলিব ভিতবে লুক্কায়িত হইতে লাগিলেন ॥১৩॥

তাহাব পব মহাবল ভীমসেন ধনু ধাবণ কবিয়া দ্রৌপদীকে লইয়া যাইয়া একটা বৃক্ষ আশ্রয় কবিয়া অবস্থান কবিতে লাগিলেন ॥১৪॥

যুধিষ্ঠিব ও ধৌম্য যাইয়া নিবিড় বনেব ভিতরে লুকায়িত হইলেন এবং সহদেব অগ্নিহোত্রেব জিনিষগুলি লইয়া পর্ব্বতেব ভিতবে আশ্রয় লইলেন ॥১৫॥

এবং নকুল, অন্যান্য ব্রাহ্মণ ও মহাতপা লোমশমুনি অত্যন্ত ভীত হইয়া বৃক্ষ আশ্রয করিয়া সেই স্থানে অবস্থান কবিতে লাগিলেন ॥১৬॥

---

(১৪) ততঃ কার্ম্মুকমাদায—বা ব কা নি।

ভৃশং চটচটাশব্দো বজ্রাণাং ক্ষিপ্যতামিব।
ততস্তাশ্চঞ্চলাভাসশ্চেরুরভ্রেষু বিদ্যুতঃ ॥১৮॥
ততোঽশ্মসহিতা ধারাঃ সংবৃণ্বত্যঃ সমন্ততঃ।
প্রপেতুরনিশং তত্র শীঘ্রবাতসমীরিতাঃ ॥১৯॥
তত্র সাগরগা হ্যাপঃ কীর্য্যমাণাঃ সমন্ততঃ।
প্রাদুরাসন্ সকলুষাঃ ফেনবত্যো বিশাংপতে! ॥২০॥
বহন্ত্যো বারি বহুলং ফেনোড়ুপপরিপ্লুতম্।
পরিসস্রুর্ম্মহাশব্দাঃ প্রকর্ষন্ত্যো মহীরুহান্ ॥২১॥

ভারতকৌমুদী

ভৃশমিতি। ক্ষিপ্যতাং ক্ষিপ্যমাণানাম্। চঞ্চলা আভা যাসাং তাঃ, অভ্রেষু মেঘেষু ॥১৮॥

তত ইতি। অশ্মসহিতা বর্ষোপলযুক্তাঃ, ধারা জলানাম্ ॥১৯॥

তত্রেতি। সাগরগাঃ ক্রমেণ সমুদ্রগামিন্যঃ, আপো জলানি। সকলুষা আবিলাঃ ॥২০॥

বহন্ত্য ইতি। ফেনা এব উড়ুপানি তৈঃ পরিপ্লুতং ব্যাপ্তম্, বহুলম্, বারি মেঘজলং বহন্ত্যঃ, মহাশব্দা নদ্য ইতি শেষঃ, মহীরুহান্ বাতভগ্নান্ বৃক্ষান্ প্রকর্ষন্ত্য আকর্ষন্ত্যঃ সত্যঃ, পরিসস্রুঃ অধঃ সস্রুঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

তে শূরা ইতি ॥১—১২॥ পথা মার্গেণ, অনন্তরান্ সন্নিহিতান্, নিলিল্যিরে নিলীনাঃ ॥১৩॥ সঙ্গম্যাদায়েত্যন্বয়ঃ, গত্বা গৃহীত্বেত্যর্থঃ ॥১৪—১৮॥ অশ্মসহিতাঃ করকাসহিতাঃ ॥১৯—২০॥ বারি বহন্ত্যা নদ্যঃ ॥২১—২৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৯॥

সেই বায়ু মন্দীভূত হইলে এবং ধূলিরাশি নিবৃত্তি পাইলে, বিশাল জলধারার সহিত বৃষ্টি আসিল ॥১৭॥

তাহার পর ক্ষিপ্যমাণ বজ্রের ন্যায় বৃষ্টির অত্যন্ত 'চটচটা'-শব্দ হইতে লাগিল এবং চঞ্চলদীপ্তি বিদ্যুৎ সকল মেঘের উপরে বিচরণ করিতে থাকিল ॥১৮॥

নরনাথ! তদনন্তর শিলাবৃষ্টির সহিত বিশাল জলধারা বায়ুকর্ত্তৃক দ্রুত প্রেরিত হইয়া সকল দিক্ আবৃত করিয়া সেই স্থানে অনবরত পতিত হইতে লাগিল ॥১৯॥

নরনাথ! তখন মেঘকর্ত্তৃক সকল দিকে নিক্ষিপ্ত জলরাশি মৃত্তিকাদি স্পর্শে আবিল হইয়া এবং প্রস্তরাদি প্রতিঘাতে ফেন ধারণ করিয়া সমুদ্রের দিকে চলিতে লাগিল ॥২০॥

আর, নদীসমূহ ফেনময় উড়ুপ-(ভেলা) ব্যাপ্ত প্রচুর জল বহন করিয়া এবং বায়ুভগ্ন বৃক্ষ সকল আকর্ষণ করিতে থাকিয়া মহাশব্দে চলিতে লাগিল ॥২১॥

তস্মিন্‌ পবতে বর্ষে বাতে চ সমতাং গতে।
গতেঽম্ভসি চ নিম্নানি প্রাদুর্ভূতে দিবাকরে ॥২২॥
নির্জগ্মুস্তে শনৈঃ সর্ব্বে সমাজগ্মুশ্চ ভাবত।।
প্রতস্থিবে পুনর্বীবাঃ পর্ব্বতং গন্ধমাদনম্‌ ॥২৩॥ (যুগ্মকম্‌)

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে ঊনবিংশত্যধিকশততমোঽধ্যাযঃ ॥০॥ *

—:*:—

বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পাযন উবাচ।
ক্রোশমাত্রং প্রযাতেষু পাণ্ডবেষু মহাত্মসু।
পদ্ভ্যামনুচিতা গন্তুং দ্রৌপদী সমুপাবিশৎ ॥১॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। উপবতে নিবৃত্তে। সমতাং সমানভাবম্‌। নির্জগ্মুর্বনাদিভ্যো নির্গতাঃ, সমাজগ্মুঃ পবস্পরং সম্মিলিতা বভূবুঃ। বীরাঃ পাণ্ডবাঃ ॥২২—২৩॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং -মহাভাবতটীকাযাং ভাবতকৌমুদীসমাখ্যাযাং বনপর্ব্বণি তীর্থযাত্রাযামূনবিংশত্যধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

—:*:—

ক্রোশেতি। অনুচিতা চিবমেবানভ্যস্তা, "অভ্যস্তে তূচিতং ত্রিষু" ইত্যমরঃ ॥১॥

ভবতনন্দন! ক্রমে সেই বৃষ্টি নিবৃত্তি পাইলে, বায়ু সমানভাব অবলম্বন কবিলে, জলগুলি নীচে গেলে এবং সূর্য্য আবাব প্রকাশ পাইলে, সেই বীবগণ ধীবে ধীবে বনপ্রভৃতি হইতে নির্গত ও সম্মিলিত হইলেন, তাহাব পব তাঁহাবা পুনবায গন্ধমাদনপর্ব্বতে গমন কবিতে লাগিলেন ॥২২—২৩॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন— মহাত্মা পাণ্ডবেবা একক্রোশমাত্র পথ গিযাছেন, এমন সমযেই পদব্রজে গমন কবিতে অনভ্যস্তা দ্রৌপদী বসিযা পড়িলেন ॥১॥

---

(২২) তস্মিন্‌ পবতে শব্দে—বা ব কা নি। * '...ত্রিচত্বারিংশদধিকঃ...'—বা ব কা, '...চতুশ্চত্বারিংশদধিকঃ...'—পি, '...পঞ্চচত্বারিংশদধিকঃ...'—নি।

শ্রান্তা দুঃখপরীতা চ বাতবর্ষেণ চার্দ্দিতা ।
সৌকুমার্য্যাচ্চ পাঞ্চালী সম্মুমোহ তপস্বিনী ॥২॥
সা কম্পমানা মোহেন বাহুভ্যামসিতেক্ষণা ।
বৃত্তাভ্যামনুরূপাভ্যামূরূ সমবলম্বত ॥৩॥
আলম্বমানা সহিতাবূরূ গজকরোপমৌ ।
পপাত সহসা ভূমৌ বেপন্তী কদলী যথা ॥৪॥
তাং পতন্তীং ববাবোহাং ভজ্যমানাং লতামিব ।
নকুলঃ সমভিদ্রুত্য পবিজগ্রাহ বীর্য্যবান্ ॥৫॥

নকুল উবাচ ।

বাজন্ ! পাঞ্চালবাজস্য সুতেয়মসিতেক্ষণা ।
শ্রান্তা নিপতিতা ভূমৌ তামবেক্ষস্ব ভারত ! ॥৬॥
অদুঃখার্হা পবং দুঃখং প্রাপ্তেযং মৃদুগামিনী ।
আশ্বাসয় মহাবাজ ! তামিমাং শ্রমকর্ষিতাম্ ॥৭॥

ভাবতকৌমুদী

শ্রান্তেতি। সৌকুমার্য্যাৎ কোমলাঙ্গত্বাৎ, সম্মুমোহ মোহং প্রাপ্তুমাবেভে ॥২॥
সেতি। বাহুভ্যাং নিজাভ্যামেব, বৃত্তাভ্যাং গোলাভ্যাম্, উরূ স্বকীযমূরুদ্বযম্ ॥৩॥
আলম্বেতি। সহিতৌ মিলিতৌ, গজকবোপমৌ হস্তিশুণ্ডাতুল্যৌ, বেপন্তী কম্পমানা ॥৪॥
তামিতি। ববাবোহাং সুন্দবনিতম্বাম্। সমভিদ্রুত্য দ্রুতং গত্বা ॥৫॥
রাজন্নিতি। অসিতেক্ষণা নীলনযনা। অবেক্ষস্ব প্রতীক্ষস্ব, মা যাহীতি ভাবঃ ॥৬॥
অদুঃখেতি। পবম্ অত্যন্তম্। মৃদুগামিনী শনৈর্গমনকাবিণী ॥৭॥

দীনা দ্রৌপদী একেই দুঃখিতা ছিলেন, তাহাব পর আবার পবিশ্রান্তা ও বায়ু-বৃষ্টিতে পীড়িতা হইয়া কোমলতাবশতঃ মূর্চ্ছাপন্না হইতে লাগিলেন॥২॥

তখন নীলনয়না দ্রৌপদী মূর্চ্ছাব আবেশে কাঁপিতে থাকিয়া অনুরূপ ও গোল বাহুযুগলদ্বাবা আপন উরুযুগল ধারণ কবিলেন ॥৩॥

তিনি হস্তিশুণ্ডযুগলেব ন্যায় মিলিত উরুযুগল ধাবণ করিয়া কাঁপিতে থাকিয়া কদলীবৃক্ষেব ন্যায তৎক্ষণাৎ ভূতলে পতিত হইতে লাগিলেন ॥৪॥

তখন বলবান্ নকুল দ্রুত যাইয়া ভগ্ন লতাব ন্যায় পড়িবার সময়েই সুনিতম্বা দ্রৌপদীকে ধারণ কবিলেন ॥৫॥

নকুল বলিলেন—"রাজা! এই নীলনয়না পাঞ্চালরাজনন্দিনী পরিশ্রান্ত হইয়া ভূতলে পতিত হইতেছিলেন ; সুতবাং আপনি উঁহার প্রতীক্ষা করুন ॥৬॥

---

(২)…বাতবর্ষেণ তেন চ—রা ব কা নি। (৩) সা পত্যমানা মোহেন—পি।

বৈশম্পায়ন উবাচ।

বাজা তু বচনাত্তস্য ভৃশং দুঃখসমন্বিতঃ।
ভীমশ্চ সহদেবশ্চ সহসা সমুপাদ্রবৎ ॥৮॥
তামবেক্ষ্য তু কৌন্তেয়ো বিবর্ণবদনাং কৃশাম্।
অঙ্কমানীয় ধর্ম্মাত্মা পর্য্যদেবয়দাতুবঃ ॥৯॥

যুধিষ্ঠির উবাচ। †

কথং বেশ্মসু গুপ্তেষু স্বাস্তীর্ণশয়নোচিতা।
ভূমৌ নিপতিতা শেতে সুখার্হা বরবর্ণিনী ॥১০॥
সুকুমাবৌ কথং পাদৌ মুখঞ্চ কমলপ্রভম্।
মৎকৃতেঽদ্য বরার্হায়াঃ শ্যামতাং সমুপাগতম্ ॥১১॥
কিমিদং দ্যূতকামেন ময়া কৃতমবুদ্ধিনা।
আদায় কৃষ্ণাং চবতা বনে মৃগগণাযুতে ॥১২॥

ভারতকৌমুদী

রাজেতি। সমুপাদ্রবৎ দ্রুতং দ্রৌপদ্যন্তিকমগচ্ছৎ ॥৮॥
তামিতি। পর্য্যদেবযৎ ব্যলপৎ, "দিবু পবিকূজনে" ইতি চৌরাদিকস্য রূপম্ ॥৯॥
কথমিতি। কথংশব্দো বিষাদে। গুপ্তেষু রক্ষিতেষু। শযনং শয্যা, উচিতা যোগ্যা ॥১০॥
সুকুমাবাবিতি। পাদৌ শ্যামতাং সমুপাগতাবিতি বচনব্যত্যযেন সম্বন্ধঃ। শ্যামতাং মালিন্যম্ ॥১১॥
কিমিতি। দ্যূতকামেন দ্যূতবাগিণা। মৃগগণাযুতে হিংস্রপশুসমূহপূর্ণে ॥১২॥

মহারাজ! এই মন্দগামিনী দুঃখভোগেব অযোগ্যা, অথচ গুরুতব দুঃখ ভোগ করিতেছেন; অতএব আপনি এই পরিশ্রান্তাকে আশ্বস্ত করুন" ॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠিব, ভীম ও সহদেব—নকুলেব বাক্য শুনিয়া অত্যন্ত দুঃখিত হইয়া তৎক্ষণাৎ দ্রৌপদীব নিকটে গেলেন ॥৮॥

তখন ধর্ম্মাত্মা যুধিষ্ঠির দ্রৌপদীকে বিবর্ণবদনা ও কৃশা দেখিয়া পীড়িত হইয়া তাঁহাকে ক্রোড়ে করিযা বিলাপ কবিতে লাগিলেন ॥৯॥

যুধিষ্ঠিব বলিলেন—"হায়! সুবক্ষিত গৃহে আস্তীর্ণ উত্তম শয্যায় শয়নেব যোগ্যা একমাত্র সুখভোগেব অধিকারিণী উত্তমাঙ্গনা দ্রৌপদী আজ ভূতলে পতিত হইয়া শয়ন করিয়াছেন! ॥১০॥

হায়! এই ববর্ণিনীর কোমল চবণযুগল এবং পদ্মকান্তি মুখমণ্ডল আজ আমার জন্যই মলিন হইয়া গিয়াছে! ॥১১॥

---

† রাজোবাচ—পি।

সুখং প্রাপ্স্যতি কল্যাণী প্রাপ্য পাণ্ডুসুতান্ পতীন্।
ইতি দ্রুপদরাজেন পিত্রা দত্তায়তেক্ষণা ॥১৩॥
তৎ সর্ব্বমনবাপ্যেয়ং শ্রমশোকাধ্বকর্ষিতা।
শেতে নিপতিতা ভূমৌ পাপস্য মম কর্ম্মভিঃ ॥১৪॥
বৈশম্পায়ন উবাচ।
তথা লালপ্যমানে তু ধর্ম্মরাজে যুধিষ্ঠিরে।
ধৌম্যপ্রভৃতয়ঃ সর্ব্বে তত্রাজগ্মুর্দ্বিজোত্তমাঃ ॥১৫॥
তে তামাশ্বাসয়ামাসুরাশীর্ভিশ্চাপ্যপূজয়ন্।
রক্ষোঘ্নাংশ্চ তথা মন্ত্রান্ জেপুশ্চক্রুস্তথা ক্রিয়াঃ ॥১৬॥
পঠ্যমানেষু মন্ত্রেষু শান্ত্যর্থং পরমর্ষিভিঃ।
স্পৃশ্যমানা করৈঃ শীতৈঃ পাণ্ডবৈশ্চ মুহুর্মুহুঃ ॥১৭॥

ভারতকৌমুদী

সুখমিতি। ইতি বিভাব্যেতি শেষঃ। আয়তেক্ষণা বিশাললোচনা কৃষ্ণা ॥১৩॥
তদিতি। পাপস্য পাপাত্মনঃ, কর্ম্মভির্দ্যূতক্রীড়াদিভিঃ ॥১৪॥
তথেতি। লালপ্যমানে পুনঃ পুনর্বিলপতি সতি। তত্র দ্রৌপদ্যন্তিকে ॥১৫॥
ত ইতি। অপূজয়ন্ সমতোষয়ন্। তথা অনিষ্টনিবারিকাঃ ॥১৬॥

আমি দ্যূতের অনুরাগী, অথচ আমার বুদ্ধি নাই, তাই আমি হিংস্রজন্তুতে পরিপূর্ণ বনের ভিতরে দ্রৌপদীকে লইয়া বিচরণ করিতে থাকিয়া এটা কি করিলাম ॥১২॥

হায়! কল্যাণী দ্রৌপদী পাণ্ডবগণকে পতি লাভ করিয়া সুখ ভোগ করিবে, ইহা ভাবিয়াই পিতা দ্রুপদরাজা এই আয়তনয়নাকে আমাদের হস্তে দান করিয়াছিলেন ॥১৩॥

কিন্তু আমি পাপাত্মা, তাই আমার কর্ম্মদোষেই ইনি সে সমস্ত না পাইয়া পরিশ্রম, শোক ও পথের ক্লেশে ক্লান্ত ও ভূতলপতিত হইয়া শয়ন করিয়াছেন!" ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—ধর্ম্মরাজ যুধিষ্ঠির বার বার সেইরূপ বিলাপ করিতে থাকিলে, ধৌম্যপ্রভৃতি ব্রাহ্মণেরা সকলেই সেখানে আসিলেন ॥১৫॥

তাঁহারা দ্রৌপদীকে আশ্বস্ত করিলেন, আশীর্ব্বাদ দ্বারা সন্তুষ্ট করিলেন, রক্ষোঘ্ন মন্ত্র পাঠ করিতে লাগিলেন এবং অনিষ্টনিবারক কার্য্য করিতে থাকিলেন ॥১৬॥

---

(১৩)…প্রাপ্য বৈ পাণ্ডবান্ পতীন্—বা ব বা নি। (১৬) তে সমাশ্বাসয়ামাসুঃ—চক্রুশ্চ তে ক্রিয়াঃ -বা ব বা নি।

সেব্যমানা চ শীতেন জলমিশ্রেণ বায়ুনা।
পাঞ্চালী সুখমাসাদ্য লেভে চেতঃ শনৈঃ শনৈঃ ॥ ১৮॥ (যুগ্মকম্)
পরিগৃহ্য চ তাং দীনাং কৃষ্ণামজিনসংস্তরে।
পার্থা বিশ্রাময়ামাসুর্লব্ধসংজ্ঞাং তপস্বিনীম্ ॥১৯॥
তস্যা যমৌ রক্ততলৌ পাদৌ পূজিতলক্ষণৌ।
করাভ্যাং কিণজাতাভ্যাং শনকৈঃ সংববাহতুঃ ॥২০॥
পর্য্যাশ্বাসয়দপ্যেনাং ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
উবাচ চ কুরুশ্রেষ্ঠো ভীমসেনমিদং বচঃ ॥২১॥
বহবঃ পর্ব্বতা ভীম! বিষমা হিমদুর্গমাঃ।
তেষু কৃষ্ণা মহাবাহো! কথং নু বিচরিষ্যতি ॥২২॥

ভারতকৌমুদী

পর্য্যগাদিতি। করৈর্হস্তৈঃ, শীতৈঃ শীতলৈঃ। চেতঃ চৈতন্যম্ ॥১৭—১৮॥

পরীতি। পরিগৃহ্য নীত্বা। অজিনসংস্তরে আস্তৃতমৃগচর্ম্মণি। তপস্বিনীং শোচ্যাম্ ॥১৯॥

তস্যা ইতি। যমৌ নকুলসহদেবৌ, কিণজাতাভ্যাং ধনুর্গুণঘর্ষণেন জাতচিহ্নাভ্যাং করাভ্যাম্, শনকৈঃ, পূজিতলক্ষণৌ তস্যাঃ পাদৌ, সংববাহতুঃ সংবাহয়ামাসতুঃ। আর্ষং পদম্ ॥২০॥

পর্য্যাশ্বাসয়দিতি। এনাং দ্রৌপদীম্ ॥২১॥

বহব ইতি। বিষমা বিপৎসঙ্কুলা উচ্চাবচা বা। কৃষ্ণা দ্রৌপদী ॥২২॥

মহর্ষিরা শান্তির জন্য মন্ত্রপাঠ করিতে থাকিলে, পাণ্ডবেরা শীতল হস্তদ্বারা বার বার স্পর্শ করিতে লাগিলেন এবং জলমিশ্রিত শীতল বায়ুদ্বারা সেবন করিতে থাকিলেন; তখন দ্রৌপদী সুখ লাভ করিয়া ধীরে ধীরে চৈতন্য লাভ করিলেন ॥১৭—১৮॥

তাহার পর পাণ্ডবেরা লব্ধচৈতন্যা, দুর্ব্বলা ও শোচনীয়া দ্রৌপদীকে আস্তৃত মৃগচর্ম্মের উপরে রাখিয়া বিশ্রাম করাইতে লাগিলেন ॥১৯॥

নকুল ও সহদেব কিণ-(কড়) চিহ্নিত হস্তযুগল দ্বারা ধীরে ধীরে দ্রৌপদীর রক্ততল ও সুলক্ষণ চরণযুগলের সংবাহন করিতে থাকিলেন ॥২০॥

কুরুশ্রেষ্ঠ ধর্ম্মরাজ যুধিষ্ঠিরও দ্রৌপদীকে আশ্বস্ত করিলেন এবং ভীমকে এই কথা বলিলেন—॥২১॥

"মহাবাহু ভীম! হিমে দুর্গম এবং উঁচু-নীচু বহুতর পর্ব্বত [illegible]; [illegible] দ্রৌপদী কি করিয়া গমন করিবেন?" ॥২২॥

---

(১৯)... তদা বিশ্রাময়ামাসুঃ—নি।

ভীমসেন উবাচ।

ত্বাং রাজন্! রাজপুত্রীঞ্চ যমৌ চ পুরুষর্ষভ!।
স্বয়ং নেষ্যামি রাজেন্দ্র! মা বিষাদে মনঃ কৃথাঃ ॥২৩॥
হৈড়িম্বশ্চ মহাবীর্য্যো বিহগো মদ্বলোপমঃ।
বহেদনঘ! সর্ব্বান্ নো বচনাত্তে ঘটোৎকচঃ ॥২৪॥

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা তু বচনং ভীমসেনস্য ধর্ম্মরাট্।
ভীমং সম্পূজয়ংস্তুষ্ট এবমস্ত্বিত্যভাষত ॥২৫॥
সোঽনুজ্ঞাতো ধর্ম্মরাজ্ঞা পুত্রং সস্মার রাক্ষসম্।
ঘটোৎকচস্তু ধর্ম্মাত্মা স্মৃতমাত্রঃ পিতুস্তদা ॥২৬॥
কৃতাঞ্জলিরুপাতিষ্ঠদভিবাদ্যাথ পাণ্ডবান্।
ব্রাহ্মণাংশ্চ মহাবাহুঃ স চ তৈরভিনন্দিতঃ ॥২৭॥
উবাচ ভীমসেনং স পিতরং ভীমবিক্রমম্।
স্মৃতোঽস্মি ভবতা শীঘ্রং শুশ্রূষুরহমাগতঃ ॥২৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ত্বামিতি। রাজপুত্রীং দ্রৌপদীম্, যমৌ নকুলসহদেবৌ। স্বয়মহমেব ॥২৩॥

হৈড়িম্ব ইতি। হৈড়িম্বো হিড়িম্বায়াঃ পুত্রঃ, বিহায়সা গচ্ছতীতি বিহগ আকাশচরঃ ॥২৪॥

এতদিতি। ধর্ম্মরাড্ যুধিষ্ঠিরঃ। সম্পূজয়ন্ প্রশংসন্, যথাকালমুপায়স্মরণাৎ ॥২৫॥

স ইতি। ধর্ম্মরাজ্ঞেত্যদন্তত্বাভাব আর্ষঃ। ব্রাহ্মাংশ্চ অভিবাদ্যেতি সম্বন্ধঃ। অভিনন্দিত আশিষা সন্তোষিতঃ। শুশ্রূষুঃ ভবতাং শুশ্রূষাং কর্ত্তুমিচ্ছুঃ ॥২৬—২৮॥

ভীম বলিলেন—"হে পুরুষপ্রধান রাজশ্রেষ্ঠ রাজা! একক আমিই আপনাকে, দ্রৌপদীকে এবং নকুল ও সহদেবকে বহন করিয়া লইয়া যাইব; আপনি বিষণ্ণ হইবেন না ॥২৩॥

অথবা, হে নিষ্পাপ রাজা! আমার তুল্য বলবান্, অত্যন্ত উৎসাহী ও আকাশচারী হিড়িম্বানন্দন ঘটোৎকচ আপনার আদেশে আমাদের সকলকেই বহন করিয়া লইয়া যাইবে" ॥২৪॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির ভীমের এই কথা শুনিয়া সন্তুষ্ট হইয়া ভীমের প্রশংসা করিয়া বলিলেন—"এইরূপই হউক" ॥২৫॥

যুধিষ্ঠির অনুমতি করিলে, ভীমসেন তখনই পুত্র ঘটোৎকচকে স্মরণ করিলেন; তিনি স্মরণ করিবামাত্রই ধর্ম্মাত্মা ও মহাবাহু ঘটোৎকচও কৃতাঞ্জলি

---

(২৫) শ্লোকঃ বা ব কা নি নাস্তি। (২৮)···শীঘ্রং সহসাহমুপাগতঃ—পি।

আজ্ঞাপয় মহাবাহো! সর্ব্বং কর্ত্তাস্ম্যসংশয়ম্।
তচ্ছ্রুত্বা ভীমসেনস্তু রাক্ষসং পরিষস্বজে ॥২৯॥

যুধিষ্ঠির উবাচ।

ধর্ম্মজ্ঞো বলবান্ শূরঃ সদ্যো রাক্ষসপুঙ্গবঃ।
ভক্তোঽস্মান্ রাক্ষসঃ পুত্রো ভীম! গৃহ্ণাতু মাতরম্ ॥৩০॥
তব বাহুবলেনাহমতিভীমপরাক্রম!।
অক্ষতঃ সহ পাঞ্চাল্যা গচ্ছেয়ং গন্ধমাদনম্ ॥৩১॥

বৈশম্পায়ন উবাচ।

ভ্রাতুর্বচনমাজ্ঞায় ভীমসেনো ঘটোৎকচম্।
আদিদেশ নরব্যাঘ্রস্তনয়ং শত্রুকর্ষণম্ ॥৩২॥

ভারতকৌমুদী

আজ্ঞাপয়েতি। কর্ত্তাস্মি করিষ্যামি। রাক্ষসং ঘটোৎকচম্, পরিষস্বজে আলিলিঙ্গ ॥২৯॥
ধর্ম্মজ্ঞ ইতি। অস্মান্ প্রতি ভক্তঃ। সদ্যঃ সপদি, মাতরং দ্রৌপদীং বোঢ়ুং গৃহ্ণাতু ॥৩০॥
ভীমমেব—স্তৌতি তবেতি। ঘটোৎকচস্য বাহুবলমপি তবৈব বাহুবলমিতি ভাবঃ ॥৩১॥
ভ্রাতুরিতি। ভ্রাতুর্যুধিষ্ঠিরস্য। আজ্ঞায় শ্রুত্বা ॥৩২॥

হইয়া পিতৃপর্য্যায় পাণ্ডবগণের নিকট উপস্থিত হইল এবং তাঁহাদিগকে ও ব্রাহ্মণগণকে অভিবাদন করিল; তাহার পর তাঁহারা সকলেও তাহার অভিনন্দন করিলেন। তৎপরে ঘটোৎকচ ভীমবিক্রম পিতা ভীমসেনকে বলিল—"আপনি আমাকে স্মরণ করিয়াছেন, তাই আমি আপনাদের পরিচর্য্যা করিবার জন্য সত্বর আসিয়াছি ॥২৬—২৮॥

মহাবাহু! আদেশ করুন, নিশ্চয়ই আমি আপনাদের সমস্ত কার্য্য করিব।" তাহা শুনিয়া ভীমসেন তাহাকে আলিঙ্গন করিলেন ॥২৯॥

যুধিষ্ঠির বলিলেন—"ভীম! রাক্ষসশ্রেষ্ঠ পুত্র ঘটোৎকচ ধর্ম্মজ্ঞ, বলবান্, বীর এবং আমাদের ভক্ত; সুতরাং এখনই এ—দ্রৌপদীকে ধারণ করুক ॥৩০॥

অতিভীমপরাক্রম ভীম! তোমার বাহুবলেই আমি দ্রৌপদীর সহিত অক্ষত শরীরে গন্ধমাদনপর্ব্বতে যাইতে পারিব" ॥৩১॥

বৈশম্পায়ন বলিলেন—নরশ্রেষ্ঠ ভীমসেন যুধিষ্ঠিরের কথা শুনিয়া শত্রুহন্তা পুত্র ঘটোৎকচকে আদেশ করিলেন—॥৩২॥

(২৯) শ্লোকাৎ পরম্ '...চতুশ্চত্বারিংশদধিকঃ...'—বা ব কা, '...পঞ্চচত্বারিংশদধিকঃ...'—পি, '...ষট্চত্বারিংশদধিকঃ...'—নি। (৩০)...সদ্যো রাক্ষসপুঙ্গবঃ...ঔরসঃ পুত্রঃ...গৃহ্ণাতু মা চিরম্—বা ব কা।

হৈড়িম্বেষং পরিশ্রান্তা তব মাতাঽপরাজিত।।
ত্বঞ্চ কামগমস্তাত। বলবান্ বহ তাং খগ।॥৩৩॥
স্কন্ধমারোপ্য ভদ্রং তে মধ্যেঽস্মাকং বিহায়সা।
গচ্ছ নীচিকয়া গত্যা যথা চৈনাং ন পীড়য়েঃ ॥৩৪॥
ঘটোৎকচ উবাচ।
ধর্ম্মরাজঞ্চ ধৌম্যঞ্চ কৃষ্ণাঞ্চ যমজৌ তথা।
একোঽপ্যহমলং বোঢ়ুং কিমুতাদ্য সহায়বান্ ॥৩৫॥
অন্যে চ শতশঃ শূরা বিহগাঃ কামরূপিণঃ।
সর্ব্বান্ বো ব্রাহ্মণৈঃ সার্দ্ধং বক্ষ্যন্তি সহিতা ময়া ॥৩৬॥
বৈশম্পায়ন উবাচ।
এবমুক্ত্বা তদা কৃষ্ণামুবাহ স ঘটোৎকচঃ।
পাণ্ডূনাং মধ্যগো বীরঃ পাণ্ডবানপি চাপরে ॥৩৭॥

ভারতকৌমুদী

হৈড়িম্বেতি। হে হৈড়িম্ব।। মাতা দ্রৌপদী। হে খগ। খেচর।॥৩৩॥
স্কন্ধমিতি। তে তব ভদ্রমস্তু। বিহায়সা গগনেন। নীচিকয়া নিম্নবর্ত্তিন্যা ॥৩৪॥
ধর্ম্মেতি। অলং সমর্থঃ। অন্যেঽপি রাক্ষসা মম সহায়াঃ সন্তীতি ভাবঃ ॥৩৫॥
অন্য ইতি। বিহগা আকাশচারিণো রাক্ষসাঃ। বক্ষ্যন্তি বহনং করিষ্যন্তি ॥৩৬॥
এবমিতি। অপরে চ রাক্ষসাঃ, পাণ্ডবানপি ঊহুরিতি শেষঃ ॥৩৭॥

"বৎস! অপরাজিত! খেচর! হিড়িম্বানন্দন! তোমার মাতা দ্রৌপদী পরিশ্রান্ত হইয়া পড়িয়াছেন, তুমিও কামগামী এবং বলবান্; অতএব তুমি তাঁহাকে বহন কর ॥৩৩॥

বৎস! তোমার মঙ্গল হউক; তুমি উঁহাকে স্কন্ধে লইয়া আমাদের মধ্যে থাকিয়া নিম্ন আকাশ দিয়া মন্দগতিতে গমন কর, যাহাতে উঁহার কষ্ট না হয়" ॥৩৪॥

ঘটোৎকচ বলিল—"আমি একাকীই ধর্ম্মরাজ, ধৌম্যপুরোহিত, দ্রৌপদী এবং নকুল-সহদেবকে বহন করিতে পারি; সহায়সম্পন্ন হইলে আর বক্তব্য আছে কি ॥৩৫॥

বীর, আকাশচারী ও কামরূপী অন্য শত শত রাক্ষসও আমার সহিত মিলিত হইয়া ব্রাহ্মণদের সহিত আপনাদের সকলকে বহন করিবে" ॥৩৬॥

৩৬,...বক্ষ্যন্তি সহিতাঽনঘ!—বা ব কা।

লোমশঃ সিদ্ধমার্গেণ জগামানুপমদ্যুতিঃ।
স্বেনৈব স প্রভাবেণ দ্বিতীয় ইব ভাস্করঃ ॥৩৮॥
ব্রাহ্মণাংশ্চাপি তান্ সর্ব্বান্ সমুপাদায় রাক্ষসাঃ।
নিযোগাদ্রাক্ষসেন্দ্রস্য জগ্মুর্ভীমপরাক্রমাঃ ॥৩৯॥
এবং সুরমণীয়ানি বনান্যুপবনানি চ।
আলোকয়ন্তস্তে জগ্মুর্বিশালাং বদরীং প্রতি ॥৪০॥
তে ত্বাশুগতিভির্বীরা রাক্ষসৈস্তৈর্মহাজবৈঃ।
উহ্যমানা যযুঃ শীঘ্রং দীর্ঘমধ্বানমল্পবৎ ॥৪১॥
দেশান্ ম্লেচ্ছজনাকীর্ণান্ নানারত্নাকরান্ শুভান্।
দদৃশুর্গিরিপাদাংশ্চ নানাধাতুসমাচিতান্ ॥৪২॥

ভারতকৌমুদী

লোমশ ইতি। সিদ্ধানাং দেবযোনিবিশেষাণাং মার্গেণ আকাশপথেনৈব ॥৩৮॥

ব্রাহ্মণানিতি। নিযোগাদাদেশাৎ, রাক্ষসেন্দ্রস্য ঘটোৎকচস্য ॥৩৯॥

এবমিতি। বদরীং কর্কন্ধুবৃক্ষং তন্নাম্না প্রসিদ্ধমাশ্রমমিত্যর্থঃ ॥৪০॥

ত ইতি। মহাজবৈর্মহাবেগৈঃ। অধ্বানং পন্থানম্, অল্পবৎ অল্পপথবৎ ॥৪১॥

দেশানিতি। বেদবাহ্যাচারা ম্লেচ্ছজনাস্তৈরাকীর্ণান্। গিরেঃ পাদান্ প্রত্যন্তপর্ব্বতান্।

বৈশম্পায়ন বলিলেন—এইরূপ বলিয়া তখনই মহাবীর ঘটোৎকচ পাণ্ডবগণের মধ্যে থাকিয়া দ্রৌপদীকে বহন করিয়া লইয়া চলিল এবং অন্য রাক্ষসেরা পাণ্ডবগণকে বহন করিয়া নিয়া যাইতে থাকিল ॥৩৭॥

এবং অসাধারণ তেজস্বী লোমশমুনি আপন প্রভাবেই সিদ্ধপথে দ্বিতীয় সূর্য্যের ন্যায় গমন করিতে লাগিলেন ॥৩৮॥

আর, ভয়ঙ্কর পরাক্রমশালী অপর কতকগুলি রাক্ষস ঘটোৎকচের আদেশে সেই সকল ব্রাহ্মণকে লইয়া গমন করিতে থাকিল ॥৩৯॥

এইভাবে তাঁহারা অতি মনোহর বন ও উপবন দেখিতে দেখিতে বদরিকাশ্রমের দিকে যাইতে লাগিলেন ॥৪০॥

মহাবেগশালী ও দ্রুতগামী সেই রাক্ষসেরা বহন করিয়া লইয়া যাইতেছিল বলিয়া তাঁহারা সত্বরই অল্প পথের ন্যায় দীর্ঘ পথ যাইতে থাকিলেন ॥৪১॥

তখন তাঁহারা ম্লেচ্ছগণে পরিপূর্ণ, নানাবিধ রত্নের আকর ও মনোহর বহুতর দেশ এবং গৈরিকাদি নানাধাতুব্যাপ্ত ক্ষুদ্র ক্ষুদ্র বহুতর পর্ব্বত দেখিতে

(৩৮) ··স্বেনৈবাতিপ্রভাবেণ—পি। (৪১) ··মহদধ্বানমল্পবৎ—বা ব কা নি।
(৪২)···নানারত্নাকরাযুতান্—বা ব কা নি।

বিদ্যাধরগণাকীর্ণান্ যুতান্ পন্নগকিন্নরৈঃ।
তথা কিম্পুরুষৈশ্চৈব গন্ধর্বৈশ্চ সমন্ততঃ ॥৪৩॥
ময়ূরৈশ্চমরৈশ্চৈব বানরৈ রুরুভিস্তথা।
বরাহৈর্গবয়ৈশ্চৈব মহিষৈশ্চ সমাবৃতান্ ॥৪৪॥
নদীজালসমাকীর্ণান্ নানাপক্ষিযুতান্ বহূন্।
নানাবিধৈর্মৃগৈর্জুষ্টান্ বারণৈশ্চোপশোভিতান্ ॥৪৫॥
সমদৈশ্চাপি বিহগৈঃ পাদপৈরন্বিতাংস্তথা।
তেঽবতীর্য্য বহূন্ দেশান্ উত্তরাংশ্চ কুরূনপি ॥৪৬॥
দদৃশুর্বিবিধাশ্চর্য্যং কৈলাসং পর্ব্বতোত্তমম্।
তস্যাভ্যাসে তু দদৃশুর্নরনারায়ণাশ্রমম্ ॥৪৭॥
উপেতং পাদপৈর্দিব্যৈঃ সদা পুষ্পফলোপগৈঃ।
দদৃশুস্তাঞ্চ বদরীং বৃত্তস্কন্ধাং মনোরমাম্ ॥৪৮॥
স্নিগ্ধামবিরলচ্ছায়াং শ্রিয়া পরময়া যুতাম্ ॥
পত্রৈঃ স্নিগ্ধৈরবিরলৈরুপেতাং মৃদুভিঃ শুভাম্ ॥৪৯॥
বিশালশাখাং বিস্তীর্ণামতিদ্যুতিসমন্বিতাম্।
ফলৈরুপচিতৈর্দিব্যৈরাচিতাং স্বাদুভির্ভৃশম্ ॥৫০॥

ভারতকৌমুদী

গানক্ষমত্বাক্ষমত্বাভ্যাং কিন্নরাণাং দ্বৈবিধ্যাৎ পৃথগুপাদানম্। চমরুরু হরিণবিশেষৌ। মৃগৈঃ পশুভিঃ, জুষ্টান্ সেবিতান্, বারণৈর্হস্তিভিঃ। বিহগৈঃ পক্ষিভিঃ। অবতীর্য্য অতিক্রম্য। অভ্যাসে নিকটে। পুষ্পাণি ফলানি চ উপগচ্ছন্তি প্রাপ্নুবন্তীতি তৈঃ। বৃত্তস্কন্ধাং গোলপ্রকাণ্ডদেশাম্। অবিরলচ্ছায়াং নিবিড়চ্ছায়াম্। অবিরলৈর্ঘনৈঃ। উপচিতৈ-

পাইলেন। তাহাতে বিদ্যাধর, কিন্নর, কিম্পুরুষ ও নাগ বিচরণ করিতেছিল এবং ময়ূর, চমরহরিণ, রুরুহরিণ, বানর, বরাহ, গবয় ও মহিষ ভ্রমণ করিতেছিল, আর সে পর্ব্বতগুলির নিকট দিয়া অনেক নদী প্রবাহিত হইতেছিল এবং সে গুলিতে নানাবিধ পক্ষী, বহুবিধ পশু, হস্তী, মদমত্ত পক্ষী ও নানাবিধ বৃক্ষ ছিল তাহার পর তাঁহারা বহুতর দেশ ও উত্তর কুরুদেশ অতিক্রম করিয়া নানাবিধ আশ্চর্য্যের আধার কৈলাসপর্ব্বত দর্শন করিলেন এবং তাহার নিকট নরনারায়ণ ঋষির আশ্রম (বদরিকাশ্রম) দেখিতে পাইলেন; সে আশ্রমে সর্ব্বদাই ফল ও পুষ্পশালী বহুতর উত্তম বৃক্ষ ছিল; আর তাঁহারা সেখানে সেই মনোহর বদরীবৃক্ষ দর্শন করিলেন; তাহার স্কন্ধদেশ গোলাকার, আকৃতি স্নিগ্ধ, ছায়া-

(৪৩)…বানরকিন্নরৈঃ—বা ব কা নি।

মধুস্রবৈঃ সদা দিব্যাং মহর্ষিগণসেবিতাম্।
মদপ্রমুদিতৈর্নিত্যং নানাদ্বিজগণৈর্যুতাম্ ॥৫১॥
অদংশমশকে দেশে বহুমূলফলোদকে।
নীলশাদ্বলসংছন্নে দেবগন্ধর্ব্বসেবিতে ॥৫২॥
সুসমীকৃতভূভাগে স্বভাববিমলে শুভে।
জাতাং হিমমৃদুস্পর্শে দেশেঽপহতকণ্টকে ॥৫৩॥ (কুলকম্)
তামুপেত্য মহাত্মানঃ সহ তৈর্ব্রাহ্মণর্ষভৈঃ।
অবতেরুস্ততঃ সর্ব্বে রাক্ষসস্কন্ধতঃ শনৈঃ ॥৫৪॥
ততস্তমাশ্রমং রম্যং নরনারায়ণাশ্রিতম্।
দদৃশুঃ পাণ্ডবা রাজন্! সহিতা দ্বিজপুঙ্গবৈঃ ॥৫৫॥
তমসা রহিতং পুণ্যমনামৃষ্টং রবেঃ করৈঃ।
ক্ষুত্তৃট্‌শীতোষ্ণদোষৈশ্চ বর্জ্জিতং শোকনাশনম্ ॥৫৬॥

ভারতকৌমুদী

বহুলীভূতৈঃ, আচিতাং ব্যাপ্তাম্। নানাদ্বিজগণৈর্বহুবিধপক্ষিসমূহৈঃ। নীলৈঃ শাদ্বলৈর্নব-তৃণৈঃ সংছন্নে আবৃতে। অপহতকণ্টকে দূরীকৃতকণ্টকে ॥৪২—৫৩॥

তামিতি। তাং বদরীম্। মহাত্মানঃ পাণ্ডবাদয়ঃ ॥৫৪॥

তত ইতি। নরনারায়ণাভ্যামৃষিভ্যাম্ আশ্রিতম্ আশ্রিতপূর্ব্বম্। তমসা অন্ধকারেণ।

ভারতভাবদীপঃ

ক্রোশমাত্রমিতি ॥১—২৩॥ বিহগ ইব বিহগঃ খেচরঃ ॥২৪—৩৫॥ বক্ষ্যন্তি বহনং করিষ্যন্তি ॥৩৬—৪১॥ রত্নাকরৈরাসমন্তাদ্যুতান্ ॥৪২—৪৬॥ অভ্যাসে সমীপে ॥৪৭—৫২॥ স্বভাবত এব

নিবিড়, কান্তি মনোহর, পত্র সকল স্নিগ্ধ, ঘন ও কোমল; শাখাসমূহ বিশাল ও বিস্তীর্ণ এবং ফলসমূহ বৃহৎ, উত্তম, সুস্বাদু ও মধুস্রাবী ছিল। মহর্ষিরা সেই বদরীবৃক্ষের সেবা করিতেন এবং সেই বদরীবৃক্ষের উপরে সর্ব্বদাই মদমত্ত ও আনন্দিত নানাবিধ পক্ষী বিচরণ করিত। আর, সেই বদরীবৃক্ষ যে স্থানে জন্মিয়াছিল, সে স্থানে দংশ (ডাঁশ) ও মশক ছিল না; প্রচুর ফল, মূল ও জল ছিল এবং দেবগণ ও গন্ধর্ব্বগণ বিচরণ করিতেন; আর সে স্থানটী নীলবর্ণ নূতন তৃণে আবৃত, সমতল, স্বভাবনির্ম্মল, নিরুপদ্রব, শীতল ও কোমলস্পর্শ এবং কণ্টকবিহীন ছিল ॥৪২—৫৩॥

মহাত্মা পাণ্ডবেরা সেই বদরীবৃক্ষের নিকটে উপস্থিত হইয়া সেই ব্রাহ্মণ-গণের সহিত রাক্ষসস্কন্ধ হইতে ধীরে ধীরে অবতরণ করিলেন ॥৫৪॥

রাজা! তাহার পর পাণ্ডবগণ ব্রাহ্মণগণের সহিত মিলিত হইয়া নর-নারায়ণ

(৫৩)…স্বভাববিহিতে শুভে—বা, ব, কা, নি।

মহর্ষিগণসংবাধং ব্রাহ্ম্যা লক্ষ্ম্যা সমন্বিতম্ ।
দুষ্প্রবেশং মহারাজ । নরৈর্ধর্ম্মবহিষ্কৃতৈঃ ॥৫৭॥
বলিহোমার্চ্চিতং পুণ্যং সুসংমৃষ্টানুলেপনম্ ।
দিব্যপুষ্পোপহারৈশ্চ সর্ব্বতোঽভিবিরাজিতম্ ॥৫৮॥
বিশালৈরগ্নিশরণৈঃ স্রুগ্‌ভাণ্ডৈরাচিতং শুভৈঃ ।
মহদ্ভিস্তোয়কলসৈঃ কঠিনৈশ্চোপশোভিতম্ ॥৫৯॥
শরণ্যং সর্ব্বভূতানাং ব্রহ্মঘোষনিনাদিতম্ ।
দিব্যমাশ্রয়ণীয়ং তমাশ্রমং শ্রমনাশনম্ ॥৬০॥
শ্রিয়া যুতমনির্দ্দেশ্যং দেবচর্য্যোপশোভিতম্ ।
ফলমূলাশনৈর্দান্তৈশ্চারুকৃষ্ণাজিনাম্বরৈঃ ॥৬১॥

ভাবতকৌমুদী

অনামৃষ্টং বৃক্ষপত্রাদ্যাচ্ছাদনাৎ অস্পৃষ্টম্ । মহর্ষিগণৈঃ সংবাধং নিববকাশম্, ব্রাহ্ম্যা ব্রাহ্মণ-সম্পাদিতযা, লক্ষ্ম্যা কান্ত্যা । ধর্ম্মবহিষ্কৃতৈবধার্ম্মিকৈঃ । বলিভিঃ পূজোপহারৈঃ হোমৈশ্চ অর্চ্চিতং গৌববিষযীকৃতম্, সুসংমৃষ্টং লিপ্তম্ অনুলেপনং গোমযাদিকং যত্র তম্ । অগ্নি-শবণৈর্হোমগৃহৈঃ, স্রুগ্‌ভাণ্ডৈঃ স্রুক্‌স্রুবাদিস্থাপনপাত্রৈঃ, আচিতং ব্যাপ্তম্ । কঠিনৈঃ পাকস্থলীভিঃ, "কঠিনং নিষ্ঠুবে স্থাল্যাং শর্কবাযাং গুডস্য চ" ইতি বিশ্বঃ । ব্রহ্মঘোষৈর্বেদধ্বনিভির্নিনাদিতম্ । অনির্দ্দেশ্যং সৌন্দর্য্যে অনির্ব্বচনীযম্, দেবস্য চর্য্যা আচাবস্তেন উপশোভিতম্ । দান্তৈ-

ভাবতভাবদীপঃ

বিশেষেণ হিতে স্বভাববিহিতে জাতাং বদবীম্ ॥৫৩—৫৬॥ মহর্ষিগণসংবাধমৃষিগণব্যাপ্তম্, ব্রাহ্ম্যা লক্ষ্ম্যা ঋগ্‌যজুঃসামাত্মিকযা । "ঋচঃ সামানি যজূংষি সা হি শ্রীবমৃতা সতা"মিতি শ্রুতেঃ ॥৫৭॥ সুষ্ঠু সংমৃষ্টং সম্মার্জ্জনমনুলেপনঞ্চ যত্র তৎ ॥৫৮॥ অগ্নিশরণৈবগ্ন্যাগাবৈঃ, আচিতং ব্যাপ্তম্, কঠিনৈঃ শিক্যৈঃ কবণ্ডৈর্বা ॥৫৯—৬০॥ দেবচর্য্যা সত্যসঙ্কল্পত্বাদিকা, তয়া উপশোভিতম্

ঋষির সেই পুণ্যময় মনোহর আশ্রম দর্শন করিতে লাগিলেন। তাহাতে অন্ধকাবের বা সূর্য্যকিবণেব সংস্পর্শ ছিল না; ক্ষুধা বা পিপাসা হইত না, শীত বা গ্রীষ্ম ছিল না, কোন শোকের সম্ভাবনাও ছিল না, এবং অধার্ম্মিক লোকেব প্রবেশ করা দুষ্কর ছিল; আব মহাবাজ! সে আশ্রমটী মহর্ষিগণে পবিপূর্ণ ও ব্রাহ্মীশোভায় পবিশোভিত ছিল এবং সে আশ্রমে গোময়লিপ্ত পবিত্র স্থানে পূজা ও হোম চলিতেছিল, এবং সকল দিকেই উত্তম উত্তম পুষ্প বিক্ষিপ্ত থাকায় বিশেষ শোভা জন্মিয়াছিল; আর সে আশ্রম—বিশাল বিশাল হোমগৃহ, মাঙ্গলিক স্রুক্‌-স্রুবেব পাত্র, বৃহৎ বৃহৎ জলের কলস ও পাকেব স্থালীতে পরিশোভিত ছিল; এবং সে আশ্রম—সকল প্রাণীরই রক্ষক, বেদ-ধ্বনিতে মুখরিত, সকলেরই আশ্রয়ণীয়, শ্রমনাশক, দিব্য-সৌন্দর্য্যসম্পন্ন,

সূর্য্যবৈশ্বানরসমৈস্তপসা ভাবিতাত্মভিঃ।
মহর্ষিভির্মোক্ষপরৈর্যতিভির্নিয়তেন্দ্রিয়ৈঃ ॥৬২॥
ব্রহ্মভূতৈর্মহাভাগৈরুপেতং ব্রহ্মবাদিভিঃ।
সোঽভ্যগচ্ছন্মহাতেজাস্তানৃষীন্ প্রযতঃ শুচিঃ ॥৬৩॥
ভ্রাতৃভিঃ সহিতো ধীমান্ ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
দিব্যজ্ঞানোপপন্নাস্তে দৃষ্ট্বা প্রাপ্তং যুধিষ্ঠিরম্ ॥৬৪॥
অভ্যগচ্ছন্ত সুপ্রীতাঃ সর্ব্ব এব মহর্ষয়ঃ।
আশীর্ব্বাদান্ প্রযুঞ্জানাঃ স্বাধ্যায়নিরতা ভৃশম্ ॥৬৫॥
প্রীতাস্তে তস্য সৎকারং বিধিনা পাবকোপমাঃ।
উপাজহ্রুশ্চ সলিলং পুষ্পমূলফলং শুচি ॥৬৬॥ (কুলকম্)
স তৈঃ প্রীত্যাঽথ সৎকারমুপনীতং মহর্ষিভিঃ।
প্রযতঃ প্রতিগৃহ্যাথ ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৬৭॥
তং শক্রসদনপ্রখ্যং দিব্যগন্ধমনোরমম্।
প্রীতঃ স্বর্গোপমং পুণ্যং পাণ্ডবঃ সহ কৃষ্ণয়া ॥৬৮॥
বিবেশ শোভয়া যুক্তং ভ্রাতৃভিশ্চ মহানঘ !।
ব্রাহ্মণৈর্ব্বেদবেদাঙ্গপারগৈশ্চ সহস্রশঃ ॥৬৯॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

জিতেন্দ্রিয়ৈঃ। ভাবিতাত্মভিঃ শোধিতচিত্তৈঃ। ব্রহ্মভূতৈর্বিরিঞ্চিতুল্যৈঃ, ব্রহ্মবাদিভি-র্বেদবক্তৃভিঃ। প্রযতঃ সংযতচিত্তঃ। প্রাপ্তম্ আগতম্। প্রযুঞ্জানাঃ কুর্ব্বাণাঃ। সৎকারং সৎকারহেতুম্ আদরনিদর্শনমিত্যর্থঃ ॥৫৫—৬৬॥

স ইতি। উপনীতম্ উপস্থাপিতম্। প্রযতঃ সংযতচিত্তঃ। শক্রসদনপ্রখ্যম্ ইন্দ্রভবন-তুল্যম্। ব্রাহ্মণৈশ্চ সহেতি সম্বন্ধঃ ॥৬৭—৬৯॥

অনির্ব্বচনীয় ও দেবতার আচারে পরিশোভিত ছিল; আর সে আশ্রমে ফল-মূলভোজী, ইন্দ্রিয়সংযমী, মনোহর কৃষ্ণাজিনধারী, সূর্য্য ও অগ্নির তুল্য তেজস্বী, তপস্যায় শোধিতচিত্ত, মোক্ষপরায়ণ, জিতেন্দ্রিয়, ব্রহ্মার তুল্য, বেদবক্তা ও মহাত্মা মহর্ষিরা অবস্থান করিতেছিলেন। তখন মহাতেজা ধর্ম্মপুত্র যুধিষ্ঠির সংযতচিত্ত ও পবিত্র হইয়া ভ্রাতাদের সহিত সেই মহর্ষিগণের নিকট উপস্থিত হইলেন; তখন দিব্যজ্ঞানসম্পন্ন, বেদপাঠনিরত ও অগ্নিতুল্য সেই মহর্ষিরা সকলেই যুধিষ্ঠিরকে আগত দেখিয়া অত্যন্ত আনন্দিত হইয়া তাঁহার প্রত্যুদ্গমন করিলেন এবং প্রীতিসহকারে যথাবিধানে সৎকারপূর্ব্বক তাঁহাকে পবিত্র জল, ফুল, ফল ও মূল উপহার দিলেন ॥৫৫—৬৬॥

তত্রাপশ্যত ধর্ম্মাত্মা দেবদেবর্ষিপূজিতম্ ।
নরনারায়ণস্থানং ভাগীরথ্যোপশোভিতম্ ॥৭০॥
পশ্যন্তস্তে নরব্যাঘ্রা রেমিরে তত্র পাণ্ডবাঃ ।
মধুস্রবফলং দিব্যং ব্রহ্মর্ষিগণসেবিতম্ ॥৭১॥
তদুপেত্য মহাত্মানস্তেঽবসন্ ব্রাহ্মণৈঃ সহ ।
মুদা যুক্তা মহাত্মানো রেমিরে তত্র তে তদা ॥৭২॥
আলোকয়ন্তো মৈনাকং নানাদ্বিজগণাযুতম্ ।
হিরণ্যশিখরঞ্চৈব তচ্চ বিন্দুসরঃ শিবম্ ॥৭৩॥
তস্মিন্ বিহরমাণাশ্চ পাণ্ডবাঃ সহ কৃষ্ণয়া ।
মনোজ্ঞে কাননবরে সর্ব্বর্ত্তুকুসুমোজ্জ্বলে ॥৭৪॥

ভারতকৌমুদী

তত্রেতি। ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরঃ। নরনারায়ণয়োঃ স্থানং তপশ্চরণদেশম্ ॥৭০॥
পশ্যন্ত ইতি। রেমিরে আনন্দুঃ। মধুস্রবফলং মধুস্রাবি বদরীফলম্ ॥৭১॥
তদিতি। মহাত্মান উদারচিত্তাঃ, মহাত্মানস্তীক্ষ্ণবুদ্ধয়ঃ, তে প্রসিদ্ধাঃ, তে পাণ্ডবাঃ ॥৭২॥
আলোকেতি। মৈনাকং পর্ব্বতম্, নানাদ্বিজগণৈর্বহুবিধপক্ষিসমূহৈঃ আযুতং সমন্বিতম্,

ভারতভাবদীপঃ

॥৬১—৬২॥ ব্রহ্মভূতৈর্ব্রহ্মবিদ্ভিঃ ব্রহ্মভাবং গতৈঃ। তথা চ শ্রুতিঃ—"ব্রহ্মবিদ্‌ব্রহ্মৈব ভবতি" ইতি ॥৬৩—৬৫॥ সৎকারং চক্রুরিতি শেষঃ ॥৬৬—৭১॥ তদুপেত্য স্থানং প্রাপ্য ॥৭২—৭৪॥

প্রীতিপূর্ব্বক মহর্ষিগণের আনীত সেই সকল উপহারদ্রব্য গ্রহণ করিয়া আনন্দিত হইয়া পাণ্ডুনন্দন ধর্ম্মরাজ যুধিষ্ঠির সংযতচিত্ত হইয়া দ্রৌপদী, ভ্রাতৃগণ ও বেদবেদাঙ্গপারদর্শী সহস্র সহস্র ব্রাহ্মণের সহিত ইন্দ্রভবন তুল্য শোভা-সম্পন্ন, দিব্য সৌরভে মনোহর, স্বর্গতুল্য ও পবিত্র সেই আশ্রমে প্রবেশ করিলেন ॥৬৭—৬৯॥

ধর্ম্মাত্মা যুধিষ্ঠির সেখানে প্রবেশ করিয়া দেবগণ ও দেবর্ষিগণের পূজিত এবং গঙ্গোপশোভিত নর-নারায়ণের তপস্যার স্থান দর্শন করিলেন ॥৭০॥

নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা সেখানে ব্রহ্মর্ষিগণসেবিত মধুস্রাবী দিব্য বদরীফল দর্শন করিয়া আনন্দিত হইলেন ॥৭১॥

উদারচেতা ও অসাধারণ বুদ্ধিমান্ পাণ্ডবগণ সেই নরনারায়ণস্থানে যাইয়া ব্রাহ্মণগণের সহিত বাস করিতে লাগিলেন এবং সেইখানেই তাঁহারা তখন আনন্দিত হইয়া বিচরণ করিতেন ॥৭২॥

তাহার নিকটে মৈনাকপর্ব্বত আছে, তাহার শৃঙ্গ সকল স্বর্ণময় এবং তাহার উপরে বহুবিধ পক্ষী বিচরণ করে; আর "বিন্দুসর"-নামে মঙ্গলময় প্রসিদ্ধ

পাদপৈঃ পুষ্পবিকচৈঃ ফলভারাবনামিভিঃ।
শোভিতে সর্ব্বতো রম্যৈঃ পুংস্কোকিলকুলাযুতৈঃ ॥৭৫॥
স্নিগ্ধপত্রৈরবিরলৈঃ শীতচ্ছায়ৈর্মনোরমৈঃ।
সরাংসি চ বিচিত্রাণি প্রসন্নসলিলানি চ ॥৭৬॥
কমলৈঃ সোৎপলৈশ্চৈব ভ্রাজমানানি সর্ব্বশঃ।
পশ্যন্তশ্চারুরূপাণি বেমিরে তত্র পাণ্ডবাঃ ॥৭৭॥ (কুলকম্)
পুণ্যগন্ধঃ সুখস্পর্শো ববৌ তত্র সমীরণঃ।
হ্লাদয়ন্ পাণ্ডবান্ সর্ব্বান্ দ্রৌপদ্যা সহিতান্ প্রভো ! ॥৭৮॥
ভাগীরথীং সুতীর্থাঞ্চ শীতাং বিমলপঙ্কজাম্।
মণিপ্রবালবিস্তারাং পাদপৈরুপশোভিতাম্ ॥৭৯॥

ভারতকৌমুদী

হিরণ্যশিখরং স্বর্ণময়শৃঙ্গম্। শিবং মঙ্গলময়ম্, তদ্বিন্দুসরশ্চ। কাননবরে শ্রেষ্ঠবনে। পুষ্পৈ-র্বিকচাঃ প্রফুল্লাস্তৈঃ। অবিরলৈর্ঘনৈঃ। চারুরূপাণি সরাংসীতি সম্বন্ধঃ ॥৭৩—৭৭॥

পুণ্যেতি। হ্লাদয়ন্ আনন্দয়ন্। প্রভো ইতি জনমেজয়সম্বোধনম্ ॥৭৮॥

ভাগীরথীমিতি। মহাত্মানঃ পাণ্ডবাস্তঃ, পরমদুর্গমে দেবর্ষিচরিতে তস্মিন্ দেশে,

ভারতভাবদীপঃ

পুষ্পবিকচৈর্বিকসিতকুসুমৈঃ ॥৭৫—৭৮॥ সীতাং নামতঃ প্রস্তাবঃ সোপানপাদগণাদিরূপঃ ঘট্ট ইত্যর্থঃ ॥৭৯—৮৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২০॥

একটী জলাশয় এবং মনোহর একটী বন আছে ; সেই বনে সকল ঋতুতেই ফুল থাকে ; আর ঘন ও মনোহর অনেক বৃক্ষ আছে, সেগুলি সর্ব্বদাই পুষ্পরাশিতে সুশোভিত, ফলভারে অবনত এবং কোকিলগণের কলরবে মুখরিত থাকে ; আর সেগুলির পত্র সকল স্নিগ্ধ এবং ছায়া শীতল ; আর বিচিত্র ও মনোহর অনেক সরোবর আছে ; সেগুলির জল নির্ম্মল এবং সেগুলি পদ্ম ও উৎপলে সর্ব্বদাই শোভা পাইতেছে ; এই সকল দর্শন করতঃ বিচরণ করিতে থাকিয়া পাণ্ডবগণ দ্রৌপদীর সহিত বিশেষ আনন্দ অনুভব করিতে লাগিলেন ॥৭৩—৭৭॥

রাজা ! তখন পবিত্রসৌরভ ও সুখস্পর্শ বায়ু দ্রৌপদীর সহিত সকল পাণ্ডবকেই আনন্দিত করিয়া বহিত হইত ॥৭৮॥

অত্যন্ত দুর্গম ও দেবর্ষিসেবিত সেই স্থানে বিচিত্র পুষ্প-ফলে পরিপূর্ণ, হৃদয়ের আনন্দবর্দ্ধক সেই বিশাল বদরীবৃক্ষের নিকট দিয়া শীতল ভাগীরথী-নদী প্রবাহিত হইতেছিল ; তাহাতে সুন্দর ঘাট, নির্ম্মল পদ্ম, মণি ও বিদ্রুমের

চিত্রপুষ্পফলাকীর্ণাং মনসঃ প্রীতিবর্দ্ধিনীম্ ।
বীক্ষমাণা মহাত্মানো বিশালাং বদরীমনু ॥৮০॥
তস্মিন্ দেবর্ষিচরিতে দেশে পরমদুর্গমে ।
ভাগীরথীপুণ্যজলে তর্পযাঞ্চক্রিরে পিতৄন্ ॥৮১॥ (বিশেষকম্)
দেবানৃষীংশ্চ কৌন্তেয়াঃ পরমং শৌচমাস্থিতাঃ ।
তত্র তে তর্পয়ন্তশ্চ জপন্তশ্চ কুরূদ্বহাঃ ।
ব্রাহ্মণৈঃ সহিতা বীরা হ্যবসন্ পুরুষর্ষভাঃ ॥৮২॥
কৃষ্ণায়াস্তত্র পশ্যন্তঃ ক্রীড়িতান্যমরপ্রভাঃ ।
বিচিত্রাণি নরব্যাঘ্রা রেমিরে তত্র পাণ্ডবাঃ ॥৮৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

ভারতকৌমুদী

চিত্রপুষ্পফলাকীর্ণাম্, মনসঃ প্রীতিবর্দ্ধিনীম্, বিশালাং বদরীং তরুম্, অনু লক্ষ্যীকৃত্য তৎসমীপে বিদ্যমানামিত্যর্থঃ, সুতীর্থাং শোভনঘট্টাম্, শীতাং শীতলাম্, বিমলপঙ্কজাম্, মণীনাং প্রবালানাঞ্চ বিস্তারা রাশযো যস্যাং তাম্, তীরস্থৈঃ পাদপৈরুপশোভিতাঞ্চ, ভাগীরথীম্, বীক্ষমাণাঃ সন্তঃ, ভাগীরথীপুণ্যজলে পিতৄন্ তর্পযাঞ্চক্রিরে ॥৭৯—৮১॥

দেবানিতি। পরমং দৈহিকং মানসিকঞ্চ, শৌচং পাবিত্র্যম্। ষট্পাদোঽযং শ্লোকঃ ॥৮২॥

কৃষ্ণায়া ইতি। তত্র স্থানে, ক্রীড়িতানি বিহারান্, তত্র তদানীম্ ॥৮৩॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

রাশি এবং তীরে অনেক বৃক্ষ ছিল; এহেন ভাগীরথী দর্শন করিতে থাকিয়া পাণ্ডবপ্রভৃতি সকলেই সেই ভাগীরথীর পবিত্র জলে পিতৃলোকের তর্পণ করিতে থাকিলেন ॥৭৯—৮১॥

এবং কুরুকুলশ্রেষ্ঠ, পুরুষপ্রধান ও মহাবীর পাণ্ডবেরা ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া পরম পবিত্রতা অবলম্বনপূর্ব্বক সেই ভাগীরথীজলে দেবগণ ও ঋষিগণের তর্পণ এবং ইষ্টমন্ত্র জপ করিতে থাকিয়া বাস করিতে লাগিলেন ॥৮২॥

আর, পুরুষশ্রেষ্ঠ ও দেবতুল্য পাণ্ডবগণ তখন সেখানে দ্রৌপদীর বিচিত্র বিচরণ দেখিতে থাকিয়া আনন্দ অনুভব করিতে লাগিলেন ॥৮৩॥

---

(৮০)···দিব্যপুষ্পসমাকীর্ণাম্—বা ব কা নি। * '···পঞ্চচত্বারিংশদধিক···'—বা ব কা, '···ষট্চত্বারিংশদধিক···'—পি, '···সপ্তচত্বারিংশদধিক···'—নি।

একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—০:০—

বৈশম্পায়ন উবাচ।

তত্র তে পুরুষব্যাঘ্রাঃ পরমং শৌচমাস্থিতাঃ।
ষড়্রাত্রমবসন্ বীরা ধনঞ্জয়দিদৃক্ষয়া ॥১॥
ততঃ পূর্ব্বোত্তরে বায়ুঃ পবমানো যদৃচ্ছয়া।
সহস্রপত্রমর্কাভং দিব্যং পদ্মমুপাহরৎ ॥২॥
তদবৈক্ষত পাঞ্চালী দিব্যগন্ধং মনোরমম্।
অনিলেনাহৃতং ভূমৌ পতিতং জলজং শুচি ॥৩॥
তচ্ছুভা শুভমাসাদ্য সৌগন্ধিকমনুত্তমম্।
অতীব মুদিতা রাজন্! ভীমসেনমথাব্রবীৎ ॥৪॥
পশ্য দিব্যং সুরুচিরং ভীম! পুষ্পমনুত্তমম্।
গন্ধসংস্থানসম্পন্নং মনসো মম নন্দনম্ ॥৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। শৌচং পবিত্রতাম্, আস্থিতাঃ স্নানাদিনা অবলম্বিতবন্তঃ ॥১॥
তত ইতি। পূর্ব্বোত্তরে ঈশানকোণাদাগত ইত্যর্থঃ, পবমানঃ পবিত্রতাজনকঃ ॥২॥
তদিতি। অবৈক্ষত অপশ্যৎ। জলজং পদ্মম্, শুচি পবিত্রম্ ॥৩॥
তদিতি। শুভা শুভলক্ষণা কৃষ্ণা, শুভং শুভসূচকম্, সৌগন্ধিকং সুরভি ॥৪॥
পশ্যেতি। অনুত্তমম্ অত্যুত্তমম্, গন্ধেন সৌরভেণ সংস্থানেন আকারেণ চ সম্পন্নম্ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—নরশ্রেষ্ঠ মহাবীর পাণ্ডবেরা অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় অত্যন্ত পবিত্র হইয়া সেই বদরিকাশ্রমেই ছয় দিন বাস করিলেন ॥১॥

তাহার পর ঈশানকোণ হইতে আগত পবিত্র বায়ু যদৃচ্ছাক্রমে সূর্য্যের ন্যায় অরুণবর্ণ স্বর্গীয় একটী সহস্রদল পদ্ম আনয়ন করিল ॥২॥

বায়ুকর্ত্তৃক আনীত দিব্যগন্ধ, মনোহর ও পবিত্র সেই পদ্মটী আসিয়া ভূতলে পতিত হইল; তাহা দ্রৌপদী দেখিলেন ॥৩॥

রাজা! তাহার পর শুভলক্ষণা দ্রৌপদী শুভসূচক, সৌরভসম্পন্ন ও অত্যুত্তম সেই পদ্মটী পাইয়া অত্যন্ত আনন্দিত হইয়া ভীমকে বলিলেন—॥৪॥

"মধ্যমপাণ্ডব! অতিসুন্দর ও অত্যুত্তম এই স্বর্গীয় পুষ্পটী দর্শন করুন;

---

(১)…ধনঞ্জয়দিদৃক্ষবঃ—বা ব কা। (৩) তদপশ্যত—পি।

ইদঞ্চ ধর্ম্মরাজায় প্রদাস্যামি পরন্তপ ! ।
হরেদং মম কামায় কাম্যকে পুনরাশ্রমে ॥৬॥
যদি তেঽহং প্রিয়া পার্থ ! বহ্বীমান্যুপাহর ।
তান্যহং নেতুমিচ্ছামি কাম্যকং পুনরাশ্রমম্ ॥৭॥
এবমুক্ত্বা তু পাঞ্চালী ভীমসেনমনিন্দিতা ।
জগাম ধর্ম্মরাজায় পুষ্পমাদায় ভাবিনী ॥৮॥
অভিপ্রায়ন্তু বিজ্ঞায় মহিষ্যাঃ পুরুষর্ষভঃ ।
প্রিয়ায়াঃ প্রিযকামঃ স প্রায়াদ্ভীমো মহাবলঃ ॥৯॥
বাতং তমেবাভিমুখো যতস্তৎ পুষ্পমাগতম্ ।
আজিহীর্ষুর্জগামাশু স পুষ্পাণ্যপরাণ্যপি ॥১০॥

ভারতকৌমুদী

ইদমিতি। হব আহব, ইদম্ এতজ্জাতীযম্, কামায কামনাপূবণায ॥৬॥
যদীতি। ইমানি এতজ্জাতীযানি পদ্মানি। কাম্যকং কাম্যকবনস্থম্ ॥৭॥
এবমিতি। ধর্মবাজাযেতি "গত্যর্থকর্ম্মণি—" ইত্যাদিনা চতুর্থী। ভাবিনী অনুবাগবতী ॥৮॥
অভীতি। প্রিযাযা দ্রৌপদ্যাঃ। প্রাযাৎ তৎ পুষ্পমানেতুমিতি ভাবঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

তত্রেতি ॥১॥ পূর্ব্বোত্তবে ঈশানকোণে ॥২—৩॥ শুভা কল্যাণী, শুভং শোভাযুতম্, সৌগন্ধিকং পদ্মজাতিভেদঃ ॥৪॥ গন্ধেতি। সংস্থানমাকাবঃ ॥৫॥ হব আহব, ইদমেতজ্জাতীযম্

ইহাব সৌবভও চমৎকার, আকৃতিও সুন্দব এবং ইহা আমার চিত্তের আহ্লাদ জন্মাইতেছে ॥৫॥

অতএব পবন্তপ! পুনরায় কাম্যকবনে যাইয়া আমি ইহা ধর্ম্মরাজকে প্রদান কবিব; সুতবাং আমাব অভীষ্ট পূবণেব জন্য আপনি ইহা আনয়ন করুন ॥৬॥

পৃথানন্দন! আমি যদি আপনাব প্রিয়া হই, তবে আপনি এই জাতীয় বহুতব পদ্ম আনয়ন করুন; আমি সেগুলি কাম্যকবনে লইযা যাইতে ইচ্ছা করি" ॥৭॥

ভীমকে এইরূপ বলিয়া যশস্বিনী ও অনুবাগবতী দ্রৌপদী সেই ফুলটী লইয়া যুধিষ্ঠিবের নিকট গমন কবিলেন ॥৮॥

এদিকে পুরুষশ্রেষ্ঠ মহাবল ভীমসেনও প্রিয়তমা মহিষী দ্রৌপদীর অভিপ্রায় বুঝিয়া তাঁহারই প্রিয়কার্য্য কবিবার ইচ্ছায় প্রস্থান কবিলেন ॥৯॥

(৮) এবমুক্ত্বা শুভাপাঙ্গী···জগাম পুষ্পমাদায ধর্ম্মবাজায তত্তদা—বা ব কা। (৯)··· প্রায়াদ্ভীমপবাক্রমঃ—পি।

রুক্মপৃষ্ঠং ধনুর্গৃহ্য শরাংশ্চাশীবিষোপমান্।
মৃগরাড়িব সংক্রুদ্ধঃ প্রভিন্ন ইব কুঞ্জরঃ ॥১১॥ (যুগ্মকম্)
দদৃশুঃ সর্ব্বভূতানি মহাবাণধনুর্দ্ধরম্।
ন গ্লানির্ন চ বৈক্লব্যং ন ভয়ং ন চ সম্ভ্রমঃ ॥১২॥
কদাচিজ্জুষতে পার্থমাত্মজং মাতরিশ্বনঃ।
দ্রৌপদ্যাঃ প্রিয়মন্বিচ্ছন্ স বাহুবলমাশ্রিতঃ ॥১৩॥
ব্যপেতভয়সম্মোহঃ শৈলমভ্যপতদ্বলী।
স তং দ্রুমলতাগুল্ম-চ্ছন্নং নীলশিলাতলম্ ॥১৪॥ (বিশেষকম্)
গিরিং চচারারিহরঃ কিন্নরাচরিতং শুভম্।
নানাবর্ণধরৈশ্চিত্রং ধাতুদ্রুমমৃগাণ্ডজৈঃ ॥১৫॥

ভারতকৌমুদী

বাতমিতি। আজিহীর্ষুঃ আহর্ত্তুমিচ্ছুঃ, তমেব বাতম্ অভি লক্ষ্যীকৃত্য স্থিতং মুখং যস্য সঃ। রুক্মপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্, গৃহ্য গৃহীত্বা। মৃগরাট্ সিংহঃ। প্রভিন্নো মদস্রাবী ॥১০—১১॥

দদৃশুরিতি। গ্লানিঃ শ্রমঃ, বৈক্লব্যং বিহ্বলতা, সম্ভ্রমো ব্যস্ততা। জুষতে সেবতে আশ্রয়তীত্যর্থঃ। পার্থং ভীমম্, মাতরিশ্বনো বায়োরাত্মজম্। স ভীমঃ ॥১২—১৪॥

অথ ষড্‌ভিঃ শ্লোকৈঃ কুলকেন গমনং বর্ণয়তি—গিরিমিতি। অরিহরঃ শত্রুহন্তা,

ভারতভাবদীপঃ

॥৬—১০॥ প্রভিন্নো মত্তঃ ॥১১॥ গ্লানিবৈক্লব্যে দেহচিত্তয়োরবসাদৌ, ভয়ং তৎকারণং স্বোচ্ছেদবুদ্ধিঃ, ভয়াভাবাদেব ময়া যত্নেন গন্তব্যমিত্যাদরঃ সম্ভ্রমঃ ॥১২॥ সোঽপি তং ন জুষতে

ভীমসেন স্বর্ণখচিত ধনু এবং সর্পতুল্য বাণসমূহ লইয়া—যাহা হইতে সেই ফুলটী আসিয়াছিল, সেই বায়ুরই অভিমুখ হইয়া আরও বহুতর পুষ্প আনয়ন করিবার ইচ্ছায় ক্রুদ্ধ সিংহ ও মদস্রাবী হস্তীর ন্যায় দ্রুত গমন করিতে লাগিলেন ॥১০—১১॥

তখন সকল প্রাণীই, মহাবাণ-কার্ম্মুকধারী ভীমসেনকে দেখিতে লাগিল। পরিশ্রম, বিহ্বলতা, ভয় ও ব্যস্ততা ইহার কোনটাই কখনও পবননন্দন ভীমসেনকে আশ্রয় করে নাই; তাই সেই অবস্থায়ই বলবান্ ভীমসেন আপন বাহুবল অবলম্বন করিয়া দ্রৌপদীর প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় ভয় ও মোহ পরিত্যাগপূর্ব্বক বৃক্ষ, লতা ও গুল্মে আবৃত এবং নীলশিলাব্যাপ্ত পর্ব্বতের অভিমুখে গমন করিতে লাগিলেন ॥১২—১৪॥

তাহার পর তিনি সেই মঙ্গলময় পর্ব্বতে কিছু কাল বিচরণ করিলেন; সে পর্ব্বতে কিন্নরগণ বিচরণ করিত এবং নানাবর্ণের ধাতু, বৃক্ষ, পশু ও পক্ষী ছিল;

সর্ব্বভূষণসম্পূর্ণং ভূমের্ভুজমিবোচ্ছ্রিতম্ ।
সর্ব্বর্ত্তুরমণীয়েষু গন্ধমাদনসানুষু ॥১৬॥
সক্তচক্ষুরভিপ্রায়ান্ হৃদয়েনানুচিন্তয়ন্ ।
পুংস্কোকিলনিনাদেষু ষট্পদাচরিতেষু চ ॥১৭॥
বদ্ধশ্রোত্রমনশ্চক্ষুর্জগামামিতবিক্রমঃ ।
আজিঘ্রন্ স মহাতেজাঃ সর্ব্বর্ত্তুকুসুমোদ্ভবম্ ॥১৮॥
গন্ধমুদ্ধতমুদ্দামো বনে মত্ত ইব দ্বিপঃ ।
বীজ্যমানঃ সুপুণ্যেন নানাকুসুমগন্ধিনা ॥১৯॥
পিতুঃ সংস্পর্শশীতেন গন্ধমাদনবায়ুনা ।
হ্রিয়মাণশ্রমঃ পিত্রা সম্প্রহৃষ্টতনূরুহঃ ॥২০॥ (কুলকম্)

ভারতকৌমুদী

অমিতবিক্রমঃ, মহাতেজাশ্চ স ভীমসেনঃ, সর্ব্বর্ত্তুরমণীয়েষু, গন্ধমাদনস্য সানুষু সমতলদেশেষু, সক্তচক্ষুঃ সৌন্দর্য্যাতিশয়াৎ লগ্ননয়নঃ, অভিপ্রায়ান্ অভিপ্রেতবিষয়ান্ শত্রুজয়াদীন্, হৃদয়েন অনুচিন্তয়ন্, পুংস্কোকিলনিনাদেষু, ষট্পদানাং ভ্রমরাণাম্ আচরিতেষু বিচরণেষু চ, বদ্ধানি চমৎকারিত্বাদ্‌যথাসম্ভবং নিবেশিতানি শ্রোত্রমনশ্চক্ষূংষি যেন সঃ, সর্ব্বর্ত্তুকুসুমোদ্ভবম্ উদ্ধতম্ অভিনবত্বাৎ প্রবলং গন্ধম্, আজিঘ্রন্, তথা সাধারণপুত্রান্তিকে সাধারণস্য পিতুঃ সংস্পর্শবৎ শীতঃ শীতলস্তেন, সুপুণ্যেন অতিপবিত্রেণ, নানাকুসুমগন্ধিনা, পিত্রা স্বজনকেন, গন্ধমাদন-বায়ুনা, বীজ্যমানঃ, অতএব হ্রিয়মাণশ্রমঃ, আশ্চর্য্যাচ্চ সম্প্রহৃষ্টতনূরুহঃ রোমাঞ্চিতদেহশ্চ সন্, বনে মত্তো দ্বিপো হস্তীব, উদ্দাম উদ্রিক্তদর্পশ্চ সন্, কিন্নরৈঃ আচরিতং সমন্তাদ্বিচরিতম্, শুভং মঙ্গলকরম্, নানাবর্ণধরৈঃ, ধাতবো গৈরিকাদয়ঃ দ্রুমা বৃক্ষাঃ মৃগাঃ পশবঃ অণ্ডজাঃ পক্ষিণশ্চ তৈঃ, চিত্রং বিচিত্রীকৃতম্, অতএব সর্ব্বভূষণসম্পূর্ণম্, উচ্ছ্রিতম্ উত্তোলিতম্, ভূমেঃ পৃথিব্যাঃ ভুজমিব স্থিতম্, গিরিং পর্ব্বতম্, চচার বভ্রাম, পরং জগাম চ ॥১৫—২০॥

তাহাতে সকল অলঙ্কারে অলঙ্কৃত পৃথিবীর উত্তোলিত একখানি বাহুর ন্যায় সে পর্ব্বতটীকে দেখা যাইতেছিল। তদনন্তর ভীমসেন অভিপ্রেত বিষয় মনে মনে চিন্তা করিতে থাকিয়া গমন করিতে লাগিলেন; তখন সকল ঋতুতেই রমণীয় গন্ধমাদনপর্ব্বতের সমতলস্থানে তাঁহার দৃষ্টি আকৃষ্ট হইতে থাকিল; কোকিলের রবে কর্ণ ও মন নিবিষ্ট হইতে লাগিল; কোথাও ভ্রমরের ভ্রমণ নয়ন আকর্ষণ করিল; কোথাও সমস্ত ঋতুতেই উৎপন্ন পুষ্পসমূহের উদ্দাম গন্ধ আঘ্রাণ করিলেন এবং পুত্রের নিকট পিতার সংস্পর্শ যেমন শীতল হয়, তেমনই শীতল, পবিত্র ও নানাকুসুমসৌরভবাহী গন্ধমাদনচারী পিতা বায়ু আসিয়া বীজন করিয়া তাঁহার পরিশ্রম দূর করিতে লাগিলেন; এই অবস্থায় অমিত-

স যক্ষগন্ধর্ব্বসুরব্রহ্মর্ষিগণসেবিতম্।
বিলোকয়ামাস তদা পুষ্পহেতোররিন্দমঃ ॥২১॥
বিষমচ্ছদরচিতৈরনুলিপ্ত ইবাঙ্গুলৈঃ।
বিমলৈর্ধাতুবিচ্ছেদৈঃ কাঞ্চনাঞ্জনরাজতৈঃ ॥২২॥
সপক্ষমিব নৃত্যন্তং পার্শ্বলগ্নৈঃ পয়োধরৈঃ।
মুক্তাহারৈরিব চিতং চ্যুতং প্রস্রবণোদকৈঃ ॥২৩॥
অভিরামদরীকুঞ্জ-নির্ঝরোদককন্দরম্।
অপ্সরোনূপুররবৈঃ প্রনৃত্তবরবর্হিণম্ ॥২৪॥
দিগ্বারণবিষাণাগ্রৈর্ঘৃষ্টোপলশিলাতলম্।
স্রস্তাংশুকমিবাক্ষোভ্যৈর্নিম্নগানিঃসৃতৈর্জলৈঃ ॥২৫॥ (কুলকম্)

ভারতকৌমুদী

অথ পঞ্চভিঃ কুলকেন পুষ্পান্বেষণং বর্ণয়তি—স ইতি। তদা অরিন্দমঃ স ভীমঃ, বিষমৈ-রুচ্চাবচৈশ্ছদৈর্বৃক্ষপত্রৈ রচিতাঃ কৃতাস্তৈর্বৃক্ষপত্ররূপৈরিত্যর্থঃ, অঙ্গুলৈরঙ্গুলীভিঃ, কাঞ্চনাঞ্জন-রাজতৈঃ স্বর্ণকজ্জলরজতবর্ণৈঃ, বিমলৈঃ, ধাতুবিচ্ছেদৈঃ বিচ্ছিন্নৈর্গৈরিকাদিধাতুভিঃ করণৈঃ, পর্ব্বতেনৈব কর্ত্রা, অনুলিপ্ত ইব সন্, পুষ্পহেতোঃ যক্ষগন্ধর্ব্ব-সুরব্রহ্মর্ষিগণসেবিতম্, পার্শ্বলগ্নৈঃ পয়োধরৈর্মেঘৈঃ, সপক্ষং নৃত্যন্তমিব স্থিতম্, পার্শ্বলগ্নমেঘানাং পক্ষব-চ্চলনাদিতি ভাবঃ, প্রস্রবণোদকৈর্নির্ঝরজলৈঃ, চ্যুতং স্নপিতম্, অতএব মুক্তাহারৈশ্চিতং ব্যাপ্তমিব স্থিতম্, নির্ঝরজলানাং মুক্তাহারতুল্যশুভ্রবর্ণত্বাদিত্যাশয়ঃ, অভিরামাঃ সুন্দরাঃ দর্য্যো গুহাঃ কুঞ্জা লতাদ্যাবৃতস্থানানি নির্ঝরোদকানি কন্দরা গর্ত্তাশ্চ যস্য তম্, "কন্দরো-ঽঙ্কুশে। বিবরে চ গুহায়াঞ্চ" ইতি হেমচন্দ্রঃ, অপ্সরোনূপুররবৈঃ প্রনৃত্তা বরাঃ শ্রেষ্ঠা বর্হিণো

ভারতভাবদীপঃ

সেবতে। তত্র হেতুঃ—আত্মজমিতি। মাতরিশ্বনো বায়োঃ সার্থঃ ॥১৩—১৬॥ অভিপ্রায়ান্ দেবঋষিগন্ধর্ব্বাদিলীলোন্নয়নহেতূন্ পুষ্পকুশাদিসংস্তরান্ ॥১৭—১৯॥ পিতুর্যথা পুত্রস্পর্শঃ শীতত্বাদৃক্ স্পর্শবতা বায়ুনেত্যর্থঃ। পিত্রা বায়ুনা ॥২০—২১॥ ধাতুবিচ্ছেদৈর্ধাতুভেদৈঃ। অঙ্গুলৈরিব বিষমচ্ছদৈঃ সপ্তপর্ণাদিভির্নানাধাতুরঞ্জিতপত্রৈঃ রচিতৈঃ, বলিভিস্ত্রিপুণ্ড্রাদ্যৈরনু-লিপ্ত ইবেত্যর্থঃ। আঞ্জনেতি কৃষ্ণধাতুগ্রহণং পীতকৃষ্ণশ্বেতধাতুভিরিত্যর্থঃ ॥২২॥ পয়োধরৈ-র্মেঘৈঃ ॥২৩॥ দরী বিলগৃহম্, কন্দরং মহাপ্রপাতঃ, অভিরামা দরীপ্রভৃতয়ো যস্মিন্ ॥২৪॥ বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ। "বিষাণং কুষ্টকে ক্লীবং স্ত্রিয়ু শৃঙ্গেভদন্তয়ো"রিতি মেদিনী। শিলাঃ

বিক্রম, মহাতেজা ও শত্রুহন্তা ভীমসেন বনে মত্ত হস্তীর ন্যায় উদ্দামবেগে চলিতে লাগিলেন ॥১৫—২০॥

তখন শত্রুদমনকারী ভীমসেন পদ্মপুষ্প লইবার জন্য সেই পর্ব্বতটা পর্য্য-বেক্ষণ করিতে থাকিলেন। সে পর্ব্বতে দেবতা, যক্ষ, গন্ধর্ব্ব ও ব্রহ্মর্ষিগণ বিচরণ

(২২) বিষমচ্ছেদরচিতৈঃ—পি।

সশষ্পকবলৈঃ স্বস্থৈবদূরপরিবর্ত্তিভিঃ।
ভয়ানভিজ্ঞৈর্হরিণৈঃ কৌতূহলনিরীক্ষিতঃ ॥২৬॥
চালয়ন্নুরুবেগেন লতাজালান্যনেকশঃ।
আক্রীড়মানো হৃষ্টাত্মা শ্রীমান্ বায়ুসুতো যযৌ ॥২৭॥ (যুগ্মকম্)
প্রিয়ামনোরথং কর্ত্তুমুদ্যতশ্চারুলোচনঃ।
প্রাংশুঃ কনকবর্ণাভঃ সিংহসংহননো যুবা ॥২৮॥
মত্তবারণবিক্রান্তো মত্তবারণবেগবান্।
মত্তবারণতাম্রাক্ষো মত্তবারণবারণঃ ॥২৯॥

ভারতকৌমুদী

ময়ূরা যত্র তম্, দিগ্বারণানাং দিগ্দন্তিনাং বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ, ঘৃষ্টানি উপলা বপ্রাণি শিলাতলানি চ যস্য তম্, তথা অক্ষোভ্যৈর্বেগাতিশয়াদ্বায়ুনা অচালনীয়ৈঃ, নিম্নগায়া নদ্যা নিঃসৃতৈর্জলৈঃ করণৈঃ, স্রস্তাংশুকমিব স্খলিতবস্ত্রমিব, নদীজলানাং নিম্নগমনাদ্বস্ত্রবৎ শুভ্রত্বাচ্চেতি ভাবঃ, বিলোকয়ামাস গিরিমিত্যন্বয়ঃ ॥২১—২৫॥

পুনর্গমনমেব বর্ণয়তি দ্বাভ্যাং যুগ্মকেন—সশষ্পেতি। হৃষ্টাত্মা শ্রীমান্ বায়ুসুতো ভীমঃ, সশষ্পকবলৈঃ মুখপ্রবেশিতঘাসসহিতৈঃ, স্বস্থৈঃ স্বস্বস্থান এব স্থিতৈঃ, অদূরপরিবর্ত্তিভিঃ অদূরস্থিতৈঃ, ভয়ানভিজ্ঞৈর্হরিণৈঃ, কৌতূহলনিরীক্ষিতঃ, উরুবেগেন দেহস্য মহতা বেগেন, অনেকশো লতাজালানি চালয়ন্, আক্রীড়মানো বিশেষেণ ক্রীড়ন্নিব চ সন্, যযৌ ॥২৬—২৭॥

ইদানীং চতুর্ভিঃ কলাপকেন পুষ্পান্বেষণায় ভীমস্য বিচরণং বর্ণয়তি—প্রিয়েতি। প্রাংশুঃ

করিতেন। আর, মেঘসমূহ আসিয়া পার্শ্বে লাগিতেছিল এবং চলিতেছিল, তাহাতে পর্ব্বতটা যেন নাচিতেছিল এবং নির্ঝরের জল পড়িতেছিল, তাহাতে পর্ব্বতটা যেন মুক্তার হারে ব্যাপ্ত ছিল; আর তাহার গুহা, কুঞ্জ, নির্ঝরের জল ও গর্ত্ত মনোহর ছিল; অপ্সরাদের নূপুরের রবে ময়ূরগণ নৃত্য করিতেছিল; দিগ্‌-হস্তিগণের দন্তাগ্রে তাহার বপ্র ও প্রস্তরসমূহ ঘর্ষিত ছিল এবং নিস্পন্দ নদীর জল নীচে গিয়াছিল, তাহাতে পর্ব্বতটার পরিহিত বস্ত্র যেন স্খলিত হইয়াছিল ॥২১—২৫॥

হৃষ্টচিত্ত ও সুন্দরাকৃতি ভীমসেন শরীরের গুরুতর বেগে অনেক লতাসমূহ সঞ্চালিত করিয়া ক্রীড়া করিতে করিতেই যেন গমন করিতে লাগিলেন; তখন অদূরবর্ত্তী নির্ভয়চিত্ত হরিণগুলি মুখের ভিতরে ঘাস রাখিয়া এবং স্ব স্ব স্থানে থাকিয়াই কৌতুকের সহিত তাঁহাকে দেখিতে থাকিল ॥২৬—২৭॥

তদনন্তর সুন্দরনয়ন, উন্নতদেহ, কাঞ্চনবর্ণ, সিংহের ন্যায় দৃঢ়শরীর, মত্ত হস্তীর

---

(২৬) সশষ্পকবলৈঃ সুস্থৈঃ—পি। (২৭) চালয়ানঃ স বেগেন—বা ব কা।

প্রিয়পার্শ্বোপবিষ্টাভির্ব্যাবৃত্তাভির্বিচেষ্টিতৈঃ।
যক্ষগন্ধর্ব্বযোষাভিরদৃশ্যাভির্নিরীক্ষিতঃ ॥৩০॥
নবাবতারো রূপস্য বিক্রীড়ন্নিব পাণ্ডবঃ।
চচার রমণীয়েষু গন্ধমাদনসানুষু ॥৩১॥ (কলাপকম্)
সংস্মরন্ বিবিধান্ ক্লেশান্ দুর্য্যোধনকৃতান্ বহূন্।
দ্রৌপদ্যা বনবাসিন্যাঃ প্রিয়ং কর্ত্তুং সমুদ্যতঃ ॥৩২॥
সোঽচিন্তয়দ্গতে স্বর্গমর্জ্জুনে ময়ি চাগতে।
পুষ্পাহেতোঃ কথং স্বার্য্যঃ করিষ্যতি যুধিষ্ঠিরঃ ॥৩৩॥ (যুগ্মকম্)
স্নেহান্নরবরো নূনমবিশ্বাসাদ্বলস্য চ।
নকুলং সহদেবঞ্চ ন মোক্ষ্যতি যুধিষ্ঠিরঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

